ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে গত ৩১ ডিসেম্বর তারিখ রাত্র আন্দাজ ৯ ঘণ্টার সময় চৌকী সুতানুটীর পানশীর প্যারী মাঝীপ্রভৃতি কর্ত্তৃক হুগলী নদীর উপর একখানা ডিঙ্গী নৌকায় ৩ বস্তা পাঙ্গা নেমক মোওয়াজী ৪৮৪॥ শের মোন ধৃত হওয়ায় উক্ত নেমক মায় নৌকাদি চৌকী সুতানুটীর দারগার জিম্মায় আছে অতএব যে কেহ উক্ত নেমকইত্যাদির দাবি রাখে তাহার উচিৎ যে ন্যূনে ১ মাস মধ্যে এপক্ষের শর্ম্মীপে উপস্থিত হইয়া আপনং দাওয়া করে নচেৎ উক্ত নেমক সংক্রান্ত মোকদ্দমা আগামি ৮ ফিব্রুআরি তারিখে অত্রস্থ শ্রীযুত জুষ্টিস অফ দী পীস সাহেবের হজুরে অর্পণ ও বিচার হইবেক পরে কোন দাওয়া শুনা যাইবেক না ইতি।

ডবলিউ এল ওএন। কলিকাতার নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALFRED DUMAT, an Insolvent.

It is ordered that the said Insolvent do within two months from this date file a Schedule of his separate debts, estate and effects in this Court. Further ordered that Saturday, the first day of March next, be appointed for the hearing of the petition of Charoochunder Ghose, a creditor in this matter, and further ordered that all the separate creditors having any claim on the estate of the Insolvent do within one week before the first day of March next, file with the Chief Clerk of this Court a statement of the amount of their respective claims against the separate estate of the said Insolvent duly verified by Affidavit, dated 23rd November, 1861.

JOHN R. SHIRCORE, *Attorney.* R. BELCHAMBERS, *Chief Clerk.*

কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন আলফ্রেড ডুমাট সাহেবের বিষয়ে।

আজ্ঞা হইয়াছে যে উক্ত যোত্রহীন অদ্যকার তারিখঅবধি দুই মাসের মধ্যে আপনার স্বতন্ত্র কর্জ্জের ও ইষ্টেটের ও সম্পত্তির ফর্দ্দ এই আদালতে উপস্থিত করেন। আরো আজ্ঞা হইল যে এই বিষয়ে চারুচন্দ্র ঘোষ নামক এক জন মহাজনের দরখাস্ত শুনিবার নিমিত্তে আগামি মার্চ মাসের প্রথম তারিখ শনিবার নির্দ্ধারিত হয় আরো আজ্ঞা হইল যে উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর যে সকল মহাজনের স্বতন্ত্র দাওয়া থাকে, তাঁহারা উক্ত যোত্রহীনের স্বতন্ত্র ইষ্টেটের উপর যত টাকার দাওয়া করেন, তত টাকার কৈফিয়ৎ আফিডেবিটক্রমে উপযুক্তমতে দৃঢ় করিয়া আগামি মার্চ মাসের ১ তারিখের পূর্ব্বে এক সপ্তাহের মধ্যে এই আদালতের প্রধান ক্লার্ক সাহেবের নিকটে দাখিল করেন ইতি। ১৮৬১ সাল ২৩ নবেম্বর।

আর বেলচেম্বর্স। প্রধান ক্লার্ক।

জানআর শরকোর।
উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ড বিধির আইন ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া শ্রীরামপুরের যন্ত্রালয়ে উত্তম কাগজে ও উত্তম অক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ টাকামাত্র

ইস্তেহার।

আগামি ওকালত ও মুনসেফী পদের পরীক্ষার্থে গবর্ণমেণ্টের হুকুমক্রমে যে সকল পুস্তকাদি ধার্য্য হইয়াছে তন্মধ্যে মেকলাটিন লঃ ও এলবরলিৎ অর্থাৎ শরা ও শাস্ত্র এবং শ্রীলশ্রীযুক্ত মাকফরসন সাহেবের কৃত পুস্তক প্রশংসিত সাহেবের অনুমতিমতে উর্দ্দু ও বঙ্গ ভাষায় অনুবাদ হইয়া আমার যন্ত্রালয়ে মুদ্রিত হইতেছে সমাপ্তান্তে মূল্য অবধারিতপূর্ব্বক পুনঃসংবাদ দেওয়া যাইবেক ইতি ১৮৬১ সাল তাং ৩১ ডিসেম্বর।

শ্রীমহম্মদ ইছমাইল। সদর উকীল।

[*Government Gazette, 7th January*, 1862.]

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ডবিধির আইন নির্ঘণ্ট সহ শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২ টাকা মাত্র।

আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন নির্ঘণ্ট সহ উক্ত যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। পূর্ব্বোক্ত দণ্ডবিধির আইন যে স্থলে যেরূপে খাটে ও ফৌজদারী মোকদ্দমার বিচারাদি কার্য্য যেরূপে করিতে হইবে তাহা এই আইনেতে ব্যক্ত হইয়াছে। মূল্য ২ ॥০ টাকা মাত্র।

আরো দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ১৮৬১ সালের ২৩ আইনঅনুসারে সংশোধিত হইয়া উক্ত যন্ত্রালয়ে পুনশ্চ মুদ্রাঙ্কিত হইতেছে আগামি জানুআরি মাসের মধ্যে বিক্রয়ার্থে প্রস্তুত হইবেক। মূল্য ২ ॥০ টাকা মাত্র।

উক্ত পুস্তকত্রয় যাঁহারদের প্রয়োজন থাকে তাঁহারা শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের অনুবাদক জান রাবিনসন সাহেবের নিকটে কিম্বা কলিকাতায় ডিরোজারিও সাহেবের পুস্তকালয়ে কিম্বা নূতন চিনা বাজারের ৬৭ নম্বর বাটীতে শ্রীপদ্মলোচন নাথের নিকটে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। ডাকযোগে পুস্তক পাঠাইতে হইলে মূল্যাতিরিক্ত ডাকমাসুলও লাগিবে।

বিজ্ঞাপন।

১৮৬১ সালের ৫ আইন অর্থাৎ পোলীস কর্ম্মকারকদিগের নূতন নিয়ম ও ২৫ আইন অর্থাৎ ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইন এতদুভয় আইন একত্রে মুদ্রিত হইয়া বিক্রয় হইতেছে মূল্য ২৲ টাকা এবং ঐ ২৫ আইন ইংরাজী ও বাঙ্গলাতে মুদ্রিত হইতেছে অরায় প্রস্তুত হইবেক মূল্য ৩৲ তিন টাকা পরন্তু ভারতবর্ষের দণ্ডবিধান নামক ৪৫ আইন মূল্য ২৲ টাকা মাত্র ইতি।

কলিকাতা চিৎপুর রোড বিদ্যারত্ন যন্ত্র ২৪৬ নং বাটী।

শ্রীবেণীমাধব দে।

বজ্ঞাপন।

ইহাতে সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইন মুদ্রাঙ্কন হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ডাক মাসুল সমেত ২/০ টাকা

উপরোক্ত আইনে পোলীসের যে নূতন বিধান হইয়াছে তাহার সারমর্ম্ম মূল্য ডাকমাসুলসমেৎ ।৷০ আনা।

উক্ত পুস্তক যাঁহার প্রয়োজন হয় হুগলি জিলার জাহানাবাদ থানার নায়েব দারগা শ্রীদ্বারকা নাথ বন্দ্যোপাধ্যায়ের নিকটে মূল্য সহ পত্র লিখিলে প্রাপ্ত হইবেন। মূল্যের টাকা মোট, কি হুণ্ডি, বা ৲১০ কি /০ আনার হারে পোষ্টাম্প দ্বারা পাঠাইলে হইতে পারিবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৭ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1172 ১১৭২) (৩১.)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 14, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ১৪ জানুআরি।

অশুদ্ধ শোধন।

গত বৎসরের ২৬ নবেম্বর তারিখের বাঙ্গলা গেজেটের ৭২৮ পৃষ্ঠায় E চিহ্নিত পাঠের শিরোভাগের কথায় "১৮৫ ধারা" পাঠ না করিয়া "১৫৮ ধারা" পাঠ করিতে হইবেক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 18.

From Lord H. Ulick Browne, Register of the Nizamut Adawlut, to the Criminal Authorities, in the Lower Provinces.

Dated, Calcutta, the 12th December 1861.

I am directed to remind you that the Penal Code and the Code of Criminal Procedure (as modified by Act XXXIII. of 1861) will come into operation on the 1st of January 1862, and to call your attention to some of the most important provisions of the Code of Procedure.

Chapter I.—This Chapter contains definitions, and Sections 9, 14, 15, 16, and 17, require your careful attention.

Chapter II.—Section 22 states the powers of the different grades of officers authorized to punish for breaches of Criminal laws, and beyond those limits the several Officers are not empowered, under any circumstances, to pass sentence, whatever the measure of punishment which is prescribed by the Penal Code for different offences. With this Section it is advisable to consider Section 45 of the Code of Procedure, as also Sections 64 and 65 of the Penal Code; and it is to be observed also that the principle laid down in Section 65 of the Penal

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১৮ নম্বর।

বাঙ্গলা প্রভৃতি দেশের ফৌজদারী শ্রীযুত কার্য্যকারক সাহেবেরদের নিকটে নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত লার্ড এচ ইউলিক ব্রৌন সাহেবের পত্র।—কলিকাতা ১৮৬১ সাল ১২ ডিসেম্বর।

আমি আজ্ঞাক্রমে তোমারদিগকে স্মরণ করাইতেছি যে দণ্ডবিধির আইন ও (১৮৬১ সালের ৩৩ আইনদ্বারা মতান্তর করা) ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন, ১৮৬২ সালের জানুআরি মাসের ১ তারিখঅবধি প্রচলিত হইবে, ও কার্য্যবিধানের উক্ত আইনের অতি গুরুতর কএক বিধান বিষয়ে তোমারদিগকে মনোযোগ করাইতেছি।

১ অধ্যায়।—এই অধ্যায়ে নানা শব্দের অর্থ প্রকাশ হইয়াছে। ও ৯ ও ১৪ ও ১৫ ও ১৬ ও ১৭ ধারাতে তোমারদের অত্যন্ত মনোযোগ করা প্রয়োজন।

২ অধ্যায়।—ভিন্ন২ শ্রেণীর যে কার্য্যকারকেরা ফৌজদারী আইন উল্লঙ্ঘন দোষের দণ্ড করিতে ক্ষমতাপন্ন হন, তাঁহারদের ক্ষমতা ২২ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে। ও সেই সীমার অতিরিক্ত দণ্ডাজ্ঞা করিতে নানা কার্য্যকারকেরা কোন গতিকে ক্ষমতাপন্ন নহেন। ভিন্ন২ অপরাধের দণ্ডের যে কোন পরিমাণ দণ্ডবিধির আইনেতে নির্দ্দিষ্ট হউক, তাঁহারদের উক্ত সীমার অতিরিক্ত দণ্ড করিবার ক্ষমতা নাই। উক্ত ২২ ধারার সঙ্গে কার্য্যবিধানের আইনের ৪৫ ধারা ও দণ্ডবিধির আইনের ৬৪ ও ৬৫ ধারা বিবেচনাকরা উচিত। আরো মন্তব্য যে ফৌজদারী ক্ষমতাক্রমে যে সকল কার্য্যকারক কর্ম্ম করেন

Code is to be followed by all Officers whatever exercising criminal jurisdiction.

Your attention is requested to the Schedule attached to the Act and referred to in Section 22. The explanatory notes prefixed to the Schedule should be carefully perused and kept in mind, especially the 5th note by which the words "Magistrate of the District" are taken to include Officers acting judicially and falling within the definitions laid down in Sections 14 and 16, and in Section 15 as far as the word "all."

Section 29 provides for jurisdiction when an offence is committed on a boundary or boundaries of two or more Districts.

The Court would draw the attention of the Magisterial Authorities to the proviso at the end of Section 42, by which the exercise of the jurisdiction of a Magistrate under Statute 53, Geo. 3, Cap. 155, Sec. 104, and Act VII. of 1853 is restricted for the future to Magistrates who are at the same time Justices of the Peace.

Chapter III.—Section 46 provides for sentences in cases of conviction of two or more offences, and the concluding portion of it contains an important proviso.

Sections 56 to 59 in this Chapter, and 423 and 424 in Chapter XXX. require the careful attention of Sessions Judges when trying any of the particular offences to which they refer, and when hearing appeal cases involving the offences therein alluded to.

Chapter IX.—Sections 148 to 150 introduce altogether a new system of procedure into the Mofussil; by Sections 148 and 149 you will observe that no confession or admission of guilt made to a Police Officer alone can be used as evidence against a person accused of any offence, neither can any confession of guilt made whilst a person is in the custody of a Police Officer, be used as evidence against an accused person unless it be made in the immediate presence of a Magistrate; but by Section 150, when any *fact* tending more or less remotely to criminate a person is deposed to by a Police Officer as having been discovered by him in consequence of information received from that person, so much of such information, whether it amounts to a confession or admission of guilt or not, as *relates distinctly* to the fact discovered by it, may be received as evidence.

Chapter XII.—This Chapter relates to preliminary enquiries by Magistrates and by subordinate Magistrates properly empowered under Section 38, in cases triable by the Courts of Session.

Sections 195 and 198, referring to the language, form, and mode in which the evidence should be taken by Magisterial authorities, require close atten-

তাঁহারদের উক্ত দণ্ডবিধির আইনের ৬২ ধারার নির্দ্দিষ্ট মূল বিধান মান্য করিতে হইবেক।

২২ ধারাতে আইনের অন্তভাগের লিখিত যে তফসীলের উল্লেখ হইয়াছে তদ্বিষয়ে তোমারদিগকে মনোযোগ করিতে আদেশ হইতেছে। অর্থকরণের যে মন্তব্য কথা তফসীলের উপরিভাগে দেওয়া গিয়াছে তাহা অত্যন্ত মনোযোগপূর্ব্বক পাঠ করিয়া মনে রাখা উচিত। বিশেষতঃ তাহার ৫ অঙ্কের মন্তব্য কথা। তাহাতে ব্যক্ত হইয়াছে যে "জিলার মাজিষ্ট্রেট" এই শব্দের মধ্যে যে সকল কার্য্যকারক বিচারকর্ত্তা কর্ম্মকরেন ও ১৪ ও ১৬ ধারার নির্দ্দিষ্ট অর্থের মধ্যে আইসেন ও "যাঁহারা" এই শব্দ সম্পর্কে ১৫ ধারার নির্দ্দিষ্ট অর্থের মধ্যে আইসেন সেই সকল কার্য্যকারক গণ্য হন।

দুই কি ততোধিক জিলার সীমান্তস্থানে কোন অপরাধ করা গেলে, এলাকার বিধান ২৯ ধারাতে হইয়াছে।

সদর আদালতের সাহেবেরা মাজিষ্ট্রেটী কর্ম্মকারি সাহেবদিগকে ৪২ ধারার শেষভাগের লিখিত বিধানে মনোযোগ করাইতেছেন। তদনুসারে যে মাজিষ্ট্রেট সাহেবেরা জষ্টিস অফ দি পীসও হন কেবল তাঁহারা হত্যাবধি তৃতীয় জর্জ রাজার ৫৩ বৎসরের আইনের ১৫৫ অধ্যায়ের ১০৪ ধারা ও ১৮৫৩ সালের ৭ আইনক্রমে মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

৩ অধ্যায়।—দুই কি ততোধিক অপরাধের প্রমাণ হইলে দণ্ডাজ্ঞা করিবার বিধি ৪৬ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে। সেই ধারার শেষভাগে অতি গুরুতর বিধান আছে।

এই অধ্যায়ের ৫৬ অবধি ৫৯ পর্য্যন্ত সকল ধারাতে ও ৩০ অধ্যায়ের ৪২৩ ও ৪২৪ ধারাতে যে২ বিশেষ অপরাধের উল্লেখ হইয়াছে তাহার বিচার যখন সেশন জজ সাহেবেরা করেন ও সেই সকল ধারার উল্লিখিত অপরাধ সম্পর্কীয় আপীলী মোকদ্দমা যখন শ্রবণ করেন তখন তাঁহারদের সেই২ ধারাতে অত্যন্ত মনোযোগ করা প্রয়োজন।

৯ অধ্যায়।—১৪৮ ও ১৪৯ ও ১৫০ ধারাক্রমে কার্য্যবিধানের সম্পূর্ণরূপে নূতন নিয়ম মফঃসল আদালতে প্রচলিত হয়। মন্তব্য যে, ১৪৮ ও ১৪৯ ধারামতে, কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হইলে, কেবল পোলীসের আমলার নিকটে সে দোষ স্বীকার কি কবুল করিলেও তাহা ঐ ব্যক্তির বিরুদ্ধ প্রমাণস্বরূপে ব্যবহার হইতে পারিবেক না। ও অভিযুক্ত কোন ব্যক্তি পোলীসের আমলার জিম্মায় থাকনকালে দোষিতা স্বীকার করিলেও যদি মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতেই তাহা স্বীকার না করে, তবে তাহা তাহার বিরুদ্ধ প্রমাণস্বরূপে ব্যবহার হইতে পারিবে না। কিন্তু ১৫০ ধারামতে, পোলীসের আমলা যদি এই এজহার দেয় যে, কোন ব্যক্তির নিকটে সম্বাদ প্রাপ্ত হওয়াপ্রযুক্ত যাহাতে সেই ব্যক্তি ন্যূনাধিক অপরাধী হইতে পারে এমত কোন ক্রিয়া অবগত হইলাম, তবে ঐ সম্বাদের সঙ্গে ঐ প্রকাশিত ক্রিয়ার যেপর্য্যন্ত স্পষ্টরূপে সম্পর্ক থাকে, সেইপর্য্যন্ত ঐ সম্বাদ, দোষ স্বীকার কি কবুল করণের তুল্য হউক কি না হউক, প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবে।

১২ অধ্যায়।—সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমায় মাজিষ্ট্রেট সাহেবেরদের ও ৩৮ ধারামতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অধঃস্থ মাজিষ্ট্রেট সাহেবেরদের প্রথম স্থলীয় যে অনুসন্ধান করিতে হইবে তাহার সঙ্গে এই অধ্যায়ের সম্পর্ক আছে।

মাজিষ্ট্রেটের কর্ম্মকারি কার্য্যকারকেরা যে ভাষাতে ও যে প্রকারে ও যে নিয়মমতে প্রমাণ গ্রহণ করিবেন তাহার কথা ১৯৫ ও ১৯৮ ধারাতে আছে। তাহাতে বিশেষ

tion, and their provisions must be strictly carried out. The Court will seriously notice any deviation on the part of Magistrates from the strict rules laid down by the law either as to the form and mode in which evidence is recorded or to the mode in which their own memoranda of the substance of such evidence are drawn out.

Section 207 leaves it discretionary with the Magisterial authorities to take evidence for the defence or not, but this discretion, as a general rule, should be regulated by the degree of proof brought to bear upon the person charged with an offence; if the evidence be weak, the witnesses offered on behalf of a person to disprove the charged against him should be sworn and examined, but this course should not be followed when the evidence for the prosecution is overwhelming or strong, either directly or presumptively, against the person charged.

Section 212 states the circumstances under which persons accused of certain offences may or not be admitted to bail, and Magistrates must be careful to regulate their practice accordingly.

Chapter XIII.—This Chapter provides for the framing of charges when the Magistrate has determined to send the accused person for trial before the Court of Session.

The attention of the Magisterial authorities is directed to Sections 234, 235, 237 and 239, and they will not fail to remark that the charge is to be drawn up as nearly as possible in *the language of the Penal Code*; also, that it is unnecessary to allege in the charge any circumstances for the purpose of showing that the case does not come, or even to allege that the case does not come, within the *general* exceptions contained in Chapter 4, but any charge will be understood to assume the absence of all such circumstances, and it will, at the trial, be for the prisoner charged to prove the *existence* of such circumstances; for example, in a case of commitment under Sec. 300 of the Penal Code for culpable homicide amounting to murder, if the prisoner pleads circumstances of justification bringing it within a general exception under Chapter 4, it will be for him to prove the existence of those circumstances; again, if the Section referred to in a charge contains an exception, not being a general exception, the charge must *contain a distinct denial of the existence of such circumstances*, and will not be understood to assume the absence of circumstances constituting such exception; as for example, if a party is charged with culpable homicide, amounting to murder under Section 300, the charge should at the same time distinctly deny the existence of any of the circumstances bringing it within the 5 exceptions falling under that Section; it will of course, in this case as in the other, be eventually for the prisoner pleading an exception by evidence on his

মনোযোগ করা প্রয়োজন ও সেই২ ধারার বিধান অতি দৃঢ়রূপে মানিতে হইবে। সাক্ষ্য যে প্রকারে ও যে নিয়মমতে রিকার্ড হয়, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবেরা ঐ সাক্ষ্যের মর্ম্মের খোলাসা যে নিয়মমতে লেখেন এতদ্বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবেরদের দ্বারা আইনের নির্দ্দিষ্ট অতি দৃঢ় বিধির কিছু ব্যতিক্রম হইলে, আদালত অতি কঠিনরূপে তাহার তত্ত্ব লইবেন।

২০৭ ধারামতে অভিযুক্ত ব্যক্তির পক্ষে সাক্ষ্য গ্রহণ করা কি না করা মাজিষ্ট্রেটী কর্ম্মকারকেরদের স্বেচ্ছাধীন কার্য্য, কিন্তু তাঁহারদের এই সাধারণ বিধি মানিতে হইবেক যে অভিযুক্ত ব্যক্তির বিপক্ষে যদ্রূপ প্রমাণ উপস্থিত করা যায় তদনুসারে তাঁহারা স্বেচ্ছাধীন ঐ কার্য্য করেন। যদি প্রমাণ দুর্ব্বল হয় তবে তাহার বিপক্ষ প্রমাণ অসিদ্ধ করণার্থে তাহার সপক্ষীয় যে সাক্ষিরদিগকে উপস্থিত করা যায় তাহারদিগকে শপথ করাইয়া তাহারদের সাক্ষ্য গ্রহণ করিতে হইবে, কিন্তু অভিযুক্ত ব্যক্তির বিপক্ষ স্পষ্ট কি অনুভব সিদ্ধ যে প্রমাণ দেওয়া যায় তাহা যদি বহুল কি বলবৎ হয়, তবে উক্ত প্রকারে কার্য্য করিতে হইবেক না।

যাহারদের নামে অপরাধবিশেষের অভিযোগ হয় তাহারদের স্থানে যেং অবস্থায় হাজিরজামিন লওয়া হইতে পারে, কি না পারে তাহা ২১২ ধারাতে ব্যক্ত হইয়াছে, ও মাজিষ্ট্রেট সাহেবেরদের সতর্ক হইয়া ঐ ধারানুসারে কার্য্য করিতে হইবেক।

১৩ অধ্যায়। যখন মাজিষ্ট্রেট সাহেব অভিযুক্ত ব্যক্তিকে সেশন আদালতে বিচারার্থে প্রেরণ করিতে স্থির করেন তখন অভিযোগপত্র যেরূপে লিখিতে হইবেক তাহার বিধি এই অধ্যায়ে হইয়াছে।

মাজিষ্ট্রেটী কর্ম্মকারকদিগকে ২৩৪ ও ২৩৫ ও ২৩৭ ও ২৩৯ ধারাতে মনোযোগ করিতে আদেশ হইতেছে। দণ্ডবিধির আইনেতে যেং শব্দের ব্যবহার হইয়াছে সাধ্যমতে সেইং শব্দের ব্যবহার করিয়া অভিযোগ লিখিতে হইবেক, এ বিষয় তাঁহারদের স্মরণে রাখিতে ত্রুটি না হয়। আরো মোকদ্দমা চতুর্থ অধ্যায়ের লিখিত সাধারণ বর্জ্জিত কথার মধ্যে আইসে না, ইহা দর্শাইবার জন্যে অভিযোগপত্রের মধ্যে কোন বিশেষ গতিক ব্যক্ত করা, কিম্বা ঐ মোকদ্দমা ঐ সাধারণ বর্জ্জিত কথার মধ্যে আইসে না, এই কথারও উল্লেখ করা আবশ্যক হইবেক না, কিন্তু অভিযোগপত্র হইলেই তদ্রূপ কোন গতিক না থাকা স্বতই জ্ঞান হইবেক, ও তদ্রূপ কোন গতিক থাকিলে অভিযুক্ত ব্যক্তির বিচার কালে তাহার প্রমাণ করিতে হইবেক। ইহার উদাহরণ। দণ্ডবিধির আইনের ৩০০ ধারামতে, জ্ঞানকৃত বধের তুল্য অপরাধযুক্ত নরহত্যার মোকদ্দমা সমর্পণ হইলে, যদি আসামী আপন দোষ খণ্ডনার্থে কোন গতিক ব্যক্ত করিয়া চতুর্থ অধ্যায়ের সাধারণ কোন বর্জ্জিত কথার মধ্যে মোকদ্দমা আনায়, তবে তাহার সেই গতিক থাকার প্রমাণ করিতে হইবেক। পুনশ্চ, অভিযোগপত্রেতে যে ধারার উল্লেখ হয় তাহার মধ্যে যদি সাধারণ বর্জ্জিত কথাভিন্ন কোন বর্জ্জিত কথা থাকে, তবে যে গতিকে ঐ মোকদ্দমা সেই বর্জ্জিত কথার মধ্যে আসিতে পারে এমত গতিক না থাকার কথা ঐ অভিযোগপত্রে স্পষ্টরূপে লিখিতে হইবে, ও যে গতিকক্রমে মোকদ্দমা বর্জ্জিত কথার মধ্যে আসিতে পারে এমত গতিক না থাকা স্বতই জ্ঞান হইবেক না। ইহার উদাহরণ। যদি ৩০০ ধারামতে কোন ব্যক্তির নামে জ্ঞানকৃত বধের তুল্য অপরাধযুক্ত নরহত্যার অভিযোগ হয়, তবে ঐ ধারার বর্জ্জনীয় ৫ কথার মধ্যে ঐ মোকদ্দমা যাহাতে আইসে এমত কোন গতিক না থাকার কথা অভিযোগপত্রের মধ্যে স্পষ্টরূপে লিখিতে হইবেক। পরন্তু পূর্ব্বোক্ত স্থলে যেমন হইতে পারে তেমনি এই স্থলেও, অভিযোগ-

side, to bring the offence within such exception after the prosecution has proved the charge as laid by it, but no evidence in disproof of the plea of the *prisoner on his trial can be admitted in this last case, as it is by the concluding words of Section* 236 made admissible in the former.

The attention of the Sessions Judges is called to Sections 244 to 247.

Chapter XV.—This Chapter relates to petty cases.

It would appear from certain words used in Section 262, that it was the intention of the Legislature that in this class of cases prosecutors should ordinarily bring their own witnesses, though if they fail to do so in consequence of parties not appearing voluntarily to give their evidence, the Magistrates are bound to give the prisoner the assistance of the law, and to summon any persons likely to give material evidence in a case.

Sections 265 and 266 prescribe the mode in which, on the appearance of both parties, the trial should be conducted, and Sections 267 and 268 provide for the recording of evidence in this class of cases.

It will be observed that the general rule in this class of cases is that the presiding authority shall make a memorandum of the substance of the evidence of each witness as the examination proceeds, to be written, or in certain cases, dictated by him, either in English or other language peculiar to the presiding authority, and to be signed by him, and to form part of the record; if this course be adopted, no further recording of evidence is necessary. If, however, the presiding authority considers it necessary, the evidence may be recorded at length in the mode prescribed by Section 195, of the Code.

Chapter XVI.—This Chapter relates to enquiries and trials before the subordinate Magistrate, and Section 275 enacts that on the enquiry into or trial of cases contemplated by the Chapter, subordinate Magistrates should be guided by the rule prescribed for the guidance of the Magistrate of the District in similar cases.

Sections 276 and 277 prescribe the mode in which a subordinate Magistrate is to proceed in cases in which the evidence warrants a presumption that the accused person has been guilty of an offence beyond his jurisdiction, and what course he is to adopt even when having jurisdiction and finding the accused guilty, he considers the offence established to call for a more severe punishment than he is competent to adjudge. It will be observed that in the former case the proceedings *must* commence *de novo* before the Magistrate or other authority having jurisdiction, to whom the case is submitted, and in the latter it is *discretionary* with the Magistrate to whom the case is submitted to

পত্রের লিখিত অভিযোগের প্রমাণ হইলে পর যদি আসামী বর্জনীয় কথার মধ্যে মোকদ্দমা আনিবার কোন কথা ব্যক্ত করে, তবে আপনার সপক্ষীয় সাক্ষ্যক্রমে তাহার সেই কথার প্রমাণ করিতে হইবেক, কিন্তু ২৩৬ ধারার শেষ পদের দ্বারা আসামীর উক্ত আপত্তি অপ্রমাণ করিবার জন্যে যেমন সাক্ষ্য গ্রাহ্য হইতে পারে, তেমনি এই শেষোক্ত স্থলে গ্রাহ্য হইতে পারিবে না।

সেশন জজ সাহেবদিগকে ২৪৪ অবধি ২৪৭ পর্য্যন্ত সকল ধারার কথায় মনোযোগ করিতে আদেশ হইতেছে।

১৫ অধ্যায়।—এই অধ্যায়ে ক্ষুদ্র মোকদ্দমার উল্লেখ হইয়াছে।

এই প্রকারের মোকদ্দমায় বাদিরা সামান্যতঃ আপনারদের সাক্ষিরদিগকে উপস্থিত করিবে, ব্যবস্থাপক সাহেবেরদের এই অভিপ্রায় ২৬২ ধারার কোন২ কথাতে দৃষ্ট হইতেছে কিন্তু কোন ব্যক্তিরা সাক্ষ্য দিবার জন্যে স্বেচ্ছামতে উপস্থিত না হওয়াতে যদি বাদিরা তাহারদিগকে উপস্থিত করিতে না পারে, তবে মাজিস্ট্রেট সাহেবেরা আসামীকে আইনমতের সাহায্য করিতে ও যে ব্যক্তিরা ঐ মোকদ্দমায় প্রকৃতর সাক্ষ্য দিতে পারে, তাহারদিগকে সমন করিতে বদ্ধ হন।

উভয় পক্ষ উপস্থিত হইলে মোকদ্দমার বিচারের কার্য্য যেরূপে চলিবে তাহার বিধান ২৬৫ ও ২৬৬ ধারাতে হইয়াছে, ও উক্ত প্রকারের মোকদ্দমায় সাক্ষ্য রিকার্ড করিবার বিধান ২৬৭ ও ২৬৮ ধারাতে হইয়াছে।

ইহাতে দৃষ্ট হইবেক যে উক্ত প্রকারের মোকদ্দমায় এই সাধারণ বিধি হইয়াছে, যে, প্রত্যেক জন সাক্ষির সাক্ষ্য গ্রহণের কার্য্য যে সময়ে চলিতেছে সেই সময়ে বিচারকর্ত্তা ঐ সাক্ষ্যের মর্ম্ম ইঙ্গরেজী ভাষায় কিম্বা বিচারকর্ত্তার স্বদেশীয় অন্য ভাষায় লিখিয়া রাখিবেন, অথবা কোন২ স্থলে আপন কথনমতে অন্য ব্যক্তির দ্বারা তাহা লেখাইবেন ও তাহাতে স্বাক্ষর করিবেন। ও সেই মর্ম্ম রিকার্ডের এক অংশ হইবেক। যদি এই নিয়ম মতে কার্য্য হয়, তবে সাক্ষ্য অধিক রিকার্ড করা আবশ্যক নহে। কিন্তু যদি বিচারকর্ত্তা আবশ্যক জ্ঞান করেন, তবে ঐ সাক্ষ্য আইনের ১৯৫ ধারার নির্দ্দিষ্টমতে বিস্তারিতরূপে রিকার্ড করা যাইতে পারিবে।

১৬ অধ্যায়।—এই অধ্যায়েতে অধঃস্থ মাজিস্ট্রেটেরদের সম্মুখে, অনুসন্ধান ও বিচারসম্বন্ধীয় কথা আছে, ও ২৭৫ ধারাতে বিধান হইয়াছে যে, এই অধ্যায়ের উল্লিখিত মোকদ্দমার অনুসন্ধান কি বিচার করণ কালে তত্তুল্য মোকদ্দমায় জিলার মাজিস্ট্রেট সাহেবেরদের কার্য্যার্থ বিধিমতে অধঃস্থ মাজিস্ট্রেটেরা কার্য্য করিবেন।

যে২ মোকদ্দমায় সাক্ষ্য দৃষ্টে অনুভব হয় যে অভিযুক্ত ব্যক্তি অধঃস্থ মাজিস্ট্রেটের বিচার করিবার ক্ষমতার বহির্ভূত অপরাধের দোষী হইয়াছে সেই২ মোকদ্দমায়, এবং যে২ স্থলে তাঁহার ক্ষমতা থাকিলেও তিনি অভিযুক্ত ব্যক্তিকে দোষী নির্ণয় করিয়া জানকরেন যে নির্ণীত অপরাধের নিমিত্তে তাঁহার যেপর্য্যন্ত দণ্ড করিবার ক্ষমতা থাকে অপরাধী ততোধিক দণ্ডের যোগ্য, সেই২ স্থলে তাঁহার যে নিয়মমতে কার্য্য করিতে হইবেক তাহার বিধান ২৭৬ ও ২৭৭ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে। ইহাতে দৃষ্ট হইবেক যে প্রথমোক্ত স্থলে মোকদ্দমা যে মাজিস্ট্রেট সাহেবের কিম্বা ক্ষমতাপন্ন অন্য যে কার্য্যকারকের নিকটে সমর্পিত হয় তাঁহার সম্মুখে সেই মোকদ্দমার কার্য্য অবশ্যই প্রথমাবধি নূতনরূপে চলিবে। ও শেষোক্ত স্থলে যে মাজিস্ট্রেট সাহেবের প্রতি মোকদ্দমা সমর্পিত হয় তিনি স্বীয় বিবে-

recommence proceedings so or not as he may think necessary.

Chapter XXII.—This Chapter takes the place of the old Law Act IV. of 1840, but it will be observed that parties who have been dispossessed will no longer be entitled to institute suits, as has hitherto been allowable under Section 4 of that Act.

Chapter XXIII.—This Chapter relates to Juries and Assessors, but as the local Government has not yet passed any order with regard to the particular district or offences to which trial by jury should be extended, the Court will now merely observe that by Section 324 trials before a Court of Session not by jury *must* be conducted with the aid of two or more Assessors, subject to the provisions in the subsequent Sections of the Chapter.

Chapter XXX.—This Chapter relates to appeals. The principal Sections are 411, 412, and 413, the provisions of which differ in some respects from the existing law as to the orders which are appealable and the authorities to whom appeals should be preferred in certain cases. The differences call for no remark from the Court, but only require to be carefully noted by the authorities. It will be seen that orders passed by Magistrates in the cases referred to in Chapter XXII. are not appealable by right at all, but the subordinate Criminal Authorities will observe also that by Section 434 it is open to a Sessions Judge or a Magistrate to call for and examine the record of any Court immediately subordinate to them for the purpose of satisfying themselves as to the legality or regularity of proceedings of any sentence or *order* passed, and if the sentence or order is contrary to law, to refer the proceedings, in order that they may be revised, to the Sudder Court, which Court, under Section 404, is empowered to pass such orders as to it shall seem fit.

The above are the chief points to which the Court think it advisable to draw particular attention at present, but it should be remembered that the Code of Procedure and the Penal Code are entirely new, that consequently they both of them require to be studied from beginning to end, and also that when acting upon two Codes so novel, and in some respects so opposed to previous law and practice, more than ordinary caution on the part of the Criminal Authorities, is necessary in order to avoid illegality and irregularity.

(Signed) H. ULICK BROWNE,
Register.

চনামতে মোকদ্দমার কার্য্য পুনরারম্ভ করিবেন কিম্বা আবশ্যক বোধ না করিলে করিবেন না।

২২ অধ্যায়।—১৮৪০ সালের পুরাতন ৪ আইনের পরিবর্ত্তে এই অধ্যায় হইয়াছে। কিন্তু মন্তব্য এই যে যাহারদিগকে বেদখল করা যায়, তাহারা সেই আইনের ৪ ধারামতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিত, এইক্ষণে তাহা করিবার আর ক্ষমতা নাই।

২৩ অধ্যায়।—জুরির ও আসেসরেরদের বিষয়ে এই অধ্যায়ের সম্পর্ক আছে। কিন্তু বিশেষ যে জিলাতে কি বিশেষ যে অপরাধের বিচার জুরির দ্বারা হইবেক, এতদ্বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্ট অদ্যাপি কোন আজ্ঞা করেন নাই, অতএব ইদানীং সদর আদালতের সাহেবেরদের এই মাত্র বক্তব্য যে, ৩২৪ ধারামতে, সেশন আদালতে যে বিচারকার্য্য জুরির দ্বারা না হয়, তাহা এই অধ্যায়ের উক্ত ধারার পর সকল ধারার বিধানক্রমে দুই কি ততোধিক জন আসেসরেরদের সাহায্যক্রমে করিতেই হইবে।

৩০ অধ্যায়।—এই অধ্যায়ে আপীলের কথা আছে। ইহার মধ্যে ৪১১ ও ৪১২ ও ৪১৩ ধারা মুখ্য। যে২ হুকুমের উপর আপীল হইতে পারে ও বিশেষ যে কার্য্যকারক সাহেবেরদের নিকটে মোকদ্দমার আপীল হইতে পারে, এতদ্বিষয়ে উক্ত ধারার বিধান বর্ত্তমান আইনের সঙ্গে মিলে না, কিন্তু যে প্রভেদ আছে তদ্বিষয়ে সদর আদালতের সাহেবেরদের কোন মন্তব্য কথা লেখা প্রয়োজন নাই, কার্য্যকারক সাহেবেরদের তাহাতে মনোযোগ করা আবশ্যক। ২২ অধ্যায়ে যে২ মোকদ্দমার উল্লেখ হইয়াছে তাহাতে মাজিষ্ট্রেট সাহেবেরা যে হুকুম করেন তাহার উপর আপীল করিবার অধিকার আছে বলিয়া কেহ আপীল করিতে পারিবে না। কিন্তু ফৌজদারী অধঃস্থ কার্য্যকারকেরা দৃষ্টি করিবেন যে, ৪৩৪ ধারানুসারে অধঃস্থ আদালত কোন দণ্ডাজ্ঞা কি হুকুমও করিলে, তাহা ন্যায্য কি নিয়মিতরূপ হইয়াছে ইহা বুঝোধমতে জ্ঞাত হইবার জন্যে, সেশন জজ সাহেব কি মাজিষ্ট্রেট সাহেব আপনার অব্যবহিত অধীন উক্ত কোন আদালতের কাগজপত্র আনাইয়া দৃষ্টি করিতে ইচ্ছা করিলে তাহা করিতে পারিবেন। ও যদি সেই দণ্ডাজ্ঞা কি হুকুম আইনবিরুদ্ধ হয়, তবে কাগজপত্র পুনশ্চ দৃষ্টি হইবার জন্যে সদর আদালতে পাঠাইতে পারিবেন। ও ৪০৪ ধারানুসারে সদর আদালত যে হুকুম উচিত বোধ করেন তাহা করিতে ক্ষমতাপন্ন হন।

সদর আদালতের সাহেবেরদের বিবেচনায় পূর্ব্বোক্ত মুখ্য বিষয়ে তোমারদের ইদানীং মনোযোগ করা প্রয়োজন। কিন্তু মনে রাখিতে হইবেক যে, কার্য্য বিধানের ও দণ্ডবিধির আইন সম্পূর্ণরূপে নূতন। অতএব তাহা আদ্যোপান্ত অনুশীলন করা আবশ্যক। আরো নূতন, ও কোন২ বিষয়ে পূর্ব্বকালীন ব্যবস্থা ও ব্যবহারবিরুদ্ধ উক্ত আইনানুসারে কার্য্য করিতে হইলে অন্যায্য ও অনিয়মিত কর্ম্ম না হওয়াহেতুক ফৌজদারী কার্য্যকারকেরদের সাধারণাতিরিক্ত সতর্ক থাকা আবশ্যক।

এচ উইলিক ব্রৌন।
রেজিষ্টর।

[*Government Gazette*, 14*th January*, 1862.]

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 41.

To the Civil Judges in the Lower Provinces.

Dated Calcutta, the 14th December 1861.

The Sudder Dewanny Adawlut notify for general information that their Court will be closed on the dates indicated in the annexed Memorandum, being the days on which the English, Mahomedan, and Hindoo Holidays will take place in the year 1862, and they hereby authorize the closing of the Civil Courts under their control for the same periods.

(Signed) H. ULICK BROWNE, *Register.*

List of the English, Mahomedan and Hindoo Holidays in the year 1862.

Names of Holidays.	English Months.	Bengalee Months.	Days of the Week.	No. of Days.	Remarks.
New Year's Day	1st January 1862 ...	18th Pous 1268 ...	Wednesday ...	1 day.	
Bussunt Punchoomee	4th & 5th February ...	23rd and 24th Magh ...	Tuesday & Wednesday ..	2 days.	
Shube-burrat	14th Ditto ...	4th Falgoon ..	Friday ...	1 day,	But if the moon be not visible on the 31st January then on the 15th February, Saturday.
Shee-rattree	26th and 27th Ditto ...	16th and 17th Do.	Wednesday & Thursday ...	2 days.	
Dole-jattrah	16th & 17th March ..	4th and 5th Chyet ..	Sunday & Monday ...	2 days.	
Edool Fittur	1st & 2nd April ...	20th & 21st Ditto ...	Tuesday & Wednesday ...	2 days;	But if the moon be not visible on the 31st March then on the 2nd and 3rd April, Wednesday & Thursday.
Moha Beeshoob Sunkrant	12th Ditto ...	31st Ditto ..	Saturday ..	1 day.	
Good Friday	18th Ditto ..	6th Bysakh 1269 ..	Friday ...	1 day.	
Queen's Birth Day	24th May ..	11th Joist ..	Saturday ...	1 day.	
Edooz Zohoh	9th and 10th June ...	27th and 28th ditto ..	Monday & Tuesday ...	2 days,	But if the moon be visible on the 29th May then on the 8th and 9th June, Sunday and Monday.
Mohurrum Vacation	5th to 9th July ...	22nd to 26th Assar ...	Saturday to Wednesday ..	5 days,	But if the moon be not visible on the 28th June then from the 6th to 10th July.
Junum Ushtomee	17th & 18th August ...	2nd & 3rd Bhadoon ...	Sunday & Monday ..	2 days.	
Akheree-chahar Shumba	20th Ditto ...	5th Ditto ...	Wednesday ...	1 day,	But if the moon be not visible on the 26th August then on the 27th August.

Names of Holidays.	English Months.	Bengalee Months.	Days of the Week.	No. of Days.	Remarks.
Futeh Doaz Duhum	7th September ...	23rd Bhadoon	Sunday ...	1 day,	But if the moon be not visible on the 26th August then on the 8th Sept., Monday.
Dusserah Vacation, including Lŭchmee-poojah, Dewalee, and Bhydoaz	26th September to 25th October ...	11th Assin to 9th Kartick	Friday to Saturday ...	30 days.	
Juggudhatree Poojah	31st October and 1st November ...	15th & 16th Kartick ...	Friday & Saturday ...	2 days.	
Kartic Poojah	14th & 15th November ...	29th Do. and 1st Ughran...	Friday & Saturday ...	2 days.	
Christmas Day	25th December ...	11th Pous ...	Thursday ...	1 day.	

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৪১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানী জজ সাহেব বরাবরেষু

কলিকাতা ১৮৬১ সাল ১৪ ডিসেম্বর।

সদর দেওয়ানী আদালতের সাহেবেরা সর্ব্বসাধারণ লোকেরদের জ্ঞাপনার্থে প্রকাশ করিতেছেন যে, ১৮৬২ সালে ইঙ্গরেজী ও মহম্মদীয় ও হিন্দু পরবের পশ্চাৎ লিখিত দিবসে সদর আদালত বন্দ হইবে। ও সেইং দিবসে তাঁহারদের অধীন সকল আদালতের বন্দ হইবার অনুমতি দিতেছেন।

এচ ষ্টউলিক ব্রৌন। রেজিষ্টর।

১৮৬২ সালের ইঙ্গরেজী ও মহম্মদী ও হিন্দু পরবের নির্ঘণ্ট।

পরবের নাম	ইঙ্গরেজী মাস	বাঙ্গলা মাস	সপ্তাহের দিন	যত দিন	মন্তব্য
বৎসরান্ত	১৮৬২। ১ জানুআরি ...	১২৬৮। ১৮ পৌষ ...	বুধবার	১ দিন ...	
বসন্ত পঞ্চমী	৪, ৫ ফেব্রুআরি ..	২৩, ২৪ মাঘ ...	মঙ্গল বুধবার ...	২ ঐ ..	

পরবের নাম	ইঙ্গরেজী মাস	বাঙ্গলা মাস	সপ্তাহের দিন	যত দিন	মন্তব্য
সরস্বতী পূজা	১৪ ফেব্রুআরি ...	৪ ফাল্গুন	শুক্রবার	১ দিন	কিন্তু যদি চন্দ্র ৩১ জানুআরিতে দৃষ্ট না হয় তবে ১৫ ফেব্রুআরি শনিবার।
শিবরাত্রি	২৬, ২৭ ঐ ...	১৬, ১৭ ঐ	বুধ ও বৃহস্পতিবার ...	২ দিন	
দোলযাত্রা	১৬, ১৭ মার্চ ...	৪, ৫ চৈত্র	রবি ও সোমবার ...	২ দিন	
ইদুল ফিত্র	১, ২ আপ্রিল ...	২০, ২১ ঐ	মঙ্গল ও বুধবার ...	২ দিন	কিন্তু যদি চন্দ্র ৩১ মার্চ তারিখে দৃষ্ট না হয় তবে ২ ও ৩ আপ্রিল বুধ ও বৃহস্পতিবার।
মহাবিষুব সংক্রান্তি	১২ ঐ ...	৩১ ঐ	শনিবার	১ দিন	
গুডফ্রাইডে	১৮ ঐ ...	১২৬১ সাল ৬ বৈশাখ ...	শুক্রবার	১ দিন	
মহারাণীর জন্মদিন	২৪ মে ...	১১ জ্যৈষ্ঠ	শনিবার	১ দিন	
ইদুজ জহ	৯, ১০ জুন ...	২৭, ২৮ ঐ	সোম ও মঙ্গলবার ...	২ দিন	কিন্তু যদি চন্দ্র ২৯ মে তারিখে দৃষ্ট হয়, তবে ৮, ৯ জুন রবি ও সোমবার।
মহরমের বন্দ	৫—৯ জুলাই ...	২২—২৬ আষাঢ় ...	শনি ও বুধবার ...	৫ দিন	কিন্তু যদি চন্দ্র ২৮ জুন তারিখে দৃষ্ট না হয় তবে ৬—১০ জুলাই।
জন্মাষ্টমী	১৭, ১৮ আগষ্ট ...	২, ৩ ভাদ্র	রবি ও সোমবার ...	২ দিন	
আখেরী চাহার শম্বা	২০ ঐ ...	৫ ঐ	বুধবার	১ দিন	কিন্তু যদি চন্দ্র ২৬ আগষ্টে দৃষ্ট না হয় তবে ২৭ আগষ্ট।
ফতে দ্বাজ দহম	৭ সেপ্টেম্বর ...	২৩ ভাদ্র	রবিবার	১ দিন	কিন্তু যদি ২৬ আগষ্টে চন্দ্র দৃষ্ট না হয় তবে ৮ সেপ্টেম্বর সোমবার।
দশহরার বন্দ ইহার মধ্যে লক্ষ্মী পূজা ও দেওয়ালী ও ভ্রাতৃদ্বিতীয়া	২৬ সেপ্টেম্বর অবধি ২৫ অক্টোবর পর্য্যন্ত ...	১১ আশ্বিনাবধি ৯ কার্ত্তিক পর্য্যন্ত	শুক্রবার অবধি শনিবার পর্য্যন্ত	৩০ দিন	
জগদ্ধাত্রী পূজা	৩১ অক্টোবর ও ১ নবেম্বর	১৫, ১৬ কার্ত্তিক ...	শুক্র ও শনিবার ...	২ দিন	
কার্ত্তিক পূজা	১৪, ১৫ নবেম্বর ...	২৯ ঐ ও ১ অগ্রহায়ণ ...	শুক্র ও শনিবার ...	২ দিন	
ক্রিসমাস ডে	২৫ ডিসেম্বর ...	১১ পৌষ	বৃহস্পতিবার	১ দিন	

No. 2262.

From Lord H. Ulick Browne, Register of the Sudder Dewanny Adawlut, to C. H. Campbell, Esq., Judge of Mymensingh.

Dated Calcutta, the 20th December, 1861.

I am directed to acknowledge the receipt of your letter No. 190, dated the 12th instant, enquiring in what column of the new monthly Civil Statements cases struck off for neglect to deposit *Tullubunah* for service of summons should be exhibited.

In reply I am desired to request that for the present they may be entered in column 16, with an explanatory note under the head of "Remarks." When more copies of the new Statements are lithographed, an extra column to exhibit such cases will be added.

(Signed) H. ULICK BROWNE,
Register.

MEMO.

No. 42.

Copy forwarded to the Judge of for information and guidance.

(Signed) H. ULICK BROWNE,
Register.

২২৬২ নম্বর।

ময়মনসিংহের জজ শ্রীযুত সি এচ কেম্বেল সাহেবের নিকটে সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর শ্রীযুত লার্ড এচ ইউলিক ব্রৌন সাহেবের পত্র। কলিকাতা ১৮৬১ সাল ২০ ডিসেম্বর।

আমি আজ্ঞাক্রমে তোমাকে জানাইতেছি যে তোমার বর্ত্তমান মাসের ১২ তারিখের ১৯০ নম্বরের পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। তাহাতে জিজ্ঞাসা করিয়াছ যে সমন জারীর নিমিত্তে তলবানা আমানৎ করিবার ত্রুটি হওয়াতে যে মোকদ্দমা উঠাইয়া দেওয়া যায়, তাহা দেওয়ানী মাসিক নূতন কৈফিয়তের কোন্ ঘরে লিখিতে হইবেক।

তদুত্তরে আমি আজ্ঞাক্রমে জানাইতেছি যে এক্ষণে তদ্রূপ মোকদ্দমা ১৬ ঘরে লেখা যাইতে পারিবে, ও মন্তব্য কথার ঘরে তাহার অর্থ করিবার নোট লিখিতে হইবে। যখন ঐ নূতন কৈফিয়তের আর কএক কেতা পাতরে ছাপা হয় তখন ঐ প্রকারের মোকদ্দমা লিখিবার অন্য এক ঘর করা যাইবে।

এচ ইউলিক ব্রৌন।
রেজিষ্টর।

স্মরণার্থ লিপি।

৪২ নম্বর।

ইহার নকল অমুক জিলার জজ সাহেবের জ্ঞাপনার্থে ও তদ্ভুক্ত তাঁহার কর্ম্ম হওনার্থে পাঠান যাইতেছে।

এচ ইউলিক ব্রৌন।
রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator*.

বিজ্ঞাপন।

গবর্ণমেণ্ট অবগত হইয়াছেন যে ১৮৫৯ সালের ১১ আইনের ৪০ ও ৪৩ ও ৪৪ ধারামতে সকল তালুক ও পেটাও তালুক ও ইজারা রেজিষ্টরী করিবার যে রসুম উক্ত আইনের ৫৯ ধারার ও B চিহ্নিত তফসীলের দ্বারা নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা অধিক হওয়াপ্রযুক্ত ক্ষুদ্র২ তালুকের মালিকেরা তাহা রেজিষ্টরী করিতে পারে নাই, এই কারণে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ঐ রসুমের নিম্নিখ ন্যূন করা যাইবে। এইক্ষণে ৫০০৲ টাকার অনধিক জমার পেটাও তালুক ও ইজারা রেজিষ্টরী করিবার ২৫৲ টাকা রসুম ধরা আছে কিন্তু অদ্যকার তারিখঅবধি যাহারা তদ্রূপ তালুক কি ইজারা রেজিষ্টরী করিবার দরখাস্ত করে তাহারদের ঐ পেটাও তালুকের কি ইজারার জমার উপর শতকরা ৫৲ টাকার হিসাবে রসুম দিতে হইবে।

২। ঐ রসুম দিয়া তালুকদারেরা ও ইজারদারেরা স্বং পেটাও তালুক ও ইজারা এমন রেজিষ্টরী করাইতে পারে যে মহাল বাকী মালগুজারীর জন্যে নীলাম হইলেও তাহারদের ঐ জমী রক্ষা হয়। যাহারা রেজিষ্টরী করিতে চাহে তাহারদের উক্ত আইনের ৪০ ও ৪১ ও ৪৪ ধারামতে কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিতে হইবে।

৩। উক্ত আইনের ১০ ও ১১ ধারানুসারে কোন মহালের সাধারণ অংশিগণ আপনারদের মহালের সদর জমার পৃথক্২ হিসাব কালেক্টর সাহেবের নিকটে রাখিতে পারিবে। যাহার অংশের তদ্রূপ পৃথক হিসাব রাখা হয় তাহার সঙ্গি অন্য অংশিরদের মালগুজারী বাকী পড়িলেও তাহার সেই অংশের নীলাম হইবার আশঙ্কা নাই। কেবল ঐ বাকীপড়া অংশ যত টাকাতে নীলাম হয় তাহা যদি গবর্ণমেণ্টের পাওনা ঐ বাকী আদায়ের নিমিত্তে অকুলান হয়, তবে সেই অংশের নীলাম হওনের সম্ভাবনা।

এচ এল ডাম্পিয়র
সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতিদেশের বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম।
১৮৬২ সাল ৪ জানুআরি।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর্ সাহেবের হুকুম।

৫৮ B নম্বর।

নিয়োগ।

১৮৬১ সাল ২৭ ডিসেম্বর।

চাটিগাঁয়ের রাজস্বের জরীপী কার্য্যকারক শ্রীযুত জে এচ ওডনেল সাহেব (Mr. J. H. O'Donel.) ১৮৬০ সালের ২২ আইনের ২ ধারামতে ঐ আইনের তফসীলের নির্দ্দিষ্ট প্রদেশের মধ্যে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬১ সাল ৩১ ডিসেম্বর।

বাকরগঞ্জের অন্তঃপাতি মেন্দিগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু যদুনাথ চাটুর্য্যা B. A. ও B. L. ভুলুয়ার অন্তর্গত দক্ষিণ শাহাবাজপুর এলাকাখণ্ডে ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শিবসাগরের আসামের কমিসানর সাহেবের অতিরিক্ত আসিষ্টাণ্ট শ্রীযুত জে থরন্টন সাহেব (Mr. J. Thornton,) ফৌজদারী কার্য্য বিধনের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

১৮৬২ সাল ৬ জানুআরি।

ঢাকার মাণিকগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী নূরুল হুসেন ঐ এলাকাখণ্ডের মধ্যে ১৮৫৯ সালের ১০ আই-

নের ১৭০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬২ সাল ২ জানুআরি।

রঙ্গপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত টি ওয়াল্টন সাহেবের (Mr. T. Walton,) পদে যিনি নিযুক্ত হইবেন তিনি যে তারিখে কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখঅবধি উক্ত সাহেব চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে তিন মাসের ছুটী পাইবেন।

সদর আদালতের পণ্ডিত শ্রীযুত বৈদ্যনাথ মিশ্র অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন তাঁহার অনুপস্থিত কালে অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু উমাকান্ত উপাধ্যায় তাঁহার কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৩ জানুআরি।

রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এস এচ সি টেলর সাহেব (Mr. S. H. C. Tayler,) গত নবেম্বর মাসের ২৫ তারিখে যে ছুটী পান অদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে দেড় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৪ জানুআরি।

চাটিগাঁয়ের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর ডবলিউ বি বীটসন সাহেব (Dr. W. B. Beatson,) গত অকটোবর মাসের ২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের সিবিল আসিষ্টাণ্ট সিকিৎসক শ্রীযুত ডাক্তর সি এমেসবরী সাহেব (Dr. C. Amesbury,) উক্ত মোকামের চিকিৎসা কার্য্যের ভার যে তারিখে দেশীয় চিকিৎসক শ্রীযুত সি পিটারের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে এক মাসের ছুটী পাইবেন।

তমলুকের সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু উদয়চাঁদ দত্তের, পদে যিনি নিযুক্ত হইবেন তিনি যে তারিখে কর্ম্মের ভারগ্রহণ করেন সেই তারিখঅবধি উক্ত বাবু অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীরবিধির ৫ ধারার ২ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইবেন।

ডেপুটী কমিস্যনর সাহেবের সিরিশ্তায় নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গুরুচরণ দাস অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে গত মাসের ২৩ তারিখাবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬১ সাল ২১ ডিসেম্বর।

বাঙ্গলা ক্লাসের দেশীয় ডাক্তর শ্রীযুত জানকীনাথ মজুমদারের নাম গবর্ণমেণ্টের চিকিৎসক কার্য্যকারকেরদের নামের ফর্দ্দ হইতে উঠাইয়া দেওয়া গিয়াছে।

১৮৬২ সাল ৪ জানুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত ই টি ট্রেবর সাহেব (Mr. E. T. Trevor,) গত মাসের ৩০ তারিখে রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

ত্রিহুতের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এস ড্রমণ্ড সাহেব (Mr. J. S. Drummond,) গত অকটোবর মাসের ২৮ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৭ জানুআরি।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৩২২ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিয়াছেন যে চব্বিশ পরগনা ও হুগলী ও বর্দ্ধমান ও মুরশিদাবাদ ও নদীয়া ও পাটনা ও ঢাকা জিলারমধ্যে দণ্ডবিধির আইনের ৮ ও ১১ ও ১৬ ও ১৭ অধ্যায়ের নির্দ্দিষ্ট যে সকল অপরাধের বিচার কোন সেশন আদালতে হয় তাহা জুরিদ্বারা হইবে।

---

৯৪ B নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৬ জানুআরি।

মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধাগোবিন্দ দাস ঐ জিলার আরঙ্গাবাদ এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ৭ জানুআরি।

শ্রীযুত এচ এম রীড সাহেব (Mr. H. M. Reid,) ঢাকা এলাকার রাজস্বের ও দায়েরসায়েরির কমিস্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেব (Mr. H. T. Prinsep,) সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের রেজিষ্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ এম হালিডে সাহেব (Mr. F. M. Halliday,) ত্রিহুতের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত মুনশী খয়রাৎহুসেন পুরীতে দলীল দস্তাবেজের রেজিষ্টর হইবেন।

ছুটী।

১৮৬১ সাল ৬ জানুআরি।

কটকের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এচ এচ হারিংটন সাহেব (Reverend H. H. Harington,) সৈন্যসম্পর্কীয় নিয়মিত ছুটীর নূতন বিধির ১৩ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনর মাসের ও প্রস্তুত হওনার্থে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৭ জানুআরি।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সূর্য্যকুমার মুখুর্য্যা গত সেপ্টেম্বর মাসের ১৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

ফয়জাবাদের আফীণের সবডেপুটী এজেণ্ট শ্রীযুত আর নিকলসন সাহেব (Mr. R. Nicholson,) যে তারিখে ইচ্ছা করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইবেন।

১৮৬২ সাল ৮ জানুআরি।

বাঙ্গালাদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত জে ডি গর্ডন সাহেব (Mr. J. D. Gordon,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারামতে বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

হাজারিবাগের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত ডবলিউ ডি ডবলিউ জর্জ সাহেব (Mr. W. D. W. George,) রাজধানীস্থ চিকিৎসকসভার উপস্থিত হওনার্থ চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারিসপ্তাহের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ওয়াজীদ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

গোয়ালপাড়ার অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত বাবু গণাভিরাম বড়ুয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত অকটোবর মাসের ৯ তারিখঅবধি ডিসেম্বর মাসের ৩ তারিখপর্য্যন্ত ছুটী পান।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৭ জানুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এচ হেনকী সাহেব (Mr. H. Hankey) গত নবেম্বর মাসের ৩০ তারিখে কাস্তিয়া নামক কলের জাহাজে রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করাতে সেই তারিখঅবধি তাঁহার ছুটীর অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত এফ এম হালিডে সাহেব (Mr. F. M. Halliday,) গত মাসের ৩০ তারিখে নেমিসিস নামক কলের জাহাজে রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করাতে সেই তারিখাবধি তাঁহার ছুটীর অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

১৮৬২ সাল ৮ জানুআরি।

রাজেশ্বরের আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অতুলবিহারী পাল গত নবেম্বর মাসের ২৬ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

ই এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

জিলা হুগলী।

ইশ্তিহার।

ইনকম টাক্সের আইনের ১ ও ২ নম্বরের তফশীল।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে, ইনকম টাক্সের আইনের (অর্থাৎ ১৮৬০ সালের ৩২ আইনের ১ ও ২ নম্বরের তফসীল মতে যাঁহাদের যে টাক্স গত বৎসরে ধার্য্য হইয়াছিল তাঁহাদের সেই টাক্স ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখঅবধি আর এক বৎসরের নিমিত্তে আদায় হইতে থাকিবে। কোন ব্যক্তির কি ব্যক্তিদিগের পক্ষে অন্যরূপ নিয়ম উচিত বোধ হইলে তাঁহাকে কি তাঁহারদিকে বিশেষ এত্তেলা দেওয়া যাইবেক। কিন্তু ইহাতে যদি কোন ব্যক্তির আপত্তি থাকে তবে তিনি যে আসেসরের এলাকায় থাকেন তাঁহার নিকটে উক্ত তফসীল মতে আপনার লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম প্রার্থনা করিয়া লইয়া এই ইশ্তেহারের তারিখ অবধি দুই মাসের মধ্যে ঐ রিটর্ণ দাখিল করিবেন। তাহাতে সেই রিটর্ণ অনুসারে তাহার ১৮৬০ সালের উক্ত ৩২ আইন মতে টাক্স ধার্য্য হইবে ১৮৬১। ১৪ ডিসেম্বর।

জেলা হুগলীর কালেক্টরী।

A. V. Palmer, *Collector.*

জিলা চব্বিশপরগনা।

ইশ্তিহার।

ইনকম টাক্সের আইনের ১ ও ৩২ নম্বরের তফসীল।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের আজ্ঞামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে ইনকম টাক্সের আইনের (অর্থাৎ ১৮৬০ সালের ৩২ আইনের) ১ ও ২ নম্বরের তফসীলমতে যাঁহারদের যে টাক্স গত বৎসরে ধার্য্য হইয়াছিল তাঁহারদের সেই টাক্স ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখঅবধি আর এক বৎসরের নিমিত্তে আদায় হইতে থাকিবে। কোন ব্যক্তির কি ব্যক্তিদিগের পক্ষে অন্যরূপ নিয়ম উচিত বোধ হইলে তাঁহাকে কি তাঁহাদিগকে বিশেষ এত্তেলা দেওয়া যাইবে। কিন্তু ইহাতে যদি কোন ব্যক্তির আপত্তি থাকে তবে তিনি যে আসেসরের এলাকায় থাকেন তাঁহার নিকটে উক্ত তফসীলমতে আপনার লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম প্রার্থনা করিয়া লইয়া এই ইশতিহারের তারিখঅবধি দুই মাসের মধ্যে ঐ রিটর্ণ দাখিল করিবেন। তাহাতে সেই রিটর্ণ অনুসারে তাহার ১৮৬০ সালের উক্ত ৩২ আইনমতে টাক্স ধার্য্য হইবে সন ১৮৬১ সাল ২৩ ডিসেম্বর।

G. Bright, *Collector.*

জিলা বাঁকুড়া।

ইশ্তিহার।

ইনকম টাক্সের আইনের ১ ও ৩২ নম্বরের তফসীল।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে ইনকম টাক্সের আইনের (অর্থাৎ ১৮৬০ সালের ৩২ আইনের) ১ ও ২ নম্বরের তফসীল মতে যাঁহাদের যে টাক্স গতবৎসরে ধার্য্য হইয়াছিল তাঁহাদের সেই টাক্স ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখ অবধি আর এক বৎসরের নিমিত্তে আদায় হইতে থাকিবে। কোন ব্যক্তির কি ব্যক্তিরদিগের পক্ষে অন্যরূপ নিয়ম উচিত বোধ হইলে তাঁহাকে কি তাঁহাদিগকে বিশেষ এত্তেলা দেওয়া যাইবে। কিন্তু ইহাতে যদি কোন ব্যক্তির আপত্তি থাকে তবে তিনি যে আসেসরের এলাকায় থাকেন তাঁহার নিকটে উক্ত তফসীল মতে আপনার লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম প্রার্থনা করিয়া লইয়া এই ইশতিহারের তারিখ অবধি দুই মাসের মধ্যে ঐ রিটর্ণ দাখিল করিবেন তাহাতে সেই রিটর্ণঅনুসারে তাহার ১৮৬০ সালের উক্ত ৩২ আইন মতে টাক্স ধার্য্য হইবে। সন ১৮৬১। ১৪। ডিসেম্বর মাঃ ১২৬৮ সাল ৩০ অগ্রহায়ণ।

W. J. Wells, *Offg. Collector.*

জিলা ঢাকা।

ইশ্তিহার।

ইনকম টাক্সের আইনের ১ ও ৩২ নম্বরের তফসীল।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে ইনকম টাক্সের আইনের (অর্থাৎ ১৮৬০ সালের ৩২ আইনের) ১ ও ২ নম্বরের তফসীল মতে যাঁহাদের যে টাক্স গতবৎসরে ধার্য্য হইয়াছিল তাঁহাদের সেই টাক্স ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখ অবধি আর একবৎসরের

নিমিত্তে আদায় হইতে থাকিবে। কোন ব্যক্তির কি ব্যক্তিদিগের পক্ষে অন্যরূপ নিয়ম উচিত বোধ হইলে তাঁহাকে কি তাঁহাদিগকে বিশেষ এত্তেলা দেওয়া যাইবে। কিন্তু ইহাতে যদি কোন ব্যক্তির আপত্তি থাকে তবে তিনি যে আসেসরের এলাকায় থাকেন তাঁহার নিকটে উক্ত তফসীল মতে আপনার লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম প্রার্থনা করিয়া লইয়া এই ইশ্তিহারের তারিখ অবধি দুই মাসের মধ্যে ঐ রিটর্ণ দাখিল করিবেন। তাহাতে সেই রিটর্ণ অনুসারে তাহার ১৮৬০ সালের উক্ত ৩২ আইনমতে টাক্স ধার্য্য হইবে। ইতি ১৮৬১ সাল ১৬ ডিসেম্বর মোঃ ১২৬৮ সাল ২ পৌষ।

F. B. SIMSON, *Offg. Collector.*

জিলা বাকরগঞ্জ।

ইশ্তিহার।

ইনকম টাক্সের আইনের ১ ও ৩২ নম্বরের তফসীল।

XXI. The following words are inserted as an additional Note to and shall be read as part of Article 6 of Schedule B of the said Act XXXVI. of 1860 :—

"Military Courts of Requests constituted under Act XI. of 1841, Cantonment Joint Magistrates vested with Civil jurisdiction under Act III. of 1859 when exercising such jurisdiction, and Courts of Small Causes constituted under Act XLII. of 1860, are Civil Courts within the meaning of this Article."

[General Rule at the end of Schedule B modified.]

XXII. The General Rule at the end of Schedule B of the said Act XXXVI. of 1860 is repealed, and the following words shall be read in lieu thereof :—

"GENERAL RULE.

If the subject matter of any plaint, written statement, petition, judgment or decree, cannot be conveniently comprised within one Stamp Paper of the value above prescribed, one or more additional pieces of paper may be used of the value required for petitions."

[Construction.]

XXIII. This Act shall be read and construed as part of the said Act XXXVI. of 1860.

M. WYLIE,
Clerk of the Council.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২১ জানুআরি।]

	টাকা
৫। নালিশের আরজী অগ্রাহ্য করিবার হুকুমের উপর কিম্বা ডিক্রীর উপর কিম্বা যে হুকুম কোন আইনক্রমে ডিক্রীর তুল্য বলবৎ হয় এমত হুকুমের উপর আপীলতিম্ব, অন্য আপীলের দরখাস্ত ও যে সকল দরখাস্ত কি প্রার্থনাপত্র কোন দেওয়ানী আদালতে উপস্থিত করা যায় তাহা নীচের লিখিত মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে। অর্থাৎ	
সদর আদালতে উপস্থিত করিতে হইলে	২৲
সদর আদালতের অধীন কোন আদালতে উপস্থিত করিতে হইলে	৷৷০
কোন রাজধানীতে কষ্টমের কালেক্টর সাহেবের নিকটে যে দরখাস্ত দেওয়া যায় ও কোন রাজধানীর মুনিসিপল কমিস্যনর সাহেবেরদিগকে কিম্বা ১৮৫৬ সালের ১৪ আইনমতে কোন মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দী পীস সাহেবদিগকে যে দরখাস্ত দেওয়া যায় তাহার	৷৷০
বাঙ্গলা দেশের নিমিত্তে বিশেষ বিধি।	
বেবিনিউর কি কষ্টমের ও নিমকের ও আফীমের বোর্ডের নিকটে আপীলের দরখাস্তের	২৲
উক্ত বোর্ডের নিকটে অন্য কোন দরখাস্তের কি প্রার্থনাপত্রের	২৲
এই তফসীলের অন্য কোন বিধানের কিম্বা বর্জিত কোন কথার মধ্যে গণ্য নয় এমত যে দরখাস্ত কি প্রার্থনাপত্র অন্য কোন ফৌজদারী আদালতে কি অন্য কোন রেবিনিউ আফীসে উপস্থিত করা যায় তাহার	৷৷০

[B চিহ্নিত তফসীলের ৬ প্রকরণের অতিরিক্ত মন্তব্য কথা।]

২২ ধারা। নিম্ন লিখিত কথা ১৮৬০ সালের উক্ত ৩৬ আইনের B চিহ্নিত তফসীলের ৬ প্রকরণের অতিরিক্ত মন্তব্য কথাস্বরূপে দেওয়া যাইতেছে ও এ প্রকরণের একাংশস্বরূপে পাঠ করিতে হইবে।

১৮৪১ সালের ১১ আইনমতে সংস্থাপিত মিলিটারী কোর্ট রিক্বেষ্ট ও ছাউনি স্থানের যে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবেরা ১৮৫৯ সালের ৩ আইনমতে দেওয়ানী ক্ষমতা প্রাপ্ত হন সেই ক্ষমতাক্রমে কর্ম্মকরণ কালে তাঁহারা ও ১৮৬০ সালের ৪২ আইনমতে সংস্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার আদালত এই প্রকরণের অর্থের মধ্যগত দেওয়ানী আদালত হয়।

[B চিহ্নিত তফসীলের শেষ ভাগের লিখিত সাধারণ বিধি মতান্তর করণের কথা।]

২২ ধারা। ১৮৬০ সালের উক্ত ৩৬ আইনের B চিহ্নিত তফসীলের শেষ ভাগে যে সাধারণ বিধি আছে তাহা রহিত হইল ও তৎপরিবর্ত্তে নিম্ন লিখিত কথা পাঠ করিতে হইবেক।

সাধারণ বিধি।

যদি কোন নালিশের আরজীর কি বর্ণনাপত্রের কি দরখাস্তের কি নিষ্পত্তির কি ডিক্রীর মর্ম্ম পূর্ব্বনির্দ্দিষ্ট মূল্যের একেতা ইষ্টাম্প কাগজে সুবিধামতে না ধরে, তবে দরখাস্ত যে মূল্যের কাগজে লিখিতে হইবেক সেই মূল্যের অন্য এক কি অধিক কেতা কাগজ ব্যবহার করিতে হইবেক।

[অর্থের কথা।]

২৩ ধারা। এই আইন ১৮৬০ সালের উক্ত ৩৬ আইনের একাংশস্বরূপে পাঠ করিতে হইবেক ও তাহার একাংশ জ্ঞান করিয়া তাহার অর্থ করিতে হইবেক।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator*

NOTICE.

PLEADERSHIP EXAMINATION.

In answer to numerous enquiries on the subject, the Sudder Court notify for general information.

1st. That the Entrance fees payable by candidates at the Pleadership examination to be held at the Town Hall, Calcutta, on Monday, the 27th January, 1862, *must be paid by the candidates on presenting themselves for Examination.*—

2nd. That no separate papers of questions will be prepared for the lower grade Examination on this occasion, but candidates, who obtain three-fifths out of the full number of marks, for their answers, will be entitled to diplomas of the 2nd grade. Candidates for the 2nd grade will only have to pay the entrance fee of that grade, viz. Rs. 10.

3rd. That the Text books have *not* yet been translated into any vernacular language and there will consequently be very little use in candidates, who are not *good* English Scholars, attempting even the lower standard examination.

By order of the Sudder Court.

H. ULICK BROWNE, *Register.*

Calcutta, the 16th December, 1861.

Under the orders of Government tenders will be received at this office until sunset on the 28th of February 1862, for the translation of the following works into Hindoostanee and Bengalee respectively on the conditions specified below :—

1. Mayne's Commentaries* on the Penal Code.
2. Norton on Evidence.
3. Macpherson on Mortgages.
4. A new Work on Contracts by the same author.
5. Elberling on Inheritance.
6. 2nd and 3rd Books of Broome.
7. Kent's Commentaries, Chapters 39, 40, 41, 43, 44.

The translator must make his own arrangements with the authors of the works as regards copyright or right of translation if any such arrangements are in any case necessary, and the responsibility, on this point, must entirely rest with the translator.

* The translation of *all* the Commentaries is not necessary, particulars can be ascertained at the Register's office.

[*Government Gazette, 21st January*, 1862.] H 2

ওকালতী পদার্থ পরীক্ষার বিজ্ঞাপন।

ওকালতী পদসম্পর্কীয় যে পরীক্ষা হইবেক তদ্বিষয়ের অনেক প্রকার জিজ্ঞাসা হওয়াতে সদর আদালতের সাহেবেরা তাহার উত্তরে সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে এই কথা প্রকাশ করিতেছেন।

১। ১৮৬২ সালের ২৭ জানুআরি তারিখ সোমবারে কলিকাতার টৌন হালে ওকালতীপদের নিমিত্তে পরীক্ষা দেওনাকাঙ্ক্ষি মহাশয়েরা যে সময়ে পরীক্ষা দেওনার্থে উপস্থিত হন, সেই সময়েই তাঁহারদের এণ্টরেন্স ফী, অর্থাৎ পরীক্ষা দিবার অনুমতির টাকা দিতে হইবেক।

২। তৎকালীন দ্বিতীয় শ্রেণীর পরীক্ষার জন্যে প্রশ্নের স্বতন্ত্র কোন কাগজ প্রস্তুত হইবে না। কিন্তু যে পদাকাঙ্ক্ষিরা আপনারদের উত্তরের নিমিত্তে অঙ্কের সম্পূর্ণ সংখ্যার পাঁচ ভাগের তিন ভাগ পান তাঁহারা দ্বিতীয় শ্রেণীর যোগ্যতার পত্র পাইতে পারিবেন। দ্বিতীয় শ্রেণীর পদাকাঙ্ক্ষিরদের কেবল ঐ দ্বিতীয় শ্রেণীর এণ্টরেন্স ফী, অর্থাৎ ১০ টাকা করিয়া দিতে হইবে।

৩। যে২ পুস্তকানুসারে ঐ পরীক্ষা হইবে তাহার অনুবাদ এদেশীয় কোন ভাষায় হয় নাই অতএব যাঁহারা ইঙ্গরেজী ভাষা উত্তমরূপে না জানেন তাঁহারদের দ্বিতীয় শ্রেণীরও পরীক্ষা দেওনে উদ্যোগ করা প্রয়োজন নাই।

সদর আদালতের আজ্ঞাক্রমে।

এচ ইউলিক ব্রৌন।
রেজিষ্টর।

কলিকাতা ১৮৬১ সাল ১৬ ডিসেম্বর।

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে যাঁহারা পশ্চাৎ লিখিত পুস্তক নিম্ন লিখিত নিয়মানুসারে হিন্দুস্থানীয় ও বঙ্গলা ভাষাতে অনুবাদ করিতে চাহেন তাঁহারদের তৎসম্পর্ক প্রস্তাব ১৮৬২ সালের ২৮ ফেব্রুআরি তারিখের সূর্য্যাস্ত কালপর্য্যন্ত এই আফিসে গ্রাহ্য হইবেক। বিশেষতঃ

১। দণ্ডবিধির আইনের মেন সাহেবের লিখিত টীকা।*

২। প্রমাণ বিষয়ে নর্টন সাহেবের পুস্তক।

৩। বন্ধক বিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক।

৪। চুক্তি বিষয়ে উক্ত সাহেবের রচিত নূতন পুস্তক।

৫। অধিকারিত্ব বিষয়ে এলবরলিং সাহেবের পুস্তক।

৬। ব্রুম সাহেবের পুস্তকের ২ ও ৩ খণ্ড।

৭। কেণ্ট সাহেবের রচিত টীকার ৩৯ ও ৪০ ও ৪১ ও ৪৩ ও ৪৪ অধ্যায়।

উক্ত কোন পুস্তক অনুবাদ করিবার পূর্ব্বে যদি গ্রন্থস্বত্ব কি অনুবাদ করণের স্বত্বসম্পর্কীয় কোন নিয়ম করা আবশ্যক হয়, তবে ঐ২ পুস্তক রচনাকারি ব্যক্তিরদের সঙ্গে অনুবাদকারকের স্বয়ং সেই নিয়ম করিতে হইবেক ও তদ্বিষয়ে যে দায় ঘটে তাহা সম্পূর্ণরূপে অনুবাদকারকের প্রতি বর্ত্তিবে।

* সমস্ত টীকা অনুবাদ করা আবশ্যক নয়। তদ্বিশেষ রেজিষ্টর সাহেবের আফিসে তল্লাস করিলে জ্ঞাত হওয়া যায়।

As there is reason to believe that good translations of the above mentioned works will meet with an extensive sale among candidates for Pleadership and Moonsiffships, the Sudder Court will not engage to take any copies of the translations, but are prepared to give a reasonable sum of money in order to secure the translations being made by the dates hereinafter specified. The tenders must therefore simply state the sum for which the applicant is willing to translate, print, and have ready for sale at least 200 copies. The tenders must be drawn out in the form given in the margin.*

পূর্ব্বোক্ত সকল পুস্তক উত্তমরূপে অনুবাদ হইলে ওকালতী ও মুনসফী পদাকাঙ্ক্ষি ব্যক্তিরা তাহার অনেক পুস্তক ক্রয় করিতে পারিবেন। এই কারণে সদর আদালতের সাহেবেরা উক্ত অনুবাদিত কোন পুস্তক গ্রহণ করিবার প্রতিজ্ঞা করেন না। কিন্তু পশ্চাৎ লিখিত তারিখপর্য্যন্ত ঐ২ পুস্তক অনুবাদ হইয়া সমাপ্ত হয় এই অভিপ্রায়ে তাঁহারা অনুবাদার্থে উপযুক্ত মূল্য দিতে প্রস্তুত আছেন। অতএব অনুবাদ করণেচ্ছুক ব্যক্তি যত টাকার নিমিত্তে ঐ২ পুস্তক অনুবাদ করিয়া তাহার অন্যূন ২০০ খানা ছাপাইয়া বিক্রয়ার্থে প্রস্তুত করিবার জন্যে যত টাকা চাহেন কেবল তাহা জ্ঞাত করিবেন। তাঁহাদের প্রস্তাব এই পাঠে লিখিতে হইবেক।

---

* I (name) of (residence) do hereby tender for the translations of the undermentioned work(s) on the terms specified below, and on the conditions advertised by the Register of the Sudder Court under date the

The work(s) shall be translated, printed, and ready for sale by the 1st of September, 1862, otherwise I agree to forfeit the remuneration specified below:—

Name of Work.	Language.	Amount of remuneration required for translation.
(Examples of the manner in which the form should be filled up.) Norton on Evidence.	Hindoostanee.	0 0 Rupees.
Ditto.	Bengalee.	0 0 Rupees.

Dated Signature of Applicant.

আমি (অমুক স্থাননিবাসি অমুক) পশ্চাৎ লিখিত পুস্তক (কি পুস্তকসকল) সদর আদালতের রেজিষ্টর সাহেবের অমুক তারিখের প্রকাশিত নিয়মানুসারে অনুবাদ করিবার প্রস্তাব করিতেছি।

ঐ পুস্তক (কি পুস্তকসকল) ১৮৬২ সালের ১ সেপ্টেম্বর তারিখপর্য্যন্ত অনুবাদ ও ছাপা হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইবেক। না হইলে নিম্নের লিখিত পারিশ্রমিক পাইবার দাওয়া ত্যাগ করিতে প্রতিজ্ঞা করি।

পুস্তকের নাম	ভাষা	অনুবাদার্থে পারিশ্রমিক যত টাকা পাইবার আকাঙ্ক্ষা হয়।
এই কথা লিখিবার উদাহরণ।	প্রমাণ বিষয়ে নর্টন সাহেবের পুস্তক।	হিন্দুস্থানীয়। ০০৲ টাকা
ঐ	বাঙ্গলা।	০০৲ টাকা

তারিখ অনুবাদাকাঙ্ক্ষির নাম।

A translator may tender either for one language or for both, and for one work or more, as he pleases.

The right of rejecting any tender, whether it be the lowest or not, is reserved, and none need apply who cannot give satisfactory proof of their competency to undertake the work.

Of the abovementioned works,

1. Mayne on Criminal Law,
2. Norton on Evidence,

are most needed at present, and tenders for their translation are most likely to be first accepted.

H. Ulick Browne, *Register*.

যিনি অনুবাদ করিতে চাহেন তিনি একি কিম্বা অধিক পুস্তক একি কিম্বা দুই ভাষাতে অনুবাদ করিবার প্রস্তাব করিতে পারিবেন।

অনুবাদকারির যে কোন প্রস্তাব অর্পিত হয় তাহার জন্যে অল্প কি অধিক মূল্যের অপেক্ষা হইলেও, সদর আদালত স্বেচ্ছামতে তাহা গ্রাহ্য কি অগ্রাহ্য করিতে পারিবেন। যাঁহারা অনুবাদ করিবার ক্ষমতার প্রমাণ জ্ঞাপনমতে দর্শাইতে না পারেন তাঁহারদের তদ্বিষয়ের প্রার্থনা করা প্রয়োজন নাই।

উক্ত সকল পুস্তকের মধ্যে

১। ফৌজদারী আইনবিষয়ে মেন সাহেবের পুস্তক ও

২। প্রমাণবিষয়ে নর্টন সাহেবের পুস্তক

ইদানীং অত্যন্ত প্রয়োজন ও তত্তৎপুস্তকের অনুবাদ করণের প্রস্তাব অগ্রে গ্রাহ্য হইবার সম্ভাবনা।

এচ ইউলিক ব্রৌন। রেজিষ্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২১ জানুআরি।]

HOME DEPARTMENT.

No. 241.

Fort William, the 14th January, 1862.

REVENUE.

Notification.—The following orders passed by the Right Hon'ble the Secretary of State in Council on the subject of the possession of landed property in India by public servants are published for general information :—

1. *Extract from the Secretary of State's Despatch, No. 22, dated the 10th August* 1861.

1.—I have had under my consideration in Council your Excellency's letters dated the 25th, 26th, and 31st October 1860, (Nos. 37, 38, and 39), and 8th March (No. 5) 1861, on the subject of the possession of landed property in India by the public servants of the State.

* * * *

4.—I have carefully considered in Council the entire subject, and I am now prepared on the part of Her Majesty's Government to lay down the following Rules for your future guidance. I should premise that these Rules refer only to the acquisition or possession of lands intended to be applied to agricultural purposes, and are not to be construed to include lands occupied merely by buildings for residence and their usual appurtenances.

5.—Officers of the Covenanted Civil Service are at liberty to acquire and possess lands anywhere out of the Presidency to which they are attached, but are absolutely precluded from holding lands within their own Presidency. Thus, an Officer of the Bengal Civil Service may hold lands in Madras or Bombay, but cannot be permitted to hold lands in any part of the Bengal Presidency, notwithstanding that, at the time of their acquisition, he may himself be actually employed in a different Lieutenant Governorship from that in which the lands may happen to be situated.

6.—Regimental Military Officers may hold lands in any part of India, with the distinct understanding, however, that a Military Officer possessing land will be disqualified for temporary employment in any Civil capacity in the District within which his land is situated; but Military Officers who are placed in permanent employment in the Civil administration must, like the Officers of the Covenanted Service, be prevented from holding land in the Presidency to any part of which they may be sent.

7.—No restrictions are to be placed on the possession or acquisition of lands by Uncovenanted Officers of any description, whether of European, Indo-British, or Native descent, beyond those now in force.

8.—Officers of all classes (including candidates for office) must, however, be required to make a

[*Government Gazette*, 21*st January*, 1862.]

হোম ডিপার্টমেণ্ট।

২৪১ নম্বর।

ফোর্ট উলিয়ম। ১৮৬২ সাল ১৪ জানুআরি।

রেবিনিউ।

বিজ্ঞাপন।

ভারতবর্ষের রাজকীয় কার্য্যকারকেরদের ভূমি অধিকার করণবিষয়ে শ্রীযুত রাইট অনরবিল সেক্রেটারী অফ ষ্টেট সাহেব মন্ত্রিসভাগত হইয়া পশ্চাৎ লিখিত আজ্ঞা প্রকাশ করিয়াছেন। তাহা সর্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

[১। শ্রীযুক্ত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের ১৮৬১ সালের ১০ আগষ্ট তারিখের ২২ নম্বরের পত্র।]

১।—ভারতবর্ষে রাজকীয় কার্য্যকারকেরদের ভূমি সম্পত্তি অধিকার করণ বিষয়ে, আপনি ১৮৬০ সালের ২৫ ও ২৬ ও ৩১ অক্টোবর তারিখের ৩৭ ও ৩৮ ও ৩৯ নম্বরের ও ১৮৬১ সালের ৮ মার্চ তারিখের ৫ নম্বরের যে২ পত্র পাঠাইয়াছিলেন তাহা মন্ত্রিসভায় বিবেচনাকরিয়াছি।

* * *

৪।—মন্ত্রি সভায় সেই বিষয় সম্পূর্ণরূপে মনোযোগপূর্ব্বক বিবেচনা করিয়া, শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেণ্টের পক্ষে তোমার উপদেশার্থ পশ্চাৎ লিখিত বিধি প্রকাশ করিতেছি। কিন্তু অগ্রীম লিখিতব্য যে, কেবল কৃষি করণাভিপ্রায়ে প্রাপ্ত কি অধিকৃত ভূমির বিষয়ে এই বিধি। বাসগৃহ ও তৎসংযুক্ত অন্যান্য ঘর নির্ম্মাণার্থে যে ভূমির অধিকার হয় তৎপ্রতি এই বিধির সম্পর্ক থাকা জ্ঞান করিতে হইবেক না।

৫।—সিবিল সম্পর্কীয় চিহ্নিত কার্য্যকারক সাহেবেরা যে প্রসিডেনসীর মধ্যে নিযুক্ত থাকেন তাহার বহির্ভূত কোন স্থানে ভূমি প্রাপ্ত হইয়া অধিকার করিতে পারিবেন। কিন্তু যে প্রসীডেনসীর মধ্যে কর্ম্মে নিযুক্ত থাকেন তাহার অন্তর্গত কোন স্থানে ভূমি অধিকার করিতে তাঁহারদের প্রতি সম্পূর্ণরূপে নিষেধ। যথা বাঙ্গলাদেশের সিবিল সম্পর্কীয় কর্ম্মে নিযুক্ত কোন কার্য্যকারক সাহেব বোম্বাইতে কি মান্দ্রাজে ভূম্যধিকারী হইতে পারিবেন। কিন্তু বাঙ্গলা প্রসীডেনসীর অন্তর্গত কোন স্থানে ভূম্যধিকারী হইবার অনুমতি পাইতে পারিবেন না। যদিও কোন এক লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অধীন দেশে নিযুক্ত থাকাতে অন্য লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অধীন দেশের অন্তর্গত স্থানে ভূমি লইতে চাহেন, তথাপি তাহাও করিতে পারিবেন না।

৬।—সৈন্য সম্পর্কীয় কার্য্যকারক সাহেবেরা ভারতবর্ষের কোন স্থানে ভূম্যধিকারী হইতে পারিবেন। কিন্তু তাঁহারদের এই কথা স্পষ্টরূপে জানিতে হইবেক, যে তাঁহারদের ভূমি যে জিলার মধ্যে থাকে সেই জিলাতে তাঁহারা দেওয়ানী সম্পর্কীয় কোন কার্য্য কিয়ৎকালের নিমিত্তেও করিতে পারিবেন না। কিন্তু সৈন্য সম্পর্কীয় যে সাহেবেরা চিরকালীনরূপে দেওয়ানী কর্ম্মে নিযুক্ত থাকেন তাঁহারদেরও প্রতি চিহ্নিত কার্য্যকারক সাহেবেরদের ন্যায় নিষেধ আছে যে, তাঁহারা যে প্রসীডেনসীর অন্তর্গত স্থানে প্রেরিত হন সেই প্রসীডেনসীতে ভূম্যধিকারী না হন।

৭।—অচিহ্নিত কোন প্রকারের কার্য্যকারকেরদের অর্থাৎ ইউরোপীয় কি ইণ্ডব্রিটিশ কি এদেশীয় কার্য্যকারকেরদের ভূমি প্রাপ্ত হইবার কি অধিকার করিবার যে২ নিষেধ এইক্ষণে প্রবল আছে তদ্ভিন্ন অন্য নিষেধ হইবে না।

৮।—পরন্তু সকল শ্রেণীর কার্য্যকারকেরা ও পদাকাঙ্ক্ষিরা যদি কোন ভূমি সম্পত্তি অধিকার করেন কি প্রাপ্ত

declaration of the fact of their being in possession of, or of their having acquired landed property, stating the District within which it is situated, with such other particulars as you may consider necessary, of which registers should be kept at the seat of Government of each Presidency or Lieutenant-Governorship. Although Uncovenanted Officers are not to be precluded from holding land, it may, nevertheless, be inexpedient that appointments which necessarily confer a considerable amount of power and influence on their occupants, such as those of Sudder Ameen, Deputy Collector, and Tehsildar should be filled by persons holding landed property within their jurisdiction; and it is right that the several Governments should always have at hand the information necessary to guide their judgment in selecting individuals for such offices.

9.—It will, moreover, be incumbent on the several Local Governments to take care that no Officer who may be in possession of landed property in India or elsewhere, to whatever class of the Service he may belong, shall apply any portion of the time and attention which ought to be devoted to his public duties, whether Civil or Military, to the management of that property, and that longer or more frequent leaves of absence are not to be permitted on that account.

* * * *

2. *Secretary of State's Despatch, No. 29, dated 30th November 1861.*

With reference to the letter from your Excellency in Council, dated the 1st October last, (No. 16), which has been considered by me in Council, I have resolved to accede to your recommendation for a modification of the terms of my Despatch of the 10th August last, (No. 22), so far as to permit Officers of the Bengal Civil Service, attached to the Lower Provinces, to acquire and hold land in Upper Provinces, including the Punjab and Oude. Similarly, Officers attached to the Upper Provinces may be permitted to acquire and hold lands in the Lower Provinces of Bengal. It will of course be understood that such Officers possessing lands in either Division are absolutely precluded from employment under the Local Governments of the Division in which their lands are situated.

W. GREY,
Secy. to the Govt. of India.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 13th January, 1862.

Baboo Tarni Churn Roy, to officiate as Moonsiff of Hingajeah, Zillah Sylhet, on the full salary of the appointment.

The 18th January, 1862.

Moulvie Mohamed Natiq, a Diploma holder, to officiate as Moonsiff of Dundkhorah, Zillah Purneah, until further orders.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২১ জানুআরি।]

হয়েন, তবে সেই কথা ও যে জিলার মধ্যে তাঁহারদের ঐ সম্পত্তি থাকে ও তদ্বিষয়ের অন্য যে বিবরণ তোমার বিবেচনায় প্রয়োজনীয় হয় তাহা তাঁহারদের জ্ঞাত করিতে হইবেক। সেই সকল বিবরণের রেজিষ্টর প্রত্যেক প্রসীডেন্সীর কি লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের রাজধানীতে রাখিতে হইবেক। অচ্ছিত কার্য্যকারকেরদের ভূম্যধিকারী হইবার নিষেধ করিতে হইবেক না। পরন্তু সদর আমীনী কি ডেপুটী কালেকটরী কি তহসিলদারীপ্রভৃতি যে২ পদ প্রাপ্ত হইলে ব্যক্তিরা বহু শক্তিবান ও প্রতাপান্বিত হন, এমত পদে ভূম্যধিকারিরদের যে স্থানে সম্পত্তি থাকে সেই স্থানে তাঁহারদিগকে নিযুক্ত করা অবিহিত। ও তত্তৎপদে ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে হইলে যাহাতে তদ্বিষয়ে গবর্ণমেণ্টের বিবেচনার সাহায্য হয় ঐ সম্পত্তি বিষয়ক এমত উপযুক্ত সম্বাদ গবর্ণমেণ্টের নিকটে সর্ব্বদা থাকা উচিত।

৯।— আরো কোন কার্য্যকারক রাজকীয় কর্ম্মের যে শ্রেণীতে নিযুক্ত হউন তিনি ভারতবর্ষের কি অন্য স্থানের ভূম্যধিকারী হইলে তাঁহার যে সময়ে ও যদ্রূপ মনোযোগক্রমে দেওয়ানী কি সৈন্য সম্পর্কীয় কার্য্যে নিবিষ্ট থাকা উচিত সেই সময় তিনি ঐ সম্পত্তি তত্ত্বাবধারণের কার্য্যে হরণ না করেন ও সম্পত্তির অধিকারপ্রযুক্ত তাঁহার পূর্ব্বাপেক্ষা অধিক বার কি দীর্ঘকালীন ছুটী না হয়, এতদ্বিষয়ে স্থানবিশেষের গবর্ণমেণ্টের সতর্ক থাকা অত্যন্ত প্রয়োজন।

(২। শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের ১৮৬১ সালের ৩০ নবেম্বর তারিখের ২৯ নম্বরের পত্র।)

মন্ত্রিসভায় লিখিত আপনকার গত মসের ১ অকটোবর তারিখের ১৬ নম্বরের পত্র আমিও মন্ত্রি সভায় বিবেচনা করিয়া তদুপলক্ষে নির্দ্ধার্য্য করিলাম যে, আপনকার পরামর্শক্রমে আমার গত আগষ্ট মাসের ১০ তারিখের ২২ নম্বরের পত্রলিখিত নিয়ম মতান্তর করা উচিত। অর্থাৎ বঙ্গদেশীয় সিবিল সম্পর্কীয় কার্য্যকারক সাহেবেরা বাঙ্গলাপ্রভৃতি দেশের কোন স্থানে নিযুক্ত থাকিলে তাঁহারা পঞ্জাব ও অযোধ্যাপ্রভৃতি উত্তর পশ্চিম দেশে ভূমি সম্পত্তি প্রাপ্ত হইয়া অধিকার করিতে পারিবেন। ও উত্তর পশ্চিম দেশে নিযুক্ত কার্য্যকারকেরদের বাঙ্গলাপ্রভৃতিদেশে ভূমিপ্রাপ্ত হইয়া অধিকার করিবার অনুমতি হইতে পারিবেক। পরন্তু ইহাতে জানিতে হইবেক যে উক্ত কার্য্যকারক সাহেবেরা স্থান বিশেষের যে গবর্ণমেণ্টের অন্তর্গত দেশে ভূমি অধিকার করেন সেই দেশে তাঁহারা কোনক্রমে রাজকীয় পদে নিযুক্ত হইতে পারিবেন না।

ডবলিউ গ্রে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ১৩ জানুআরি।

শ্রীযুত বাবু তারিণীচরণ রায় জিলা ছিলটের হিঙ্গাজিয়ার মনসেফী পদের সম্পূর্ণ বেতন পাইয়া ঐ পদের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬২ সাল ১৮ জানুআরি।

যোগ্যতার পত্রপ্রাপ্তশ্রীযুত মৌলবী মহম্মদ নাতিক অন্য হুকুম নাহওয়াপর্য্যন্ত জিলা পূরনিয়ার দণ্ডখোরার মুনসেফের কর্ম্ম করিবেন।

LEAVES OF ABSENCE.

The 13th January, 1862.

Baboo Jadub Chunder Dey, B. A. and B. L., Moonsiff of Boroobaree, Zillah Rungpore, for 15 days, under Clause 2, Section V. of the Uncovenanted Absentee Rules.

The 18th January, 1862.

Baboo Ramdoollub Dass, Moonsiff of Sonamgunge, Zillah Sylhet, for three months, under Clause 1, Section VII. of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP, *Offg. Register.*

ছুটী।

১৮৬২ সাল ১৩ জানুআরি।

জিলা রঙ্গপুরের বড়বাড়ীর মুনসেফ শ্রীযুত বাবু যাদব চন্দ্র দে B A ও B L. অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে ১৫ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৮ জানুআরি।

জিলা সিলটের সোনামগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রামদুর্লভ দাস অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

এচ উইলিক ব্রৌন।

রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

১২৪ B নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৪ জানুআরি।

শ্রীযুত জে এন বুলেন সাহেব (Mr. J. N. Bullen,) কলিকাতার অনররি মাজিষ্ট্রেট হইবেন।

১৮৬২ সাল ৬ জানুআরি।

রাজশাহীর একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি এচ ফ্রেঞ্চ সাহেব (Mr. G. H. French,) এ জিলাতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

নীচের লিখিত মহাশয়েরা পশ্চাৎ লিখিত জিলাতে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন ও প্রত্যেকে স্বং এলাকার সকল কি কোন জিলার মধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। অর্থাৎ

শ্রীযুত ই এয়র সাহেব (Mr. E. Eyre,) বেহারে।

শ্রীযুত ডবলিউ স্কট সাহেব (Mr. W. Scott,) মুরশিদাবাদে।

শ্রীযুত এ রাট্টে সাহেব (Mr. A. Ratteray,) মেদিনীপুরে।

১৮৬২ সাল ৮ জানুআরি।

শ্রীযুত ডাক্তর সি পামর সাহেব (Dr. C. Palmer,) চব্বিশ পরগনার সিবিল চিকিৎসকের কর্ম্ম করিবেন।

ফরীদপুরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু আনন্দমোহন মজুমদার এ জিলাতে ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬২ সাল ৯ জানুআরি।

শ্রীযুত এচ বেল সাহেব (Mr. H. Bell,) বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ স্মিথ সাহেব (Mr. W. Smith,) মধ্যপুর এলাকা খণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন ও পুরুলীয়াতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১০ জানুআরি।

শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেব (Mr. J. P. H. Ward,) বাঙ্গলাদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে ডি ঔসলী সাহেব (Mr. J. D. Ouseley,) শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি টি মেটকাফ সাহেব (Mr. C. T. Metcalfe,) ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন, ও ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ ডয়লী সাহেব (Mr. W. H. D'Oyly,) রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

বাঁকুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যাদবচন্দ্র ঘোষ পুরুলীয়াতে নিযুক্ত হইয়াছেন ও এ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১১ জানুআরি।

বাকরগঞ্জের জজ শ্রীযুত আর এচ রসেল সাহেব (Mr. R. H. Russell,) ১৮৫২ সালের ১৫ আপ্রিল তারিখের বিজ্ঞাপনের নির্দ্দিষ্টমতে এ জিলাতে ১৮২৮ সালের ৩ আইন অনুসারে খাস কমিশানরের ক্ষমতা পাইয়াছেন এ বিজ্ঞাপন উক্ত আপ্রিল মাসের ২১ তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ হয়।

ছুটী।

১৮৬২ সাল ৮ জানুআরি।

হুগলী কালেজের সাহিত্য বিদ্যাধ্যাপক শ্রীযুত জে গ্রেবস সাহেব (Mr. J. Graves,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১১ জানুআরি।

শ্রীযুত জে এম লৌইস সাহেব (Mr. J. M. Lowis,) নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থে প্রস্তুত হওনের নিমিত্তে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সাহেবজাদা আহম্মদ আলী খাঁ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে একমাসের ছুটী পাইয়াছেন।

চব্বিশ পরগনার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মজুমদার অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁয়ের প্রথম প্রধান সদর আমীন শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১০ জানুআরি।

কলাগেছের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি জি ডি বেটস সাহেব (Mr. C. G. D. Betts,) বর্ত্তমান মাসের ২ তারিখে স্বীয় কর্ম্মের ভার গ্রহণ করাতে গত মাসের ৫ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইল।

---

১৪৫ B নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৬ জানুআরি।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কমলাকান্ত বসাক নগওয়ান এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন, ও মেদিনীপুরে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৯ জানুআরি।

শ্রীযুত অনরবিল এচ বি ডেবিক্স সাহেব (The Hon'ble H. B. Devereux,) নিমক চৌকীর তত্ত্বাবধারকের কর্ম্ম করিবেন, ও ১৮৩৮ সালের ২৯ আইনের ৩৩ ধারার নির্দ্দিষ্ট সীমার মধ্যে নিমকের এজেণ্টের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

মধ্যইপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এচ মেটকাফ সাহেব (Mr. H. H. Metcalfe,) ভাগলপুরে নিযুক্ত হইয়াছেন, ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১০ জানুআরি।

সম্বাদ দেওয়া যাইতেছে যে শাহাবাদে যে রাইফল বলমটের সৈন্যদল ভারতবর্ষের গবর্ণমেণ্ট মঞ্জুর করিয়াছেন সেই সৈন্যদলে নীচের লিখিত আফিসরেরা নিযুক্ত হইয়াছেন। অর্থাৎ

শ্রীযুত হেনরি ল্যাম্বর্ট সাহেব কমাণ্ডেণ্ট (Mr. Henry Lambert,)
শ্রীযুত জান মাকনামারা সাহেব (Mr. John Macnamara,)
শ্রীযুত তামস আর শার্বিন্টন সাহেব (Mr. Thomas R. Shervinton,)
শ্রীযুত জর্জ পি তামস সাহেব (Mr. George P. Thomas,)
লেপ্টেনেণ্ট।

১৮৬২ সাল ১৬ জানুআরি।

রাজশাহীর আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিবপ্রসাদ সান্যাল গত অক্টোবর মাসের ২৮ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১১ জানুআরি।

১৮৫৬ সালের ২০ আইনের ২ ধারামতে সম্বাদ দেওয়া যাইতেছে যে পাটনা জিলার অন্তর্গত দানাপুর শাহাদপুর শহরে উক্ত আইন অদ্যকার তারিখ অবধি প্রচলিত হইবে।

উক্ত আইনের ৩ ধারামতে আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে দানাপুরের ছাউনীর নিকটস্থ নীচের লিখিত গ্রাম ও মহল্লা উক্ত আইনের অভিপ্রায় সকল করণার্থ সংযুক্ত হইল।

১৮৫৬ সালের ২০ আইনের ৪ ধারামতে আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত গ্রামের ও মহল্লার যে২ সীমা পাটনার সরকারী রাজস্বের জরীপী কার্য্যের নক্সাত নির্দ্দিষ্ট হইয়া ১৮৫৫ সালের ৩০ আপ্রিল তারিখে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট মঞ্জুর করেন তাহাই তাহার সীমা হইবে।

উক্ত আইনের ১০ ধারামতে আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত সংযুক্ত গ্রামাদির মধ্যে যে টাক্স ধার্য্য করিতে হয় তাহা টাক্স দিবার যোগ্য ব্যক্তিরদের অবস্থা ও বক্তব্য সম্পত্তির অনুসারে ধার্য্য হইবে।

১। সিকন্দরপুর।
২। চক আল্লাদ্দা, ওরফে খগ্রী ও গদাধর চক।
৩। ওয়ালীপুর রিপুর ওরফে বিবিগঞ্জ।
৪। সুলতানপুর ও পাটুটোলা।
৫। শঙ্খনা।
৬। মৈনপুরা।
৭। তারাচক।
৮। মবারকপুর।
৯। শাপুর রাজহো।
১০। বিষ্ণুপুর গঞ্জ।
১১। বাগাযা।

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

শিল্পকর্ম্মের ও বাণিজ্যের ও কারবারের উপর টাক্স বসাইবার আইননামে ১৮৬১ সালের ১৮ আইনের বিধান সফল করণার্থে যে কার্য্যকারকেরা নিযুক্ত হন তাঁহারদের কার্য্যকরণের বিধি।

বাঙ্গলাদেশের গবর্ণমেণ্টের অধীন সকল জিলার মধ্যে, শিল্পকর্ম্মের ও বাণিজ্যের ও কারবারের উপর যে টাক্স বসান যাবে তাহা সদর ও মফঃসল আসেসর ডেপুটী কালেক্টরেরা ধার্য্য ও আদায় করিবেন, ও সেই কার্য্যেতে রাজস্বের উপরিস্থ কার্য্যকারকেরদের আজ্ঞাক্রমে জিলার কালেক্টর সাহেবেরদের তত্ত্বাবধারণ থাকিবে।

২। উক্ত আসেসর ডেপুটী কালেক্টরেরদের মহকুমার কি চাকলার মধ্যে যে ব্যক্তিরদের ইনকম টাক্স না লাগে, কিন্তু কারবারঅনুসারে যাহারা ১৮৬১ সালের ১৮ আইনমতে টাক্স দিবার যোগ্য হয়, এমত সকল লোকের নামের ফর্দ্দ তাঁহারা চলিত সনে সাধ্যমতে অরা করিয়া প্রস্তুত করিবেন, ও ইহার পরে প্রতি বৎসরে জুলাই মাসের মধ্যে তদ্রূপ ফর্দ্দ প্রস্তুত করিবেন। ঐ আসেসর ডেপুটী কালেক্টরেরদের অধীনে যে তহসীলদারেরা থাকে তাহারদের সাহায্যদ্বারা ঐ ফর্দ্দ প্রস্তুত হইতে পারিবে। প্রত্যেক মহকুমার কি চাকলার মধ্যে যত নগর ও গঞ্জ ও বাজার ও গ্রাম থাকে তাহা সেই ফর্দ্দে নির্দ্দিষ্ট থাকিবে। আরো ১। উক্ত প্রত্যেক নগরে ও গঞ্জে ও বাজারে ও গ্রামে যত ঘর ও দোকান থাকে তাহা, ও ২। সেই২ নগরাদিতে যত জন ঐ টাক্স দিবার যোগ্য হয় তাহারদের প্রত্যেকজনের নাম লিখিতে হইবেক। ইহার মধ্যে যাহারা দোকানদার কি কারবারি লোক হয় তাহারদের নাম অন্য লোকেরদের নামহইতে বিশেষ করিয়া লিখিতে হইবেক। মফঃসল আসেসর ডেপুটী কালেক্টরেরা আপন২ ফর্দ্দ প্রস্তুত করিলে তাহার এক কেতা নকল আপন জিলার সদর আসেসর ডেপুটী কালেক্টরের নিকটে পাঠাইবেন। তিনি ঐ ফর্দ্দ দুষ্টি ও সংশোধন করিয়া সাধারণ এক ফর্দ্দ প্রস্তুত করিবেন। সেই ফর্দ্দেতে টাক্স দিবার যোগ্য সকল ব্যক্তিকে পশ্চাৎ লিখিত সাধারণ নিয়মানুসারে শ্রেণীবদ্ধ করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২১ জানুআরি।]

৩। লোকেরদের নাম সাধারণমতে শ্রেণী করিয়া লিখিবার মূল নিয়ম এই। যে সকল নগরে কি স্থানে দুই শত ঘরের অধিক থাকে তাহার মধ্যে, ও যে সকল গঞ্জে ও চিরস্থায়ি বাজারে ৬ জনের অধিক দোকানদার কি কারবারের লোক থাকে তাহার মধ্যে, ফেরিওয়ালাভিন্ন যে সকল লোক ক্রয় বিক্রয় করে ও যাহারা কারবার করে, ও দোকান রাখে কি দ্রব্য সাজাইয়া বিক্রয় করে, তাহারা পূর্ব্বোক্ত আইনমতে টাক্স দিবার যোগ্য হইলে প্রথম শ্রেণীতে ধরা যাইবে। অন্যান্য২ স্থানে সেই প্রকারের সকল লোক, ও যে সকল ফেরিওয়ালা টাক্স দিবার যোগ্য হয়, তাহারদিগের নাম দ্বিতীয় শ্রেণীর মধ্যে লিখিতে হইবেক। অন্য কোন স্থানবাসি যে সকল লোক ঐ আইনমতে টাক্স দিবার যোগ্য হয়, তাহারা তৃতীয় শ্রেণীভুক্ত হইবেক। কিন্তু কোন স্থানবিশেষে যদি কারবারি সকল লোক এই বিধিমতে প্রথম শ্রেণীর মধ্যে আইসে, তবে জিলার কালেক্টর সাহেবেরা, ইচ্ছা লিখিয়া উপরিস্থ কার্য্যকারকেরদের আজ্ঞাক্রমে হুকুম করিতে পারিবেন, যে সেই সকল কারিবারি লোক দ্বিতীয় শ্রেণীর মধ্যে ধরা যায়। যদি কোন ব্যক্তি ঐ টাক্স দিতে না পারে, তবে সেই কথা নিশ্চয়মতে জানা গেলে, কালেক্টর সাহেবের, ঐ আইনের ৩ ধারার নির্দ্দিষ্টমতে তাহারদের মুক্ত হওয়ার সর্টিফিকট দিয়া তাহারদিগকে সেই টাক্সহইতে মুক্ত করিতে পারিবেন।

৪। প্রথম শ্রেণীর মধ্যে যাহারদের নাম লেখা থাকে, তাহারদের বৎসরে ৩৲ টাকা করিয়া টাক্স ধার্য্য হইবেক। দ্বিতীয় শ্রেণীর মধ্যে যাহারদের নাম লেখা থাকে তাহারদের বৎসরে ২৲ টাকা টাক্স ধার্য্য হইবেক। তৃতীয় শ্রেণীতে যাহারদের নাম লেখা থাকে, তাহারদের বৎসরে ১৲ টাকা টাক্স ধার্য্য হইবেক।

৫। পূর্ব্বোক্ত নিয়মমতে কোন২ স্থানের কারবারি সকল ব্যক্তিকে প্রথম শ্রেণীর মধ্যে ধরিতে হইবেক, তাহা কালেক্টর সাহেব রাজস্ব সম্পর্কীয় উপরিস্থ কার্য্যকারকেরদের আজ্ঞাধীনে নির্দ্ধার্য্য করিবেন।

৬। কালেক্টর সাহেব ঐ সাধারণ ফর্দ্দ পুনর্দৃষ্টি ও গ্রাহ্য করিলে পর তাহাতে স্বাক্ষর করিবেন, ও সেই ফর্দ্দের যে কথা যে মহকুমার কি চাকলার প্রতি খাটে তাহা নকল হইয়া সেই মহকুমায় কি চাকলায় পাঠান যাইবেক, ও তাহার এক কেতা নকল আসেসর ডেপুটী কালেক্টরের কাছারীতে, ও অন্য এককেতা নকল ঐ আইনের ৪ ধারার নির্দ্দিষ্টমতে মহকুমার কি চাকলার প্রত্যেক থানায় লটকান থাকিবে। উক্ত নকল পাইয়া প্রকাশ করিলে পর আসেসর ডেপুটী কালেক্টরেরা আপনারদের তহসীলদারেরদের সাহায্যেতে আপন২ মহকুমার কি চাকলার মধ্যে ঐ টাক্স দিবার যোগ্য ব্যক্তিরদের স্থানে টাক্স দাওয়া করিয়া আদায় করিবেন।

৭। প্রত্যেক জন তহসীলদারকে রসিদের চেকবহী তিন২ কেতা দেওয়া যাইবেক। ইষ্টাম্প ও ষ্টেসনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে জিলার কালেক্টর সাহেবেরা প্রার্থনা করিলে ঐ বহী পাইতে পারিবেন। ঐ চেক বহীতে সকল রসিদের ১। ২ ক্রমে নম্বর দেওয়া যাইবেক। তাহার তিন প্রকারের রঙ্গ থাকিবে অর্থাৎ ভিন্ন২ শ্রেণীর লোকেরদের স্থানে যত টাকা আদায় করিতে হইবে তদনুসারে, রাঙ্গা রসিদের ৩৲ টাকার ইষ্টাম্প, ও নীল বর্ণের রসিদে ২৲ টাকার ইষ্টাম্প, ও পীতবর্ণের রসিদে ১৲ টাকার ইষ্টাম্প থাকিবেক।

৮। কোন ব্যক্তির যে টাক্স দিতে হয় তাহা আদায় হইলে, তহসীলদার কি আসেসর ডেপুটী কালেক্টর, কিম্বা ক্ষমতাপন্ন অন্য যে কার্য্যকারক তাহা গ্রহণ করেন তিনি, উপযুক্ত বর্ণের রসিদে ঐ টাক্স দায়ি ব্যক্তির নাম ও বাসস্থান ও ব্যবসায় লিখিবেন, ও তাহার অনুলিপি যে রসিদ তাঁহার কাছে থাকিবে তাহাতেও তাহা লিখিবেন। সেই রসিদের ফল এই যে ঐ টাকা যে বৎসরের নিমিত্তে দেওয়া যায় সেই বৎসরে ঐ আইনমতে ঐ টাক্স দায়ি ব্যক্তির স্থানে অন্য টাকার দাওয়া হইতে পারিবে না। ঐ টাক্সসম্পর্কীয় বৎসর ১ আগষ্ট তারিখে আরম্ভ হইয়া ৩১ জুলাই তারিখে শেষ হইবে।

৯। এই আইনমতে টাক্সের দাওয়া উপযুক্তরূপে হইলে, যদি কোন ব্যক্তি তাহা দিতে স্বীকার না করে, কিম্বা অধিক বিলম্ব করাতে যদি ঐ টাকা আদায় করিবার অন্য উপায় আবশ্যক হয়, তবে ঐ বাকিদারের নামে রিপোর্ট সদর আসেসর ডেপুটি কালেক্টরের নিকটে করা যাইবেক। তাহাতে কালেক্টর সাহেব সাধারণ যে বিধি নির্দ্দিষ্ট করেন তদনুসারে ঐ ডেপুটী কালেক্টর আইনের ৬ ধারামতে ঐ টাকা আদায় করণের পরওয়ানা জারীর আজ্ঞা করিবেন।

১০। প্রতি মাসের প্রথম যে দিনে কাছারি খোলা থাকে, ও তৎপরে আসেসর ডেপুটী কালেক্টর যতবার আজ্ঞা করেন ততবার তহসীলদারেরা যে আসেসর ডেপুটী কালেক্টরের অধীন থাকেন তাঁহার নিকটে আপনারদের চেকের বহী ও পূর্ব্ব মাসে যত টাকা আদায় করিয়াছে তাহা লইয়া যাইবে। আসেসর ডেপুটী কালেক্টর আপন ফর্দ্দের সঙ্গে প্রত্যেক চেকের বহী মিলাইয়া দেখিবেন, ও যে ব্যক্তিরা ঐ টাক্স দিয়াছে সেই ফর্দ্দে তাহারদের নামে চিহ্ন দিবেন।

১১। তদ্রূপ চিহ্ন দেওয়া ফর্দ্দ দেখিয়া মফঃসল আসেসর ডেপুটী কালেক্টরেরা পশ্চাৎ লিখিত শিরোভাগের কথার এক কৈফিয়ৎ প্রস্তুত করিয়া প্রতি মাসের ১০ তারিখপর্য্যন্ত সদর আসেসর ডেপুটী কালেক্টরের নিকটে পাঠাইবেন। অর্থাৎ

১। স্থানের নাম।
২। যত টাক্স ধার্য্য হয় তাহার মোট।... ... ... ১ শ্রেণীমতে, ২ ঐ, ৩ ঐ
৩। গতমাসের শেষপর্য্যন্ত যত আদায় হয় তাহার মোট। ... ... ১ শ্রেণীমতে, ২ ঐ, ৩ ঐ
৪। বর্ত্তমান মাসের মধ্যে যত আদায় হয়। ... ... ১ শ্রেণীমতে, ২ ঐ, ৩ ঐ
৫। মোট আদায়। ... ... ১ শ্রেণীমতে, ২ ঐ, ৩ ঐ

৬। আদায় করিবার বাকী ... ... { ১ শ্রেণীমতে / ২ ঐ / ৩ ঐ

১২। ঐ কৈফিয়ৎ দেখিয়া সদর আসেসর ডেপুটী কালেক্টর সেই নিয়মানুসারে এক কৈফিয়ৎ প্রস্তুত করিয়া প্রতিমাসের ২০ তারিখপর্য্যন্ত জিলার কালেক্টর সাহেবের দ্বারা এলাকার কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইবেন। কিন্তু এই কৈফিয়তে স্থানের নামের পরিবর্ত্তে মহকুমার কি চাকলার নাম লিখিতে হইবে। তিন২ মাসের শেষে কমিস্যনর সাহেব সেই প্রকারের এক কৈফিয়ৎ বোর্ড রেভিনিউর নিকটে পাঠাইবেন কিন্তু তাঁহার কৈফিয়তে মহকুমার কি চাকলার নামের পরিবর্ত্তে জিলার নাম লিখিতে হইবে।

১৩। প্রতিমাসে যত টাকা আদায় হয় তাহা এলাকার কমিস্যনর সাহেবের আদেশমতে কালেক্টর সাহেব যে নিয়ম ও যে২ বিধি করেন সেই নিয়ম ও সেই২ বিধিমতে সদর মোকামে পাঠাইতে হইবে।

১৪। অনুমতিপত্রের টাক্স ধার্য্য কি আদায় করিবার কার্য্যে যে কোন কার্য্যকারক নিযুক্ত হন তিনি যদি উক্ত কর্ম্মসম্পর্কে কোন ছলনায় উক্ত বিধিভিন্ন অন্য কোন প্রকারে কোন ব্যক্তির স্থানে কিছু টাকা লন, তবে ১৮৬০ সালের ৩২ আইনের ১৯৫ ধারাক্রমে তাঁহার নামে মিসডিমিনরের অভিযোগে নালিশ হইবে ও তাঁহার ঐ ধারার নির্দ্দিষ্ট দণ্ড হইবেক ও তদতিরিক্ত সে কর্ম্মহইতে তগীর হইবার যোগ্য হইবেন।

বিজ্ঞাপন।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে কোন নগর কি গ্রাম বাসি যে সকল ব্যক্তি লভ্যের কি মুনাফার নিমিত্তে কোন শিল্পকর্ম্ম কি ব্যবসায় কি কারবার করে, তাহারদের স্থানে ১৮৬১ সালের ১৮ আইনমতে টাক্স আদায় হইবেক।

যে সকল নগরে ও গ্রামে ২০০ শত ঘরের অধিক থাকে, ও ব্যাণিজ্যের যে সকল গঞ্জে ও চিরস্থায়ি বাজারে ৬ জনের অধিক দোকানদার কি কারবারি লোক থাকে, তাহার মধ্যে যাহাদের ক্রয় বিক্রয়ের ব্যবসায় থাকে ও যাহারা কারবার করে ও দোকান রাখে ও দ্রব্য সাজাইয়া বিক্রয় করে, তাহারদের নাম প্রথম শ্রেণীতে লেখা যাইবে ও তাহারদের উপর বৎসরে ৩৲ টাকা টাক্স ধার্য্য হইবে। অন্য সকল স্থানে সেই প্রকারের লোকেরদের ও ফেরিওয়ালারদের নাম দ্বিতীয় শ্রেণীতে লেখা যাইবে, ও তাহারদের উপর বৎসরে ২৲ টাকা টাকস ধার্য্য হইবে।

কোন নগর কি ছোট কি বড় গ্রামবাসি অন্য যে সকল লোক অনুমতিপত্রের টাকস দিবার যোগ্য হয়; তাহারদের নাম রিটর্ণের মধ্যে তৃতীয় শ্রেণীতে লেখা যাইবে ও তাহারদের উপর বৎসরে ১৲ টাকা টাকস ধার্য্য হইবে।

ঐ টাকসসম্পর্কীয় বৎসর ১ আগষ্ট তারিখে আরম্ভ হইয়া ৩১ জুলাই তারিখে শেষ হইবে।

যাহারা ঐ টাকস দিবার যোগ্য হয়, তাহারদের নামের সাধারণ ফর্দ্দ কালেক্টর সাহেব দৃষ্টি করিয়া গ্রাহ্য করিলে, তাহাতে স্বাক্ষর করিবেন। ও সেই ফর্দ্দের যে কথা যে মহকুমার কি চাকলার উপর খাটে সেই কথার নকল সেই মহকুমাতে ও চাকলাতে পাঠান যাইবে, ও প্রত্যেক আসেসর ডেপুটী কালেক্টরের কাছারীতে তাহা লটকান যাইবেক। সেই ফর্দ্দেতে যাহারদের নাম লেখা না থাকে, তাহারদের ঐ টাকস দিতে হইবেক না। ঐ ফর্দ্দেতে যাহার নামের পার্শ্বে যত টাকা লেখা থাকে তাহার তত টাকার অধিক টাকস দিবার আজ্ঞা হইতে পারিবেক না। যাহারদের ঐ টাকস দিতে হয়, তাহারদের উপর কেহ প্রতারণা না করে ও তাহারদের স্থানে কেহ বলপূর্ব্বক অধিক টাকা লইতে না পারে, এই কারণে ঐ টাকস নীচের লিখিত মতে আদায় হইবে।

প্রথম শ্রেণীতে লিখিত হইয়া যাহারদের উপর বৎসরে ৩৲ টাকা টাকস ধার্য্য হয়, তাহারা টাকা দিলে তহশীলদারের স্থানে রাঙ্গা বর্ণের রসীদ পাইবে। বর্ণ দেখিয়া যথার্থ রসিদ জানা যাইতে পারিবে।

দ্বিতীয় শ্রেণীতে লিখিত হইয়া যাহারদের বৎসরে ২৲ টাকা টাকস ধার্য্য হয় তাহারা নীলবর্ণের রসীদ পাইবে। ও তৃতীয় শ্রেণীতে লিখিত হইয়া যাহারদের ১৲ টাকা টাকস ধার্য্য হয়, তাহারা পীতবর্ণের রসীদ পাইবে।

রসিদ না পাইলে টাকা দিতে হইবেক না। কোন বৎসরে ১ আগষ্ট তারিখ অবধি ৩১ জুলাই তারিখপর্য্যন্ত একবারমাত্র টাকার দাওয়া হইতে পারিবেক।

দাওয়া হইলে যে কেহ টাকস না দেয়, তাহার যত টাকস দিতে হয় তাহার তিনগুণ জরীমানা হইতে পারিবেক।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

জিলা বাঁকুড়া।

ইশ্‌তিহার।

ইনকম টাক্সের আইনের ১ ও ৩২ নম্বরের তফসীল।

হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞামতে এই নম্বাদ দেওয়া যাইতেছে যে ইনকম টাক্সের আইনের (অর্থাৎ ১৮৬০ সালের ৩২ আইনের) ১ ও ২ নম্বরের তফসীল মতে যাঁহাদের যে টাকস গতবৎসরে ধার্য্য হইয়াছিল তাঁহাদের সেই টাকস ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখ অবধি আর এক বৎসরের নিমিত্তে আদায় হইতে থাকিবে। কোন ব্যক্তির কি ব্যক্তিরদিগের পক্ষে অন্যরূপ নিয়ম উচিত বোধ হইলে তাঁহাকে কি তাঁহাদিগকে বিশেষ এত্তেলা দেওয়া যাইবে। কিন্তু ইহাতে যদি কোন ব্যক্তির আপত্তি থাকে তবে তিনি যে আসেসরের এলাকায় থাকেন তাঁহার নিকটে উক্ত তফসীল মতে আপনার লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম প্রার্থনা করিয়া লইয়া এই ইশ্‌তিহারের তারিখ অবধি দুই মাসের মধ্যে ঐ রিটর্ণ দাখিল করিবেন, তাহাতে সেই রিটর্ণ অনুসারে তাহার ১৮৬০ সালের উক্ত ৩২ আইন মতে টাক্স ধার্য্য হইবে। সন ১৮৬১। ১৪। ডিসেম্বর মঃ ১২৬৮ সাল ৩০ অগ্রহায়ণ।

W. J. Wells, *Offg. Collector.*

জিলা বাকরগঞ্জ।

ইশ্‌তিহার।

ইনকম টাক্সের আইনের ১ ও ৩২ নম্বরের তফসীল।

হজুর কৌন্‌সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে, ইনকম টাক্সের আইনের (অর্থাৎ ১৮৬০ সালের ৩২ আইনের) ১ ও ২ নম্বরের তফসীল মতে যাঁহাদের যে টাক্স গতবৎসরে ধার্য্য হইয়াছিল তাঁহারদের সেই টাক্স ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখঅবধি আর এক বৎসরের নিমিত্তে আদায় হইতে থাকিবে। কোন ব্যক্তির কি ব্যক্তিদিগের পক্ষে অন্যরূপ নিয়ম উচিত বোধ হইলে তাঁহাকে কি তাঁহাদিগকে বিশেষ এত্তেলা দেওয়া যাইবে। কিন্তু ইহাতে যদি কোন ব্যক্তির আপত্তি থাকে তবে তিনি যে আসেসরের এলাকায় থাকেন তাঁহার নিকটে উক্ত তফসীল মতে আপনার লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম প্রার্থনা করিয়া লইয়া এই ইশ্‌তিহারের তারিখ অবধি দুই মাসের মধ্যে ঐ রিটর্ণ দাখিল করিবেন। তাহাতে সেই রিটর্ণ অনুসারে তাহার ১৮৬০ সালের উক্ত ৩২ আইন মতে টাক্স ধার্য্য হইবে।

C. Harvey, *Offg. Collector.*

জিলা ত্রিপুরা।

ইশ্‌তিহার।

ইনকম টাক্সের আইনের ১ ও ২ নম্বরের তফসীল।

হজুর কৌন্‌সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে, ইনকম টাক্সের আইনের (অর্থাৎ ১৮৬০ সালের ৩২ আইনের) ১ ও ২ নম্বরের তফসীলমতে যাঁহারদের যে টাক্স গত বৎসরে ধার্য্য হইয়াছিল তাঁহারদের সেই টাক্স ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখঅবধি আর এক বৎসরের নিমিত্তে আদায় হইতে থাকিবে। কোন ব্যক্তির কি ব্যক্তিদিগের পক্ষে অন্যরূপ নিয়ম উচিত বোধ হইলে তাঁহাকে কি তাঁহাদিগকে বিশেষ এত্তেলা দেওয়া যাইবে। কিন্তু ইহাতে যদি কোন ব্যক্তির আপত্তি থাকে তবে তিনি যে আসেসরের এলাকায় থাকেন তাঁহার নিকটে উক্ত তফসীলমতে আপনার লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম প্রার্থনা করিয়া লইয়া এই ইশ্‌তিহারের তারিখঅবধি দুই মাসের মধ্যে ঐ রিটর্ণ দাখিল করিবেন। তাহাতে সেই রিটর্ণ অনুসারে তাহার ১৮৬০ সালের উক্ত ৩২ আইনমতে টাক্স ধার্য্য হইবে। তাং ২৬ ডিসেম্বর ১৮৬১ সাল।

জিলা ত্রিপুরার কালেক্টর সাহেবের আফিস। R. D. Mangles, *Collector.*

জিলা বগুড়া।

ইশ্‌তিহার।

ইনকম টাক্সের আইনের ১ ও ২ নম্বরের তফসীল।

হজুর কৌন্‌সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে ইনকম টাক্সের আইনের (অর্থাৎ ১৮৬০ সালের ৩২ আইনের) ১ ও ২ নম্বরের তফসীলমতে যাঁহাদের যে টাক্স গত বৎসরে ধার্য্য হইয়াছিল তাঁহাদের সেই টাক্স ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখঅবধি আর এক বৎসরের নিমিত্তে আদায় হইতে থাকিবে। কোন ব্যক্তির কি ব্যক্তিদিগের পক্ষে অন্যরূপ নিয়ম উচিত বোধ হইলে তাঁহাকে কি তাঁহাদিগকে বিশেষ এত্তেলা দেওয়া যাইবেক। কিন্তু ইহাতে যদি কোন ব্যক্তির আপত্তি থাকে তবে তিনি যে আসেসরের এলাকায় থাকেন তাঁহার নিকটে উক্ত তফসীলমতে আপনার লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম প্রার্থনা করিয়া লইয়া এই ইশ্‌তিহারের তারিখঅবধি দুই মাসের মধ্যে ঐ রিটর্ণ দাখিল করিবেন। তাহাতে সেই রিটর্ণ অনুসারে তাহার ১৮৬০ সালের উক্ত ৩২ আইনমতে টাক্স ধার্য্য হইবে। সন ১৮৬১। ১৪ ডিসেম্বর মঃ ১২৬৮ ৩০ অগ্রহায়ণ।

জিলা বগুড়া। ১৮৬২ সাল ৬ জানুআরি। T. P. Larkins, *Collector.*

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

ইশ্‌তেহারনামা কছারী কালেক্টরী জিলা চট্টগ্রাম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জিলাহায়ের নীচের লিখিত মহালাৎ মালগুজারীর বাকী বাবৎ ইঙ্গরেজী সন ১৮৬২ সাল তারিখ ১২ ফেব্রুআরি মতাবেক সন ১২৬৮ বাঙ্গলা তারিখ ২ ফাল্গুন রোজ বুধবার এই কালেক্টরী কাছারীতে বিনাওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬২ ইঙ্গরেজী তারিখ ১৪ জানুআরি।

প্রথম শ্রেণীর কায়েমি মহাল।

২১২ নং তরফ ইনচ আই অপ মানিক মনিরাম ও মাহাম্মদ আফজল্লা ও জয়গোপাল দত্ত ও এলাহা বক্স ও ওয়ারিস খাঁ কয়জলি খাঁ ও হরফরাজ খাঁ ও মাহাৎ ছলিম ও মাহাৎ আছাদ ও হায়দরআলী ও হরফআলী ও মাগণ ও জয়গোপাল দত্ত ও রামহরি ও ব্রজমোহন সেন ও মলকা বিবি ও আলেআর খাঁ ও শ্রীমতী অলকা ও নোয়াজিম ওয়এচ খাঁ ও আবু খাঁ ও আবুলহোচন সদর জমা ... ... ২২৭২ ।০ ৬

J. D. Ward, *Collector.*

ইশ্‌তাহারনামা কাছারী কালেক্টরী জেলা হুগলী।

ইহার দ্বারা জানান যাইতেছে যে জেলা হুগলীর সীমাভুক্ত হুগলী নদীর ফিশরি অর্থাৎ মৎস্য মহালের ইজারা গবর্ণমেণ্টের হুকুমমতে রহিত হইয়া খাস তহসীলের অধীনে আসিয়াছে অতএব সকল লোককে সতর্ক করা

[*Government, Gazette, 21st January, 1862.*]

যাইতেছে যে সরকারহইতে প্রথমতঃ পাট্টা গ্রহণভিন্ন কোন ব্যক্তি উক্ত নদীতে মৎস্য ধরিতে প্রবর্ত্ত না হয় ঐরূপ পাট্টাভিন্ন যদ্যপি কোন ব্যক্তিকে উক্ত সরহদ্দের মধ্যে মৎস্য ধরিতে দেখা যায় তবে সে ব্যক্তি উক্ত অপরাধের জন্য সোপর্দ্দ হইবেক এবং পাট্টা পাইবার প্রার্থনায় যে কেহ দরখাস্ত করিতে চাহে তাহারা জেলা হুগলীর কালেক্টরী কাছারীতে হাজির হইয়া দরখাস্ত করিতে পারিবেক ইতি ইং ১৮৬১ সাল তারিখ ২৩ ডিসেম্বর।

A. V. PALMER, *Collector*.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ড বিধির আইন ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া শ্রীরামপুরের যন্ত্রালয়ে উত্তম কাগজে ও উত্তম অক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ টাকামাত্র।

এতদ্দ্বারা ফৌজদারী আদালত সম্পর্কীয় কার্য্যকারকদিগকে জ্ঞাপন করা যাইতেছে যে নিম্নলিখিত আইন সকল কলিকাতা চিৎপুর রোডস্থ বটতলার ২৪৬ নং বাটীতে বিদ্যারত্ন যন্ত্রালয়ের অধীন পুস্তকালয়ে বিক্রয়ার্থে প্রস্তুত আছে যাঁহারদিগের প্রয়োজন হইবেক তাঁহারা উক্ত যন্ত্রালয়ে পত্র কিম্বা লোক প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন

১৮৬১ সালের ৫ ও ২৫ আইন মূল্য ২৲ টাকা।

১৮৬০ সালের দণ্ডবিধি নামক ৪৫ আইন মূল্য ২৲ টাকা।

১৮৬১ সালের ৫ ও ২৫ ও ৩৩ এবং ১৮৬০ সালের দণ্ডবিধি নামক ৪৫ আইন এবং সদর নিজামত আদালতের সরক্যুলর অর্ডর সম্বলিত মূল্য ৫৲ টাকা।

১৮৬১ সালের ২৫ আইন ইংরাজী বাঙ্গালা মূল্য ৩৲ তিন টাকা।

শ্রী বেণীমাধব দে।

বিজ্ঞাপন।

ইহাতে সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইন মুদ্রাঙ্কন হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ডাক মাসুল সমেত ২/০ টাকা

উপরোক্ত আইনে পোলীসের যে নূতন বিধান হইয়াছে তাহার সারমর্ম্ম মূল্য ডাকমাসুলসমেত ৷৷০ আনা।

উক্ত পুস্তক যাঁহার প্রয়োজন হয় হুগলি জিলার জাহানাবাদ থানার নায়েব দারগা শ্রীদ্বারকানাথ বন্দ্যোপাধ্যায়ের নিকটে মূল্য সহ পত্র লিখিলে প্রাপ্ত হইবেন। মূল্যের টাকা মোট, কি হুণ্ডি, বা ৲১০ কি ৲০ আনার হারে পোষ্টাম্প দ্বারা পাঠাইলে হইতে পারিবেক।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ডবিধির আইন নির্ঘণ্ট সহ শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২ টাকা মাত্র।

আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন নির্ঘণ্ট সহ উক্ত যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। পূর্ব্বোক্ত দণ্ডবিধির আইন যে স্থলে যেরূপে খাটে ও ফৌজদারী মোকদ্দমার বিচারাদি কার্য্য যেরূপে করিতে হইবে তাহা এই আইনেতে ব্যক্ত হইয়াছে। মূল্য ২৷৷০ টাকা মাত্র।

আরো দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ১৮৬১ সালের ২৩ আইনঅনুসারে সংশোধিত হইয়া উক্ত যন্ত্রালয়ে পুনশ্চ মুদ্রাঙ্কিত হইতেছে আগামি জানুআরি মাসের মধ্যে বিক্রয়ার্থে প্রস্তুত হইবেক। মূল্য ২৷৷০ টাকা মাত্র।

উক্ত পুস্তকত্রয় যাঁহারদের প্রয়োজন থাকে তাঁহারা শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের অনুবাদক জান রাবিনসন সাহেবের নিকটে কিম্বা কলিকাতায় ডিরোজারিও সাহেবের পুস্তকালয়ে কিম্বা নূতন চিনা বাজারের ৪৭ নম্বর বাটীতে শ্রীপদ্মলোচন নাথের নিকটে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। ডাকযোগে পুস্তক পাঠাইতে হইলে মূল্যাতিরিক্ত ডাক মাসুলও লাগিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২১ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 28, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ২৮ জানুআরি।

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 5.

To the Civil Judges in the Lower Provinces.

Dated Calcutta, the 23rd January, 1862.

I am directed to request that you will be so good as to correct the list of holidays for the current year forwarded with my predecessor's Circular No. 41, dated 14th ultimo, as follows :—

Bussunt Punchomee 3rd and 4th February, 22nd and 23rd Maugh, Monday and Tuesday, 2 days.

(Signed) H. T. PRINSEP,
Offg. Register.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 18th January, 1862.

Baboo Sham Doss Mookerjee, Moonsiff of Gowas, Zillah Moorshedabad, for one month, under Clause 1, Section VII. of the Uncovenanted Absentee Rules.

Baboo Bessessur Chuckerbutty, Moonsiff of Singhea, Zillah Jessore, for two months, under Clause 1, Section VII. of the Uncovenanted Absentee Rules.

The 24th January, 1862.

Moulvie Musheutoollah, Moonsiff of Shahzadpore, Zillah Rajshye, for 12 days, under Clause 1, Section VII. of the Uncovenanted Absentee Rules.

The 25th January, 1862.

Baboo Gournarain Mozoomdar, Moonsiff of Noubutpore, Zillah Patna, for two months, under Section V. of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP., *Offg. Register.*

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৫ নম্বর।

বাঙ্গলা প্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

কলিকাতা ১৮৬২ সাল ২৩ জানুআরি।

আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে আমার অগ্রে যিনি রেজিষ্টর ছিলেন তিনি গত মাসের ১৪ তারিখের ৪১ নম্বরের সরক্যুলরপত্রের সঙ্গে চলিত সনের ছুটীর যে ফর্দ্দ প্রকাশ করেন তাহা পশ্চাৎ লিখিত মতে সংশোধন কর।

বসন্ত পঞ্চমী ৩ ও ৪ ফেব্রুআরি ২২ ও ২৩ মাঘ সোম ও মঙ্গলবার ২ দিন।

এচ টি প্রিন্সেপ।
একটিং রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৬২ সাল ১৮ জানুআরি।

জিলা মুরশিদাবাদের গৌয়াসের মুনসেফ শ্রীযুত বাবু শ্যামদাস মুখুয্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা যশোহরের সিংঝিয়ার মুনসেফ শ্রীযুত বাবু বিশ্বেশ্বর চক্রবর্ত্তী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২৪ জানুআরি।

জিলা রাজশাহীর শাহজাদপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মশীয়ৎউল্লা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে দ্বাদশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২৫ জানুআরি।

জিলা পাটনার নৌবৎপুরের মুনসেফ শ্রীযুত বাবু গৌরনারায়ণ মজুমদার অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ। একটিং রেজিষ্টর।

No. 16.

NOTIFICATION.

It is hereby notified to the Public, that Government is desirous of seeing the ordinary works of the Department carried out by Contract, and that Superintending Engineers have been requested to [illegible] having the Contract system fairly established, by calling for Tenders for the execution, at Schedule rates, of works at and in a small circle round the principal Stations of the Districts, where it is probable, that with fair encouragement, Contractors for Public Works would settle themselves as residents.

The Contracts would be at Schedule rates for all ordinary works required, and would run for a fixed term, so that builders, who have a small capital and a practical knowledge of work, shall be able, as residents of the Sudder Stations, to take up all ordinary works at the Stations, and a certain class of works in the Districts.

Parties who may be desirous of becoming Contractors at Stations should address the Superintending Engineer of the Circle.

Superintending Engineers have been instructed generally on the subject of this scheme for establishing Contractors for Public Works all over Bengal.

Colonel E. L. Ommanney, Superintending Engineer, Presidency Circle ...	Calcutta, No. 1, Camac Street.
H. Leonard, Esq., Superintending Engineer, South-Eastern Circle	Calcutta, No. 34, Park Street.
Lieutenant Colonel D. Reid, Superintending Engineer, Assam Circle	Gowhatty.
Major F. P. Layard, Superintending Engineer, Northern Circle	Bhaugulpore.
Lieutenant Colonel W. Maxwell, Superintending Engineer, Behar Circle	Gyah.
Captain D. W. A. R. Short, Superintending Engineer, Burdwan Circle ...	Burdwan.
T. W. Armstrong, Esq., Superintending Engineer, Cuttack Circle ...	Cuttack.

J. P. BEADLE, *Lieut.-Col.*,
Offg. Secy. to the Govt. of Bengal,
Public Works Department.

The 17th January, 1862.

বাঙ্গালা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

১৭৬ B নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৩ জানুআরি।

শ্রীযুত কাপ্তান জে মাসন সাহেব (Captain J. Masson,)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৮ জানুআরি।]

১৬ নম্বর।

বিজ্ঞাপন।

সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, রাজপথ ও গৃহাদি নির্ম্মাণার্থ নিরিশতা সম্পর্কীয় সাধারণ কার্য্য চুক্তিক্রমে নির্ব্বাহ হয়, গবর্ণমেণ্টের এমত অভিপ্রায় হওয়াতে সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রসাহেবদিগের নিকটে আদেশ হইয়াছে যে চুক্তিক্রমে উক্ত প্রকারের কার্য্য নির্ব্বাহ হওয়ার নিয়ম প্রচলিত করণার্থে তাঁহারা জিলার সদর মোকামের মধ্যে ও তাহার চতুর্দ্দিগস্থ কতক দূর-পর্য্যন্ত তফসীলের নির্দ্দিষ্ট হারে ঐ কার্য্য নির্ব্বাহের প্রস্তাব গ্রহণ করেন। রাজপথ ও গৃহাদি নির্ম্মাণার্থে যাহারা চুক্তি করিতে চাহে তাহারা উপযুক্ত মতের উৎসাহ পাইলে তাহারদের পূর্ব্বোক্ত মোকামে বাস করা সম্ভাবনা।

সাধারণ যে সকল কর্ম্ম প্রয়োজন তাহা করিবার চুক্তি তফসীলের নির্দ্দিষ্ট হারে করিতে হইবেক ও সেই চুক্তি নির্দ্ধারিত কালপর্য্যন্ত স্থির থাকিবে। তাহাতে গৃহ নির্ম্মাতা যে ব্যক্তিরদের পুঁজি অল্প কিন্তু কর্ম্ম করণের উত্তম জ্ঞান থাকে তাঁহারা সদর মোকাম নিবাসি হইলে এ মোকামের সাধারণ সকল কর্ম্ম ও জিলার মধ্যে বিশেষ প্রকারের কতক কর্ম্ম নির্ব্বাহ করিতে প্রবর্ত্ত হইতে পারিবেন।

যাঁহারা সদর মোকামে চুক্তি লইতে চাহেন তাঁহারা এলাকার সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবেরদের নিকটে প্রার্থনা করিলে সবিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

বঙ্গদেশের সকল স্থানে রাজপথ ও গৃহাদি নির্ম্মাণার্থ চুক্তিকারকদিগকে স্থাপন করণের এই নিয়মের বিশেষ সকল বৃত্তান্ত সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবদিগকে জ্ঞাত করা গিয়াছে।

ঐ ইঞ্জিনিয়র সাহেবেরদের নাম ও বাস স্থান এই।

কলিকাতা এলাকার সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিয়র শ্রীযুত কর্ণেল ই এল অম্মানি সাহেব, নিবাস কলিকাতা কামাক ষ্ট্রিটের ১ নং বাটী।

দক্ষিণ পশ্চিম চাকলার সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিয়র শ্রীযুত এচ লেনার্ড সাহেব নিবাস কলিকাতা পার্ক ষ্ট্রিটের ৩৪ নং বাটী।

আসাম চাকলার সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত লেপ্টেনেণ্ট কর্ণেল ডি রীড সাহেব নিবাস গৌহাটী।

উত্তর চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত মেজর এফ পি লেয়ার্ড সাহেব নিবাস ভাগলপুর।

বেহার চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত লেপ্টেনেণ্ট কর্ণেল ডবলিউ মাক্সএল সাহেব নিবাস গয়া।

বর্দ্ধমান চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রী কাপ্তান ডি ডবলিউ এ আর শর্ট সাহেব নিবাস বর্দ্ধমান।

কটক চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র শ্রীযুত টি ডবলিউ আর্ম্মষ্ট্রং সাহেব নিবাস কটক।

জে পি বীডল। লেপ্টেনেণ্ট কর্ণেল।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

দার্জিলিঙ্গে অনরারি মাজিষ্ট্রেট হইবেন, ও ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৩ সালের ২ আইন ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৯ জানুআরি।

শ্রীযুত অনরবিল এচ বি ডেবিক্স সাহেব (Hon'ble H. B. Devereux,) ১৮৬০ সালের ৩২ আইনমতে কলিকাতা রাজধানীর কমিস্যনর বোর্ডের মেম্বর হইবেন।

১৮৬২ সাল ১৩ জানুআরি।

শ্রীযুত এচ এল হারিসন সাহেব (Mr. H. L. Harrison,) বীরভূমে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটির সেক্রেটারী কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১৪ জানুআরি।

শ্রীযুত ই ফেয়র্লি সাহেব (Mr. E. Fairlie,) হুগলীর মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন, ও ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতা ক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১৫ জানুআরি।

বহিরার ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে কুক্ সাহেব (Mr. J. Cooke,) ত্রিহুতের মধ্যে মাজিস্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

ত্রিহুতের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে আর আণ্ডারসন সাহেব (Mr. J. R. Anderson,) ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারামতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইছেন।

১৮৬২ সাল ১৮ জানুআরি।

শ্রীযুত ডবলিউ মাকফরসন সাহেব (Mr. W. Macpherson,) রঙ্গপুরের মাজিস্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন ও তিনি যত দিন না পঁহুছেন তত দিনপর্য্যন্ত শ্রীযুত ই এচ উইনফিল্ড সাহেব (Mr. E. H. Whinfield,) মাজিস্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ কেম্বল সাহেব (Mr. W. Kemble,) রঙ্গপুরের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

নীচের লিখিত ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা উচ্চ পদপ্রাপ্ত হইয়াছেন। অর্থাৎ

সারণের শ্রীযুত জে মক্লৌড সাহেব (Mr. J. Macleod,)

পাটনার শ্রীযুত এচ ডবটন সাহেব (Mr. H. Deveton,)

চব্বিশপরগনার শ্রীযুত বাবু অভয়চরণ মল্লিক দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

চব্বিশপরগনার শ্রীযুত ডবলিউ হেশাম সাহেব (Mr. W. Heysham,)

বাচের শ্রীযুত এ এন কোল সাহেব (Mr. A. N. Cole,)

জরীপ ডিপার্টমেণ্টের যুত বাবু ব্রজসুন্দর মিত্র

বনগাঁয়ের শ্রীযুত ডবলিউ এচ রাইলণ্ড সাহেব (Mr. W. H. Ryland,) তৃতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

শাহাবাদের শ্রীযুত বাবু সূর্য্যকুমার মুখুয্যা

কটওয়ার শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মিত্র,

বাকরগঞ্জের শ্রীযুত বাবু অভয়চরণ বসু,

ভাগলপুরের শ্রীযুত বাবু রাধানাথ বসু,

ত্রিপুরার শ্রীযুত এল বারবর সাহেব (Mr. L. Barber,)

জেমকাঁদির শ্রীযুত বাবু শ্যামলানন্দ মুখুয্যা

বালেশ্বরের শ্রীযুত মৌলবী মহম্মদ আবদুল্লা খাঁ চতুর্থ শ্রেণীভুক্ত হইয়াছেন

ছুটী।

১৮৬২ সাল ১৩ জানুআরি।

শিবসাগরের সাবেক সব আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু ব্রজনাথ কারফরমা চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মার্চ মাসের ৫ তারিখ অবধি চারি মাসের ছুটী পান।

১৮৬২ সাল ১৫ জানুআরি।

সারণের সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর সি জে জাকসন সাহেব (Dr. C. J. Jackson,) গত অক্টোবর মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত মিলিটারী ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২ মে তারিখের হুকুমক্রমে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

অষ্টম পোলীস পল্টনের ডিটাচমেণ্টের অধ্যক্ষ শ্রীযুত লেপ্টেনেণ্ট ডি ডবলিউ দণ্ডাস সাহেব (Lieutenant D. W. Dundas,) রাজধানীস্থ চিকিৎসক সভায় উপস্থিত হইবার জন্যে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

মেদনীপুরের সদর আমীন শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র গত নবেম্বর মাসের ২০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সালের ১৬ জানুআরি।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত জে এ গ্রেহাম সাহেব (Mr. J. A. Graham,) লেডী জসিনীন নামক কলের জাহাজে বর্ত্তমান মাসের ১০ তারিখে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

সিবিল সম্পর্কীয় শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) বর্ত্তমান মাসের ১৩ তারিখে রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

২১৩B নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২৩ জানুআরি।

শ্রীযুত এচ জি পেনটর সাহেব (Mr. H. G. Paynter,) চব্বিশ পরগনাতে ১৮৬০ সালের ৩২ আইনের ২৩ ধারার লিখিত ক্ষমতা পাইয়াছেন।

১৮৬২ সাল ১৬ জানুআরি।

শ্রীযুত ডবলিউ এস সিটনকার সাহেব (Mr. W. S. Seton-Karr,) চাটিগাঁ এলাকার রাজস্বের ও দায়ের সায়েরীর কমিস্যানর হইবেন তিনি এইক্ষণে ছুটী লইয়া অনুপস্থিত আছেন।

শ্রীযুত বি এচ শক সাহেব (Mr. V. H. Schaleh,) ময়মন সিংহের সিবিল ও সেশন জজ হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত নদীয়ার কমিস্যানরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,) ময়মন সিংহে প্রথম শ্রেণীর মাজিস্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ জিলার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত টি বুসলেন সাহেব (Mr. T. Bruce Lane,) ত্রিহুতে দ্বিতীয় শ্রেণীর মাজিস্ট্রেট ও কালেক্ট হইবেন।

শ্রীযুত জে ডি ওয়ার্ড সাহেব (Mr. J. D. Ward,) বেহারের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত চাটিগাঁয়ের মাজিস্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এচ জি পেণ্টর সাহেব (Mr. H. G. Paynter,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ বেভ্রিজ সাহেব (Mr. H. Beveridge,) মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইয়া যশোহরের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন ও ঝিনিদহ এলাকাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত থাকিবেন।

শ্রীযুত এ আবরক্রম্বি সাহেব (Mr. A. Abercrombie,) চাটীগাঁয়ের মাজিস্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ত্রিপুরার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন

১৮৬২ সাল ১৮ জানুআরি।

শ্রীযুত এফ এম হালিডে সাহেব (Mr. F. M. Halliday,) মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত

হইয়া পূরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ত্রিহুতের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ রাইলণ্ড সাহেব (Mr. W. H. Ryland,) কুন্তিয়া এলাকাখণ্ডের কর্ম্মের ভাপ্ত হইয়াছেন।

শহর মুসিরাবাদ কি ময়মুন সিংহের শ্রীবৃদ্ধি করণার্থ নীচের লিখিত মহাশয়েরা ১৮৫০ সালের ২৬ আইনমতে কমিসানর হইবেন। অর্থাৎ

শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,)

শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র সান্যাল।

১৮ ২ সাল ২২ জানুআরি।

শ্রীযুত আর জে উইগ্রাম সাহেব (Mr. R. J. Wigram,) মালদহের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ জি মিলেট সাহেব (Mr. F. G. Millett,) পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এস কুপর সাহেব (Mr. S. Cooper,) গত নবেম্বর মাসের ১৯ তারিখাবধি গয়ার আফিসের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম করণার্থ নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬২ সাল ১৮ জানুআরি।

কুন্তিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ টি প্লাটস সাহেব (Mr. F. T. Platts,) অচিহ্নিত কার্ম্মকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার এক প্রকরণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২০ জানুআরি।

কটকের কমিসানর শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) আপন কর্ম্ম পুনর্গ্রহণার্থে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এস এফ ডেবিস সাহেব (Mr. S. F. Davies,) গত মাসের ১৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২২ জানুআরি।

ফোর্ট উলিয়মের পরীক্ষকবোর্ডের পরীক্ষকেরা প্রকাশ করিয়াছেন যে বাঙ্গাল পোলীস পল্টনের নীচের লিখিত আফিসরেরা গত মাসের ৯ তারিখে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

তৃতীয়পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত এফ আডমস সাহেব (Lieutenant F. Adams.)

প্রথম পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত জে এচ তামসন সাহেব (Lieutenant J. H. Thompson.)

ই এচ লশিংটন

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

জিলা বাঁকুড়া।

ইশ্তিহার।

ইনকম টাক্সের আইনের ১ ও ৩২ নম্বরের তফসীল।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে ইনকম টাক্সের আইনের (অর্থাৎ ১৮৬০ সালের ৩২ আইনের) ১ ও ২ নম্বরের তফসীল মতে যাঁহাদের যে টাক্স গত বৎসরে ধার্য্য হইয়াছিল তাঁহাদের সেই টাক্স ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখঅবধি আর এক বৎসরের নিমিত্তে আদায় হইতে থাকিবে। কোন ব্যক্তির কি ব্যক্তিদিগের পক্ষে অন্যরূপ নিয়ম উচিত বোধ হইলে তাঁহাকে কি তাঁহাদিগকে বিশেষ এত্তেলা দেওয়া যাইবে। কিন্তু ইহাতে যদি কোন ব্যক্তির আপত্তি থাকে তবে তিনি যে আসেসরের এলাকায় থাকেন তাঁহার নিকটে উক্ত তফসীল মতে আপনার লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম প্রার্থনা করিয়া লইয়া এই ইশ্তিহারের তারিখ অবধি দুই মাসের মধ্যে ঐ রিটর্ণ দাখিল করিবেন তাহাতে সেই রিটর্ণ অনুসারে তাহার ১৮৬০ সালের উক্ত ৩২ আইন মতে টাক্স ধার্য্য হইবে। সন ১৮৬১। ১৪। ডিসেম্বর মঃ ১২৬৮ সাল ৩০ অগ্রহায়ণ।

W. J. Wells, *Offg. Collector.*

জিলাবাকরগঞ্জ।

ইশ্তিহার।

ইনকম টাক্সের আইনের ১ ও ৩২ নম্বরের তফসীল।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে, ইনকম টাক্সের আইনের (অর্থাৎ ১৮৬০ সালের ৩২ আইনের) ১ ও ২ নম্বরের তফসীল মতে যাঁহাদের যে টাক্স গত বৎসরে ধার্য্য হইয়াছিল তাঁহারদের সেই টাক্স ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখঅবধি আর একবৎসরের নিমিত্তে আদায় হইতে থাকিবে। কোন ব্যক্তির কি ব্যক্তিদিগের পক্ষে অন্যরূপ নিয়ম উচিত বোধ হইলে তাঁহাকে কি তাঁহাদিগকে বিশেষ এত্তেলা দেওয়া যাইবে। কিন্তু ইহাতে যদি কোন ব্যক্তির আপত্তি থাকে তবে তিনি যে আসেসরের এলাকায় থাকেন তাঁহার নিকটে উক্ত তফসীল মতে আপনার লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম প্রার্থনা করিয়া লইয়া এই ইশ্তিহারের তারিখ অবধি দুই মাসের মধ্যে ঐ রিটর্ণ দাখিল করিবেন। তাহাতে সেই রিটর্ণ অনুসারে তাহার ১৮৬০ সালের উক্ত ৩২ আইন মতে টাক্স ধার্য্য হইবে।

C. Harvey, *Offg. Collector.*

জিলা ত্রিপুরা।

ইশ্তিহার।

ইনকম টাক্সেরআইনের ১ ও ২ নম্বরের তফসীল।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের আজ্ঞামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে, ইনকম টাক্সের আইনের (অর্থাৎ ১৮৬০ সালের ৩২ আইনের) ১ ও ২ নম্বরের তফসীলমতে যাঁহারদের যে টাক্স গত বৎসরে ধার্য্য হইয়াছিল তাঁহারদের সেই টাক্স ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখঅবধি আর এক

বৎসরের নিমিত্তে আদায় হইতে থাকিবে। কোন ব্যক্তির কি ব্যক্তিদিগের পক্ষে অন্যরূপ নিয়ম উচিত বোধ হইলে তাঁহাকে কি তাঁহাদিগকে বিশেষ এত্তেলা দেওয়া যাইবে। কিন্তু ইহাতে যদি কোন ব্যক্তির আপত্তি থাকে তবে তিনি যে আসেসরের এলাকায় থাকেন তাঁহার নিকটে উক্ত তফসীলমতে আপনার লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম প্রার্থনা করিয়া লইয়া এই ইশ্‌তিহারের তারিখঅবধি দুই মাসের মধ্যে ঐ রিটর্ণ দাখিল করিবেন। তাহাতে সেই রিটর্ণঅনুসারে তাহার ১৮৬০ সালের উক্ত ৩২ আইনমতে টাক্স ধার্য্য হইবে। তাং ২৬ ডিসেম্বর ১৮৬১ সাল।

জিলা ত্রিপুরার কালেক্টর সাহেবের আফিস। R. D. MANGLES, *Collector.*

জিলা বগুড়া।

ইশ্‌তিহার।

ইনকম টাক্সের আইনের ১ ও ২ নম্বরের তফসীল।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের আজ্ঞামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে ইন্‌কম টাক্সের আইনের (অর্থাৎ ১৮৬০ সালের ৩২ আইনের) ১ ও ২ নম্বরের তফসীলমতে যাঁহাদের যে টাক্স গত বৎসরে ধার্য্য হইয়াছিল তাঁহাদের সেই টাক্স ১৮৬১ সালের ৩১ জুলাই তারিখঅবধি আর এক বৎসরের নিমিত্তে আদায় হইতে থাকিবেক কোন ব্যক্তির কি ব্যক্তিদিগের পক্ষে অন্যরূপ নিয়ম উচিত বোধ হইলে তাঁহাকে কি তাঁহাদিগকে বিশেষ এত্তেলা দেওয়া যাইবেক। কিন্তু ইহাতে যদি কোন ব্যক্তির আপত্তি থাকে তবে তিনি যে আসেসরের এলাকায় থাকেন তাঁহার নিকটে উক্ত তফসীলমতে আপনার লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম প্রার্থনা করিয়া লইয়া এই ইশ্‌তিহারের তারিখঅবধি দুই মাসের মধ্যে ঐ রিটর্ণ দাখিল করিবেন। তাহাতে সেই রিটর্ণ অনুসারে তাহার ১৮৬০ সালের উক্ত ৩২ আইন মতে টাক্স ধার্য্য হইবে। সন ১৮৬১। ১৪ ডিসেম্বর মঃ ১২৬৮ ৩০ অগ্রহায়ণ।

জিলা বগুড়া। ১৮৬২ সাল ৬ জানুআরি। T. P. LARKINS, *Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা হুগলী।

ইহার দ্বারা জানান যাইতেছে যে জেলা হুগলীর সীমাভুক্ত হুগলী নদীর ফিশরি অর্থাৎ মৎস্য মহালের ইজারা গবর্ণমেণ্টের হুকুমমতে রহিত হইয়া খাস তহসীলের অধীনে আসিয়াছে অতএব সকল লোককে সতর্ক করা যাইতেছে যে সরকারহইতে প্রথমতঃ পাট্টা গ্রহণভিন্ন কোন ব্যক্তি উক্ত নদীতে মৎস্য ধরিতে প্রবর্ত্ত না হয় এরূপ পাট্টাভিন্ন যদ্যপি কোন ব্যক্তিকে উক্ত সরহদ্দের মধ্যে মৎস্য ধরিতে দেখা যায় তবে সে ব্যক্তি উক্ত অপরাধের জন সোপর্দ্দ হইবেক এবং পাট্টা পাইবার প্রার্থনায় যে কেহ দরখাস্ত করিতে চাহে তাহারা জেলা হুগলীর কালেক্টর কাছারীতে হাজির হইয়া দরখাস্ত করিতে পারিবেক ইতি ইং ১৮৬১ সাল তারিখ ২৩ ডিসেম্বর।

A. V. PALMER, *Collector.*

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা রঙ্গপুর।

এস্তাহার নামা কাছারি কালেক্টরি জেলা রঙ্গপুর।

সন ১৮১৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা রঙ্গপুরের নীচের লিখিত মহালাত সন ১২৬৮ সাল বাঙ্গলার লাগাএদ কিস্তী অগ্রহায়ণের বাকী মালগুজারীর নিমিত্তক বাকিদারের স্বত্ব সন ১৮৬২ ইংরেজীর ১০ ফেব্রুআরি মোতাবেক সন ১২৬৮ সালের ২৯ মাঘ রোজ সোমবার জেলা রঙ্গপুরের কালেক্টরী কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনাবাধাতে বিক্রী হইবেক ইতি সন ১৮৬২ ইংরেজি তারিখ ১৪ জানুআরি।

প্রথম শ্রেণীর মহাল।

চাকলে কাজীরহাটের মোতালক ৪০ নম্বরী মহাল মৌজে দেওনাই ওগয়রহের অধীন মৌজে ছাতনাই ।/৬ গণ্ডা যাহা ১৮১৪ ইংরেজির ১৯ আইন অনুসারে যে বাটওয়ায় আছে ঐ ।/৬ গণ্ডাকে ষোলআনা করিয়া তাহার মধ্যে চন্দআনা অংশ মালিক জিয়াউল্লা চৌধুরী সদর জমা ৬৩৭ ৷৵৫ পাই।

চাকলে কাজীরহাটের মোতালক ৮৩ নম্বরি মহাল মৌজে বড়দহের অধীন মৌজে ইটাখোলা রঘুনাথপুর ও ইটাখোলা বড় কোঙর হিস্যা /১৩ গণ্ডা ও মৌজে করা হিস্যা ৵১০ আনা যাহা ১৮১৯ সালের ১১ আইনের মর্ম্মানুসারে তৌজির হিসাব পৃথক্ হইয়াছে মালিক জয়মণি দাস্যা মাদরে রাজকুমারী দাস্যা সদর জমা ২৩৭ ।৵৬ পাই।

E. WHINFIELD, *Offg. Deputy Collecter in charge.*R

জিলা চব্বিশপরগনা।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা চব্বিশপরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবৎ ইংরাজি সন ১৮৬২ সালের ১০ ফেব্রুআরি মোতাবেক বাঙ্গলা সন ১২৬৮ সাল ২৯ মাঘ রোজ সোমবার ঐ জেলার কালেক্টরি কাছারীতে বিনাওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৬২ সাল তারিখ ২৩ জানুআরি মোতাবেক সন ১২৬৮ সাল তারিখ ১১ মাঘ।

[*Government Gazette, 28th January*, 1862.]

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৩১২ নং পং মুড়াগাছা মৌজে বেলশিঙ্গাওগয়রহ লিখিত মালিক হরমোহন মুখোপাধ্যায় সদর জমা কোং ১২৮৭৬ ৷৶২

দ্বিতীয় শ্রেণী গয়ের বন্দবস্তীহওয়া মহাল।

১৮২৮ নং বাজেয়াপ্তী তৌজির মহাল বিল গেদেড়া লিখিত মালিক প্রাণনাথ রায় চৌধুরী সদর জমা কোং ১৭৮৯৶৩

G. BRIGHT, *Collector.*

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ি জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নের লিখিত কাএমি বন্দবস্তী মহাল সন ১৮৬১ সালের লাগাএত কিস্তি ডিসেম্বরের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৬২ সালের ৭ ফেব্রুআরি মোতাবেক সন ১২৬৮ সালের ২৬ মাঘ শুক্রবার জেলা মজুরের কালেক্টরির কাছারিতে অবশ্য নীলাম হইবেক ইতি সন ১৮৬২। ১৫ জানুআরি মোতাবেক সন ১২৬৮। ৩ মাঘ।

শ্রেণীর নম্বর	মাহালের প্রকরণ	তৌজীর নম্বর	নাম মাহাল	নাম তালুকদার	সদর জমা	কৈফিয়ৎ
১	প্রথম শ্রেণীর মাহাল	৪৬৪	মৌজে শঙ্করপুর পং ফতেসিংহ	গঙ্গানারায়ণ ও ঈশ্বরচন্দ্র ও মহেশচন্দ্র ও রামনারায়ণ রায়	৭০৭ ৸৫	সমুদয় মাহাল নীলাম হইবেক।

H. A. COCKERELL, *Collector.*

জিলা দিনাজপুর।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা দিনাজপুরের নীচের লিখিত মহালাত ১৮৬২ সালের ১২ জানুআরি তকের বাকী মালগুজারীর নিমিত্তক ১৮৬২ সালের ১৫ ফেব্রুআরি মোতাবেক ১২৬৮ সালের ৫ ফালগুন এই জেলার কালেক্টরিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর চিরস্থায়ি বন্দোবস্তহওয়া মহাল।

তৌজির নম্বর। মৌজে চকদা পটী ও গএরহ পরগনে শুলতানপুর মোট সদর জমা ৭১৮০ ২০৮ নং ।৶৪ ৸ রেজেষ্টরির লিখিত মালিক উমাশঙ্করী ও দয়াময়ী ও হরসুন্দরী গুপ্তা হিস্যে ।/১০ ও শিবসুন্দরী মাদরে করুণাকিশোর ও তারিণীকিশোর হিস্যে ৶১০ ও ভুবনমোহন নেউগী ও কৃষ্ণমোহন নেউগি ও রাজমোহন ও জগমোহন নেউগী ও মেনকাসুন্দরী গুপ্তা জওজে মৃত হরমোহন নেউগী মাদরে ওলি পক্ষে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নেউগী নাবালগান হিস্যে ॥০ আনা।

২৯৯ নং মৌজে বেন তৈড় পং মহশো রেজিষ্টরির লিখিত মালিক নরনারায়ণ ও তারক নাথ চৌধুরি সদর জমা ১৪২৯/ ৸

৩০৯ নং মৌজেশীমুলডাঙ্গা পং তথা মালিক তথা সদর জমা ৫৮৮ ৷৶০।

১৮৬২ সাল ইংরেজি তারিখ ১৬ জানুআরি।

কৈফিয়ৎ।

এই মহালের ।/১০ আনা ও ৶১০ আনার মালিকান আপনং অংশের খাজানা আদায় করিয়াছে। ভুবনমোহন নেউগী মোক্তার স্ত্রীং উমাময়ী গুপ্তা মাদরে রমণীমোহন নেউগী নাবালগ ও কৃষ্ণমোহন রাজমোহন জগমোহন নেউগী ও মেনকাসুন্দরী গুপ্তা জওজে মৃত হরমোহন মাদরে ওলিপক্ষে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নেউগী নাবালগানের হিস্যা ॥০ আনা যে তাহার বাবৎ ৩৫৯০৶২ ৷৷ পাই সদর জমা হয় ঐ হিস্যার খাজানার হিসাব ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারার মর্ম্মমত পৃথক করে তাহার নাগায়ত ১২ জানুআরির তলবি রাজস্ব ৮২৮৮৯ পাই আদায় না করাতে উক্ত আইনের ১৩ ধারার মর্ম্মানুসার ঐ হিস্যা নিলামে ধরা গেল।

E. E. WOODCOCK, *Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষের দণ্ড বিধির আইন ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া শ্রীরামপুরের যন্ত্রালয়ে উত্তম কাগজে ও উত্তম অক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ টাকামাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৮ জানুআরি।]

অটুয়া, ও ধানুড়িয়া দিগর এবং তরফ বারপুর ত্রয় মহল আমার স্বোপার্জিত বস্তু তাহার দলিল ও কএক কাগজ খোয়া গিয়াছে যে কেহ ঐ দলিল আমারনিকট উপস্থিত করিবেক তাহাকে ৫০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবেক এবং সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে ঐ দলিল দ্বারা কেহ কোন সন্ধান হইবেক না।

শ্রীকৃষ্ণনাথ মুন্সি।
জেলা জসর থানা মাগুরা সাং কাদীর পাড়া।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইন নির্ঘণ্ট সহ শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। মূল্য ২ টাকা মাত্র।

আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন নির্ঘণ্ট সহ উক্ত যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত হইয়াছে। পূর্ব্বোক্ত দণ্ডবিধির আইন যে স্থলে যেরূপে খাটে ও ফৌজদারী মোকদ্দমার বিচারাদি কার্য্য যেরূপে করিতে হইবে তাহা এই আইনেতে ব্যক্ত হইয়াছে। মূল্য ২৷৷০ টাকা মাত্র।

আরো দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ১৮৬১ সালের ২৩ আইনঅনুসারে সংশোধিত হইয়া উক্ত যন্ত্রালয়ে পুনশ্চ মুদ্রাঙ্কিত হইতেছে জানুআরি মাসের মধ্যে বিক্রয়ার্থে প্রস্তুত হইবেক। মূল্য ২৷৷০ টাকা মাত্র।

উক্ত পুস্তকত্রয় যাঁহারদের প্রয়োজন থাকে তাঁহারা শ্রীরামপুর তমোহর যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের অনুবাদক জান রাবিনসন সাহেবের নিকটে কিম্বা কলিকাতায় ডিরোজারিও সাহেবের পুস্তকালয়ে কিম্বা নূতন চিনা বাজারের ৪৭ নম্বর বাটীতে শ্রীপদ্মলোচন নাথের নিকটে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। ডাকযোগে পুস্তক পাঠাইতে হইলে মূল্যাতিরিক্ত ডাক মাসুলও লাগিবে।

বিজ্ঞাপন।

ইহাতে সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইন মুদ্রাঙ্কন হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ডাক মাসুল সমেত ২/০ টাকা

উপরোক্ত আইনে পোলিসের যে নূতন বিধান হইয়াছে তাহার সারমর্ম্ম মূল্য ডাকমাসুলসমেত ৷৷০ আনা।

উক্ত পুস্তক যাঁহার প্রয়োজন হয় হুগলি জিলার জাহানাবাদ থানার নায়েব দারগা শ্রীদ্বারকা নাথ বন্দ্যোপাধ্যায়ের নিকটে মূল্য সহ পত্র লিখিলে প্রাপ্ত হইবেন। মূল্যের টাকা মোট, কি হুণ্ডি বা ৲১০ কি /০ আনার হারে পোষ্টাপ দ্বারা পাঠাইলে হইতে পারিবেক।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে শ্রীরামপুরের ছাপাখানায় থেকর রেজারিও কোং নিকট রঙ্গপুর ওঁ গুয়াহাটী আসামে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

সটীক শ্রীমদ্ভাগবত ... ৩৩৲
শব্দাম্বুধি ৩৮০০০ শং ২৷৷০
নূতনাভিধান ২০০০০ ঐ ১৲
অমরার্থ দীধিতি ... ১৷৷০
হরিভক্তি বিলাস সটীক ১০৲
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ৩২ সংখ্যাপর্য্যন্ত . ৮৲ এবং প্রতিমাসে একং খণ্ড প্রকাশ হইতেছে ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯ স্কন্ধ ৪৸০
যোগবাশিষ্ঠ ১নাং১৬সর্গ ৪
জ্ঞানরত্নাকর ... ২৲
অষ্টাদশ পর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা ১ খণ্ড ৪৲
সপ্তকাণ্ড রামায়ণ প্রং...২৲
আরব্যোপাখ্যান ১নাং ৫, পঞ্চম খণ্ডে ... ... ৫৲
অপূর্ব্বোপাখ্যান, ২১প্রং২
বত্রিশ সিংহাসন, গদ্য ১৲
আচ্যকৃত ইং বাং ডিক্সনরি অর্থাৎ ইং শব্দের ইংও বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই...৫৲
শিবসংকীর্ত্তন .. ১৲
ইংরাজী শকুন্তলা ..... ১৲
ইং প্রবোধচন্দ্র নাটক ১৲
পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইং বাং সং ২
কাজীর বিচার ৷৷০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহচৌরপঞ্চাশতএক জেলেদে ১০ খণ্ড প্রতিমূর্ত্তি
রোবক ও হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ..... ৪০৲
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিক্সনরি ২ বালম ..... ৫০৲
রোম দেশীয় ইতিহাস ৬৲
গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲
ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲
পঞ্চাবেতিহাস ... ...১৲
প্রাচীন ঐ ... ...২৲
ন্যায়দর্শন ২৷৷০
পুরাবৃত্ত বিবরণ ... .. ১৲
সটীক শ্রীমদ্ভগবদগীতা ও আনন্দ গিরির টীকাসম্বলিত ... ... ৭৲
চাহার দরবেশ ... ১৲
প্রিয়ম্বদ... ... ... ১৲
কেরি বাং ইং ডিক্সনরি ৫০৲
বিদ্যাকল্পদ্রুম ৩২৲
পূর্ণচন্দ্রোদয় ... ৮
রাজা রামমোহন রায়ের জীবনচরিত্র ও গীতাবলী।০
চিকিৎসাসার ১৷৷০
বেদান্তসার ... ১৲
মদ খাওয়া বড়দায় ৷৷০
কোলব্রুকের অমরকোষ ৮৲
হিতোপদেশ অর্থসম্বলিত ১
চাণক্য ও নবরত্নের শ্লোকঐ
ইন্ কমটাক্স ।০
গবর্ণমেণ্ট আইন ইং ১৭৯৩ নাং ১৮৩৩ ৯ বালম ১০০
শব্দসাধন মুক্তাবলী ৩খণ্ড ৩
চমৎকার হিরাজাদ ১
আলালের ঘরের দুলাল ৸০
মাজিষ্ট্রেটীয় উপদেশ ...৬৲
নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানী হইয়াছে।
তিলোত্তমা কাব্য ১৲
নাট্য পরিশিষ্ট নাটক ১
প্রস্থান ভেদ ... ।০
রসরঞ্জিকা ... .

শ্রীঅদ্বৈতচন্দ্র আঢ্য।

[*Government Gazette, 28th January*, 1862.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 4, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ৪ ফেব্রুআরি।

No. 2070.

PROCLAMATION.

HOME DEPARTMENT.

Fort William, November 16, 1861.

WHEREAS it is declared by the 54th Section of the Act 24 and 25 Vic., C. 67, entitled "An "Act to make better Provision for the Constitu-"tion of the Council of the Governor General of "India, and for the Local Government of the "several Presidencies and Provinces of India, and "for the temporary Government of India in the "event of a Vacancy in the Office of Governor "General," that the said Act shall commence and come into operation as soon as the same shall have been published by the Governor General in Council by Proclamation, His Excellency the Governor General in Council does hereby publish and proclaim the said Act for general information.

২০৭০ নম্বর।

বিজ্ঞাপন।

হোম ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম। ১৮৬১ সাল ১৬ নবেম্বর।

"ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের কৌন্সেল (অর্থাৎ মন্ত্রিসভা) সংস্থাপনের ও ভারতবর্ষের ভিন্ন২ প্রসীডেন্সীর ও প্রদেশের গবর্ণমেণ্ট অর্থাৎ কর্ত্তৃত্ব কার্য্য হওনের, ও গবর্নর্ জেনরলের পদ কোন সময়ে শূন্য হইলে কিয়ৎকালের নিমিত্তে ভারতবর্ষের কর্ত্তৃত্ব হওনের সুবিধান করিবার আইন" নামে শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ৫৪ ধারাতে ব্যক্ত হইয়াছে যে, হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সময়ে বিজ্ঞাপন পত্রদ্বারা উক্ত আইন প্রকাশ করেন সেই সময়াবধি তাহা প্রচলিত হইবে। এই হেতুতে হজুর কৌনসেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে উক্ত আইন প্রকাশ করিতেছেন।

ANNO VICESIMO QUARTO & VICESIMO QUINTO.

VICTORIÆ REGINÆ.

* * * \

in certain respects amended, and that Power should be given to the Governors in Council of the Presidencies of *Fort Saint George* and *Bombay* to make Laws and Regulations for the Government of the said Presidencies, and that Provision should be made for constituting the like Authority in other Parts of Her Majesty's *Indian* Dominions: Be it therefore declared and enacted by the Queen's most Excellent Majesty, by and with the Advice and Consent of the Lords Spiritual and Temporal, and Commons, in this present Parliament assembled, and by the Authority of the same, as follows:—

[Short Title.]

1. This Act may be cited for all Purposes as "The *Indian* Councils Act, 1861."

[Acts and Parts of Acts repealed.]

2. Sections Forty, Forty-three, Forty-four, Fifty, Sixty-six, Seventy, and so much of Section Sixty-one and Sixty-four as relates to Vacancies in the Office of Ordinary Member of the Council of *India*, of the Act of the Third and Fourth Years of King *William* the Fourth, Chapter Eighty-five, for effecting an Arrangement with the *East India* Company, and for the better Government of Her Majesty's *Indian* Territories, till the Thirtieth Day of *April* One thousand eight hundred and fifty-four, Sections Twenty-two, Twenty-three, Twenty-four, and Twenty-six of the Act of the Sixteenth and Seventeenth Years of Her Majesty, Chapter Ninety-five, "to provide for the Government of *India*," and the Act of the Twenty-third and Twenty-fourth Years of Her Majesty, Chapter Eighty-seven, "to remove Doubts as to the Authority of the "Senior Member of the Council of the Governor "General of *India* in the Absence of the President," are hereby repealed, and all other Enactments whatsoever now in force with relation to the Council of the Governor General of *India*, or to the Councils of the Governors of the respective Presidencies of *Fort Saint George* and *Bombay*, shall, save so far as the same are altered by or are repugnant to this Act, continue in force, and be applicable to the Council of the Governor General of *India* and the Councils of the respective Presidencies under this Act.

[Composition of the Council of the Governor General of India.]

3. There shall be Five ordinary Members of the said Council of the Governor General, Three of whom shall from Time to Time be appointed by the Secretary of State for *India* in Council, with the Concurrence of a Majority of Members present at a Meeting from among such Persons as shall have been, at the Time of such Appointment, in the Service in *India* of the Crown, or of the Company and the Crown, for at least Ten Years, and if the Person so appointed shall be in the Military Service

সংশোধন করা বিহিত, ও ফোর্ট সেণ্ট জর্জ (অর্থাৎ মান্দ্রাজ) ও বোম্বাই প্রসীডেনসীর হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেবদিগকে ঐ২ প্রসীডেন্সীর কর্ত্তৃত্ব করণার্থ আইন ও ব্যবস্থা করিবার ক্ষমতা দেওয়া বিহিত, ও ভারতবর্ষের শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত দেশের অন্যান্য স্থানেও তত্তুল্য ক্ষমতা সংস্থাপনের বিধান করা বিহিত। এইহেতুক বর্ত্তমান পার্লিমেণ্টে (অর্থাৎ রাজসভাতে) সমাবিষ্ট ধর্ম্মসম্পর্কীয় ও সংসারীয় লার্ড সাহেবেরদের ও কামন্স সাহেবেরদের পরামর্শ ও সম্মতিক্রমে ও তাঁহারদের প্রদত্ত ক্ষমতাক্রমে শ্রীশ্রীমতী মহারাণীকর্ত্তৃক পশ্চাৎলিখিত আজ্ঞা ও বিধান হউক।

[আইনের সংক্ষেপ নামের কথা।]

১ ধারা। যখন কোন কারণে এই আইনের উল্লেখ হয়, তখন "ভারতবর্ষের কৌন্সেলের ১৮৬১ সালের আইন" নামে তাহার উল্লেখ হইতে পারিবেক ইতি।

[যে২ আইন ও আইনের যে২ অংশ রদ হইল তাহার কথা।]

২ ধারা। "১৮৫৪ সালের আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত কোম্পানি বাহাদুরের সঙ্গে নিয়ম করিবার ও শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় দেশের সুশাসন করণের আইন" নামে চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের আইনের ৮৫ অধ্যায়ের ৪০ ও ৪৩ ও ৪৪ ও ৫০ ও ৬৬ ও ৭০ ধারা, এবং ভারতবর্ষের কৌন্সেলের সাধারণ মেম্বরের পদ শূন্য হওয়ার যে২ কথা ঐ আইনের ৬১ ও ৬৪ ধারাতে আছে তাহা, ও "ভারতবর্ষের কর্ত্তৃত্ব করিবার বিধান করণের আইন নামে শ্রীশ্রীমতী মহারাণীর ষোড়শ ও সপ্তদশ বৎসরের আইনের ৯৫ অধ্যায়ের ২২ ও ২৩ ও ২৪ ও ২৬ ধারা, ও ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের কৌন্সেলের প্রসিডেণ্ট সাহেবের (অর্থাৎ সভাপতির) অনুপস্থিত কালে ঐ কৌন্সেলের প্রধান মেম্বর সাহেবের ক্ষমতার বিষয়ে যে সন্দেহ থাকে তাহা ভঞ্জন করিবার আইন" নামে শ্রীশ্রীমতী মহারাণীর ত্রয়োবিংশ ও চতুর্ব্বিংশ বৎসরের আইনের ৮৭ অধ্যায় এতদ্দ্বারা রহিত হইল। ও ভারতবর্ষের গবর্নর জেনরল বাহাদুরের কৌন্সেলের কিম্বা ফোর্ট সেণ্ট জর্জ ও বোম্বাইপ্রসীডেনসীর গবর্নর সাহেবেরদের কৌন্সেলের বিষয়ি অন্য যে সকল আইন এইক্ষণে প্রবল আছে, তাহা এই আইনক্রমে যেপর্য্যন্ত পরিবর্ত্তন না হয় কি এই আইনের অসঙ্গত না হয় সেইপর্য্যন্ত প্রবল থাকিবে, ও এই আইনঅনুসারে ভারতবর্ষের গবর্নর জেনরল বাহাদুরের কৌন্সেলের প্রতি, ও উক্ত প্রসীডেনসীর কৌন্সেলের প্রতি বর্ত্তিবে ইতি।

[ভারতবর্ষের গবর্নর জেনরল বাহাদুরের মন্ত্রিসভা সংস্থাপনের বিধান।]

৩ ধারা। শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের উক্ত কৌন্সেলের স্থায়ি পঞ্চ জন মেম্বর থাকিবেন। তাঁহারদের তিন জনকে মনোনীত করিবার নিয়ম এই। যাঁহারা উক্ত মনোনীত করণ সময়ে অন্যূন দশ বৎসরাবধি ভারতবর্ষের শ্রীশ্রীমতীর কর্ম্মে অথবা শ্রীশ্রীমতীর ও কোম্পানি বাহাদুরের কর্ম্মে আছেন, তাঁহারদের মধ্যে হইতে যে তিন জনকে ভারতবর্ষের নিমিত্তে হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেব সভাগত ব্যক্তিরদের অধিকাংশের সম্মতিক্রমে মনোনীত করেন তাঁহারা সময়ে২ নিযুক্ত হইবেন। ও উক্তপ্রকারে যাঁহার

of the Crown he shall not, during his Continuance in Office as a Member of Council, hold any Military Command, or be employed in actual Military Duties, and the remaining Two, One of whom shall be a Barrister or a Member of the Faculty of Advocates in *Scotland* of not less than Five Years' Standing shall be appointed from Time to Time by Her Majesty by Warrant under Her Royal Sign Manual; and it shall be lawful for the Secretary of State in Council to appoint the Commander-in-Chief of Her Majesty's Forces in *India* to be an extraordinary Member of the said Council, and such extraordinary Member of Council shall have Rank and Precedence at the Council Board next after the Governor General.

[Present Members of Council to continue.]

4. The present ordinary Members of the Council of the Governor General of *India* shall continue to be ordinary Members under and for the Purposes of this Act; and it shall be lawful for Her Majesty, on the passing of this Act, to appoint by Warrant as aforesaid an ordinary Member of Council, to complete the Number of Five hereby established; and there shall be paid to such ordinary Member, and to all other ordinary Members who may be hereafter appointed, such Amount of Salary as may from Time to Time be fixed for Members of the Council of the Governor General by the Secretary of State in Council, with the Concurrence of a Majority of Members of Council present at a Meeting; and all Enactments of any Act of Parliament or Law of *India* respecting the Council of the Governor General of *India* and the Members thereof shall be held to apply to the said Council as constituted by this Act, except so far as they are repealed by or are repugnant to any Provisions of this Act.

[Power of making provisional Appointments of Members of Council by Secretary of State.]

5. It shall be lawful for the Secretary of State in Council, with the Concurrence of a Majority of Members present at a Meeting and for Her Majesty, by Warrant as aforesaid, respectively, to appoint any Person provisionally to succeed to the Office of ordinary Member of the Council of the Governor General, when the same shall become vacant by the Death or Resignation of the Person holding the said Office, or on his Departure from *India* with Intent to return to *Europe*, or on any Event and Contingency expressed in any such Provisional Appointment, and such Appointment again to revoke; but no Person so appointed to succeed provisionally to such Office shall be entitled to any Authority, Salary, or Emolument appertaining thereto until he shall be in the actual Possession of such Office.

[Provision on Absence of Governor General in other parts of India.]

6. Whenever the said Governor General in

নিযুক্ত হন তাঁহারদের কোন ব্যক্তি যদি শ্রীশ্রীমতীর পল্টনীয় কর্ম্মেতে নিযুক্ত থাকেন, তবে তিনি যত কাল কৌন্সেলের মেম্বরের পদে থাকেন, ততকাল কোন পল্টনের অধ্যক্ষতা কর্ম্ম করিবেন না ও পল্টনীয় কোন কর্ম্ম করিবেন না। অন্য দুই জন শ্রীশ্রীমতী মহারাণীর স্বাক্ষরিত আজ্ঞাপত্রক্রমে সময়ে২ নিযুক্ত হইবেন, তাঁহারদের মধ্যে এক জন যিনি অন্যূন পঞ্চবৎসরপর্য্যন্ত বারিষ্টর কিম্বা স্কটলাণ্ড দেশের আডবোকেটরদের সভার অন্তর্গত হন এমত ব্যক্তি হইবেন। আরো হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেব ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর সমস্ত সৈন্যদলের প্রধানাধ্যক্ষকে উক্ত কৌন্সেলের বিশেষ মেম্বরস্বরূপে নিযুক্ত করিতে পারিবেন। ও কৌন্সেলে সেই বিশেষ মেম্বর সাহেব কৌন্সেলের সভাতে গবরনর জেনরল বাহাদুরের দ্বিতীয় মর্য্যাদা ও প্রাধান্য প্রাপ্ত হইবেন ইতি।

[এইক্ষণে যাঁহারা কৌন্সেলের মেম্বর আছেন তাঁহারদের স্বং পদে থাকিবার কথা।]

৪ ধারা। এইক্ষণে যাঁহারা ভারতবর্ষের গবরনর জেনরল বাহাদুরের কৌন্সেলের স্থায়ি মেম্বর আছেন তাঁহারা এই আইন অনুসারে ও এই আইনের কার্য্যহেতুক স্থায়ি মেম্বরের পদে থাকিবেন। ও এই আইনক্রমে পঞ্চজন নিযুক্ত হইবার বিধান হওয়াতে সেই সংখ্যা পূর্ণ করণার্থে শ্রীশ্রীমতী মহারাণী এই আইন প্রচলিত হওন কালে কৌন্সেলের এক জন স্থায়ি মেম্বরকে পূর্ব্বোক্ত প্রকারের আজ্ঞাপত্রক্রমে নিযুক্ত করিতে পারিবেন। ও কৌনসেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেব কৌনসেলের সভাগত ব্যক্তিরদের অধিকাংশের সম্মতিক্রমে গবরনর জেনেরল বাহাদুরের কৌনসেলের মেম্বর সাহেবেরদের যে বেতন সময়ে২ নির্দ্ধার্য্য করেন সেই বেতন পূর্ব্বোক্ত মতের স্থায়ি মেম্বর, ও স্থায়ি অন্য যে সকল মেম্বর ইহার পরে নিযুক্ত হন তাঁহারাও প্রাপ্ত হইবেন। ও ভারতবর্ষে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের কৌন্সেলের ও তদন্তর্গত সাহেবেরদের বিষয়ে পার্লিমেণ্টের কোন আক্টের কি ভারতবর্ষের কোন আইনের যে সকল বিধান এই আইনের কোন বিধানক্রমে রহিত না হয় কি তাহার অসঙ্গত না হয় সেই সকল বিধান এই আইনমতের সংস্থাপিত উক্ত কৌন্সেলের প্রতি বর্ত্তে এমত জ্ঞান হইবে ইতি।

[কৌনসেলের মেম্বরদিগকে অগ্রে মনোনীত করণ বিষয়ে সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের ক্ষমতার কথা।]

৫ ধারা। কৌনসেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেব মন্ত্রি সভাগত অধিকাংশ ব্যক্তির সম্মতিক্রমে ও শ্রীশ্রীমতী মহারাণী পূর্ব্বোক্তমতের আজ্ঞাপত্রক্রমে, কোন এক ব্যক্তিকে গবরনর জেনরল বাহাদুরের কৌন্সেলের স্থায়ি মেম্বরের পদে নিযুক্ত হওনার্থে অগ্রে মনোনীত করিয়া রাখিতে পারিবেন, অর্থাৎ উক্ত কৌন্সেলের কোন স্থায়ি মেম্বর সাহেব যদ লোকান্তর্গত হন কিম্বা পদ ত্যাগ করেন, কিম্বা ইউরোপে প্রত্যাগমনার্থে ভারতবর্ষহইতে গমন করেন, কিম্বা উক্ত মনোনীত করণপত্রের নির্দ্দিষ্ট কোন ঘটনা কি গতিক যদি হয়, তবে এমত স্থলে যিনি সেই শূন্যপদ প্রাপ্ত হইবেন এমত কোন ব্যক্তিকে অগ্রে মনোনীত করিতে পারিবেন, ও সেই কার্য্য অসিদ্ধও করিতে পারিবেন। কিন্তু যাঁহাকে সেই পদের নিমিত্তে পূর্ব্বোক্তমতে মনোনীত করা যায় তিনি যত কাল উক্ত পদস্থ না হন, তত কালপর্য্যন্ত এ পদ সম্পর্কীয় কোন ক্ষমতা কি বেতন কি উপস্বত্ব টাকা প্রাপ্ত হইবেন না ইতি।

[গবরনর জেনরল বাহাদুর ভারতবর্ষের অন্য স্থানে গমন করিলে তৎসম্পর্কীয় বিধান।]

৬ ধারা। উক্ত গবরনর জেনরল বাহাদুরের যদি

Council shall declare that it is expedient that the said Governor General should visit any Part of *India* unaccompanied by his Council, it shall be lawful for the said Governor General in Council, previously to the Departure of the said Governor General, to nominate some Member of the said Council to be President of the said Council, in whom, during the Time of such Visit, the Powers of the said Governor General in Assemblies of the said Council shall be reposed, except that of assenting to, or withholding his Assent from, or reserving for the Signification of Her Majesty's Pleasure, any Law or Regulation, as hereinafter provided; and it shall be lawful in every such Case for the said Governor General in Council, by an Order for that Purpose to be made, to authorize the Governor General alone to exercise all or any of the Powers which might be exercised by the said Governor General in Council in every Case in which the said Governor General may think it expedient to exercise the same, except the Power of making Laws or Regulations.

কৌন্সেলের কোন সাহেবকে সমভিব্যাহারে না লইয়া ভারতবর্ষের কোন স্থানে গমন করা বিহিত, হজুর কৌন্সেলে উক্ত গবরনর জেনরল বাহাদুর এমত কথা কোন সময়ে প্রকাশ করিলে, উক্ত গবরনর জেনরল বাহাদুরের গমনের পূর্ব্বে, হজুর কৌন্সেলে উক্ত গবরনর জেনরল বাহাদুর ঐ কৌন্সেলের অধ্যক্ষতা করণার্থে ঐ কৌন্সেলের কোন এক জন মেম্বর সাহেবকে মনোনীত করিতে পারিবেন। তাহাতে তদ্রূপ গমনোপলক্ষে গবরনর জেনরল বাহাদুরের অনুপস্থিত সময়ে, উক্ত কৌন্সেলের সভাতে তাঁহার সমস্ত ক্ষমতা উক্ত মেম্বর সাহেবের প্রতি বর্ত্তিবে। কিন্তু পশ্চাৎ লিখিত বিধিমতে কোন আইন কি ব্যবস্থা প্রচলিত হওন বিষয়ে স্বীয় সম্মতি কি অনম্মতি জ্ঞাত করিবার, কিম্বা তদ্বিষয়ে শ্রীশ্রীমতী মহারাণীর অভিমত জ্ঞাত হইবার অপেক্ষায় তাহা স্থগিত রাখিবার ক্ষমতা, ঐ সাহেবের থাকিবে না। আরও তদ্রূপ প্রত্যেক স্থলে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এই বিশেষ আজ্ঞা করিতে পারিবেন যে, উক্ত গবরনর জেনরল বাহাদুর যদি মন্ত্রিসভাগত শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতাক্রমে কার্য্য করা বিহিত বোধ করেন, তবে আইন কি ব্যবস্থা করিবার ক্ষমতাভিন্ন অন্য যে ক্ষমতাক্রমে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর মন্ত্রিসভারমধ্যে কার্য্য করিতে পারেন সেই ক্ষমতাক্রমে মন্ত্রিসভাভিন্ন তাঁহারকার্য্য করিবার ক্ষমতা থাকিবে ইতি।

[Provision on Absence of Governor General from Meeting.]

7. Whenever the Governor General, or such President so nominated as aforesaid, shall be obliged to absent himself from any Meeting of Council (other than Meetings for the Purpose of making Laws and Regulations, as hereinafter provided,) owing to Indisposition or any other Cause whatsoever, and shall signify his intended Absence to the Council, then and in every such Case the senior Member for the Time being who shall be present at such Meeting shall preside thereat, in such Manner, and with such full Powers and Authorities during the Time of such Meeting, as such Governor General or President would have had in case he had been present at such Meeting: Provided always, that no Act of Council made at any such Meeting shall be valid to any Effect whatsoever unless the same shall be signed by such Governor General or President respectively, if such Governor General or President shall at the Time be resident at the Place at which such Meeting shall be assembled, and shall not be prevented by such Indisposition from signing the same: Provided always, that in case such Governor General or President, not being so prevented as aforesaid, shall decline or refuse to sign such Act of Council, he, and the several Members of Council who shall have signed the same, shall mutually exchange with and communicate in Writing to each other the Grounds and Reasons of their respective Opinions, in like Manner and subject to such Regulations and ultimate Responsibility as are by an Act of the Thirty-third Year of King *George* the Third, Chapter Fifty-two, Sections Forty-seven, Forty-eight, Forty-nine, Fifty, and Fifty-one, provided and described in Cases where such Governor

[গবরনর জেনরল বাহাদুর সভাতে উপস্থিত না থাকিলে তদ্বিষয়ের বিধান।]

৭ ধারা। যদি পীড়াপ্রযুক্ত কিম্বা অন্য কোন কারণে গবরনর জেনরল বাহাদুর, কিম্বা পূর্ব্বোক্তমতের নিযুক্ত প্রসীডেণ্ট সাহেব, (পশ্চাৎ লিখিত বিধিমতে আইন ও ব্যবস্থা প্রচলিত করণার্থ সভাভিন্ন) কৌনসেলের অন্য সভা হওনের কোন কালে উপস্থিত থাকিতে না পারেন, ও আপনার উপস্থিত না হইবার কল্পনা কৌনসেলে জ্ঞাত করেন, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে, তৎকালীন প্রধান যে মেম্বর সাহেব সেই সভায় উপস্থিত হন তিনি ঐ সভার অধ্যক্ষতা করিবেন। অর্থাৎ উক্ত গবরনর জেনরল বাহাদুর কি প্রসীডেণ্ট সাহেব উপস্থিত থাকিলে যেরূপে ও যে শক্তি ও ক্ষমতাক্রমে অধ্যক্ষতা করিতে পারিতেন, সেইরূপে ও সম্পূর্ণ সেই শক্তি ও ক্ষমতাক্রমে ঐ সভায় অধ্যক্ষতা করিতে পারিবেন। পরন্তু সেই সভায় যদি কৌনসেলের কোন আইন করা যায়, ও সভা যে স্থানে হয় সেই স্থানে যদি উক্ত গবরনর জেনরল বাহাদুর কি প্রসিডেণ্ট সাহেব বাস করিয়া থাকেন, ও পীড়াপ্রযুক্ত সেই আইনেতে স্বাক্ষর করিতে অক্ষম না হন, তবে উক্ত গবরনর জেনরল বাহাদুর কি প্রসীডেণ্ট সাহেব ঐ আইনে স্বাক্ষর না করিলে তাহা কোন কর্ম্মের নিমিত্তে সিদ্ধ হইবে না। কিন্তু তদ্রূপ স্থলে যদি উক্ত গবরনর জেনরল বাহাদুর কি প্রসিডেণ্ট সাহেব পূর্ব্বোক্তমতে অক্ষম না হইলেও কৌনসেলের তদ্রূপ আইনেতে স্বাক্ষর করিতে অনিচ্ছুক হন কি অস্বীকার করেন, তবে তিনি, ও কৌনসেলের যে২ মেম্বর সাহেব তাহাতে স্বাক্ষর করিয়াছেন তাঁহারা, পরস্পর লিখনপঠন করিয়া আপনং অভিমতের মূল ও কারণ জ্ঞাত করিবেন, অর্থাৎ উক্ত গবরনর জেনরল বাহাদুর উপস্থিত থাকিয়া কৌনসেলের প্রস্তাবিত কি আন্দোলিত কোন কর্ম্মেতে অনম্মত হইলে, তৃতীয় জর্জ রাজার ৩৩ বৎসরের আইনের ৫২ অধ্যায়ের ৪৭ ও ৪৮ ও ৪৯ ও ৫০ ও ৫১ ধারাতে তাঁহার যেরূপে ও যে২ বিধানমতে ও পরিণামে যে দায় স্বীকার পূর্ব্বক হেতু লিখিবার বিধান আছে সেইরূপে ও সেই বিধান

General shall, when present, dissent from any Measure proposed or agitated in the Council.

[Power of Governor General to make Rules for Conduct of Business.]

8. It shall be lawful for the Governor General from Time to Time to make Rules and Orders for the more convenient Transaction of Business in the said Council; and any Order made or Act done in accordance with such Rules and Orders (except as hereafter provided respecting Laws and Regulations) shall be deemed to be the Order or Act of the Governor General in Council.

[Power to Council to assemble at any Place in India.]

9. The said Council shall from Time to Time assemble at such Place or Places as shall be appointed by the Governor General in Council within the Territories of *India*; and as often as the said Council shall assemble within either of the Presidencies of *Fort Saint George* or *Bombay*, the Governor of such Presidency shall act as an extraordinary Member of Council; and as often as the said Council shall assemble within any other Division, Province, or Territory having a Lieutenant Governor, such Lieutenant Governor shall act as an additional Councillor at Meetings of the Council, for the Purpose of making Laws and Regulations only, in manner hereinafter provided.

[Additional Members to be summoned for the Purpose of making Laws and Regulations.]

10. For the better Exercise of the Power of making Laws and Regulations vested in the Governor General in Council, the Governor General shall nominate, in addition to the ordinary and extraordinary Members abovementioned, and to such Lieutenant Governor in the Case aforesaid, such Persons, not less than Six nor more than Twelve in Number, as to him may seem expedient, to be Members of Council for the Purpose of making Laws and Regulations only, and such Persons shall not be entitled to sit or vote at any Meeting of Council, except at Meetings held for such Purpose: Provided that not less than One half of the Persons so nominated shall be non-official Persons, that is, Persons who, at the Date of such Nomination, shall not be in the Civil or Military Service of the Crown in *India*, and that the Seat in Council of any non-official Member accepting Office under the Crown in *India* shall be vacated on such Acceptance.

[Additional Members to be appointed for Two Years.]

11. Every additional Member of Council so nominated shall be summoned to all Meetings held for the Purpose of making Laws and Regulations, for the Term of Two Years, from the Date of such Nomination.

[Resignation of additional Members.]

12. It shall be lawful for any such additional Member of Council to resign his Office to the Governor General, and on Acceptance of such Resig-

মতে ও সেই দায় স্বীকার ক্রমে ঐ কারণ ও হেতু লিখিবেন ইতি।"

[কার্য্য চলিবার বিধান করিতে গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতার কথা।]

৮ ধারা। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর উক্ত মন্ত্রিসভাতে কার্য্য সুগমরূপে চালাইবার বিধি ও আজ্ঞা সময়ে২ করিতে সক্ষম হইবেন। এবং (পশ্চাৎ লিখিতমতে আইন ও ব্যবস্থা করণের বিধান ভিন্ন) উক্ত বিধি ও আজ্ঞানুসারে যে কোন আজ্ঞা কি ক্রিয়া করা যায়, তাহা হজুর কৌন্সেলে গবরনর জেনরল বাহাদুরের কৃত আজ্ঞা কি ক্রিয়া জ্ঞান হইবে।

[ভারতবর্ষের কোন স্থানে কৌন্সেলের সমাবিষ্ট হইবার ক্ষমতার কথা।]

৯ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ভারতবর্ষান্তর্গত যে স্থান কি যে২ স্থান নির্দ্ধার্য্য করেন, তথায় উক্ত কৌন্সেল সময়ে২ সমাবেশ করিবেন। যখন উক্ত কৌন্সেল মান্দ্রাজ কিম্বা বোম্বাই প্রসীডেনসীর মধ্যে সমাগত হন তখন ঐ প্রসীডেনসীর গবরনর সাহেব কৌন্সেলের বিশেষ মেম্বরস্বরূপে কার্য্য করিবেন। ও অন্য যে খণ্ডে কি প্রদেশে কি দেশে লেপ্টেনেণ্ট গবরনর সাহেব থাকেন, তথায় যখন উক্ত কৌন্সেল সমাগত হন, তখন পশ্চাৎ লিখিত বিধানমতে কেবল আইন ও ব্যবস্থা করণার্থ উক্ত কৌন্সেলের সমাগমকালে, উক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ কৌন্সেলের সভাতে বিশেষ কৌন্সেলর (অর্থাৎ মন্ত্রী) স্বরূপে কার্য্য করিবেন ইতি।

[আইন ও ব্যবস্থা করণার্থে অতিরিক্ত মেম্বরদিগকে আহ্বান করিবার কথা।]

১০ ধারা। আইন ও ব্যবস্থা করণের যে ক্ষমতা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের প্রতি অর্পিত হইয়াছে সেই ক্ষমতাক্রমে আরও উত্তমরূপে কার্য্য হওনার্থে, উক্ত গবরনর জেনরল বাহাদুর পূর্ব্বোক্ত স্থায়ি ও বিশেষ মেম্বর ভিন্ন ও পূর্ব্বোক্ত স্থলে লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ভিন্ন, কেবল আইন ও ব্যবস্থা করণার্থ কৌন্সেলের মেম্বর হইবার জন্যে, ছয় জনের অন্যূন ও বারদশের অনধিক যত জন বিহিত বোধ করেন তত জনকে মনোনীত করিবেন। উক্ত ব্যক্তিরদের কেবল সেই কর্ম্মের সভাভিন্ন কৌন্সেলের অন্য সভাতে উপবিষ্ট হইবার কি মত জ্ঞাপন করিবার অধিকার থাকিবে না। কিন্তু উক্ত প্রকারের মনোনীত ব্যক্তিরদের মধ্যে অন্যূন অর্দ্ধাংশ লোক রাজকীয় কার্য্যকারকভিন্ন অন্য ব্যক্তি হইবেন। অর্থাৎ উক্ত মনোনীত করণ তারিখে যাঁহারা ভারতবর্ষের মধ্যে শ্রীশ্রীমতীর সিবিল কি পল্টনীয় কোন কর্ম্মে না থাকেন এমত লোক হইবেন, ও তদ্রূপ কোন মেম্বর যদি ভারতবর্ষে শ্রীশ্রীমতীর অধীনে কোন কর্ম্ম গ্রহণ করেন, তবে তাহা গ্রহণ কালেই কৌন্সেলে তাঁহার ঐ পদ শূন্য হইবে ইতি।

[অতিরিক্ত মেম্বরেরদের দুই বৎসরপর্য্যন্ত নিযুক্ত থাকিবার কথা।]

১১ ধারা। কৌন্সেলের উক্ত প্রকারে নিযুক্ত প্রত্যেক অতিরিক্ত মেম্বর উক্ত প্রকারে নিযুক্ত হইবার তারিখঅবধি দুই বৎসরপর্য্যন্ত আইন ও ব্যবস্থা করণার্থ সকল সভাতে আহূত হইবেন ইতি।

[অতিরিক্ত মেম্বরেরদের পদ ত্যাগ করিবার কথা।]

১২ ধারা। কৌন্সেলের উক্ত প্রকারের অতিরিক্ত কোন মেম্বর স্বীয় পদ ত্যাগ করণেচ্ছুক হইলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নিকটে সেই কথা জ্ঞাত

nation by the Governor General such Office shall become vacant.

[Power to fill up vacancy in Number of additional Members.]"

13. On the event of a Vacancy occurring by the Death, Acceptance of Office, or Resignation, accepted in manner aforesaid, of any such additional Member of Council, it shall be lawful for the Governor General to nominate any Person as additional Member of Council in his Place, who shall exercise the same Functions until the Termination of the Term for which the additional Member so dying, accepting Office, or resigning was nominated: Provided always, that it shall not be lawful for him by such Nomination to diminish the Proportion of non-official additional Members hereinfore directed to be nominated.

[No Law to be invalid by reason of Number of non-official Members being incomplete.]

14. No Law or Regulation made by the Governor General in Council, in accordance with the Provisions of this Act, shall be deemed invalid by reason only that the Proportion of non-official additional Members hereby provided was not complete at the Date of its Introduction to the Council or its Enactment.

[Senior ordinary Member of Council to preside at Meetings for making Laws and Regulations in Absence of Governor General, &c. Quorum.]

15. In the Absence of the Governor General and of the President, nominated as aforesaid, the senior ordinary Member of the Council present shall preside at Meetings of the Council for making Laws and Regulations; and the Power of making Laws and Regulations vested in the Governor General in Council shall be exercised only at Meetings of the said Council at which such Governor General or President, or some ordinary Member of Council, and Six or more Members of the said Council, (including under the Term Members of the Council such additional Members as aforesaid,) shall be present; and in every Case of Difference of Opinion at Meetings of the said Council for making Laws and Regulations where there shall be an Equality of Voices, the Governor General, or in his Absence the President, and in the Absence of the Governor General and President such senior ordinary Member of Council there presiding, shall have Two Votes or the Casting Vote.

[Governor General to appoint First Meeting for making Laws and Regulations.

16. The Governor General in Council shall, as soon as conveniently may be, appoint a Place and Time for the First Meeting of the said Council of the Governor General for making Laws and Regulations under this Act, and summon thereto

করিতে পারিবেন, ও শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তাহা গ্রাহ্য করিলে ঐ পদ শূন্য হইবে ইতি।

[অতিরিক্ত মেম্বরের সংখ্যা পূর্ণ করিবার কথা।]

১৩ ধারা। কৌন্সেলের উক্ত কোন অতিরিক্ত মেম্বর লোকান্তর্গত হওয়াতে, কি রাজকীয় কর্ম্ম গ্রহণ করাতে, কি পদ ত্যাগ করণের কথা পূর্ব্বোক্তমতে গ্রাহ্য হওয়াতে, কোন পদ শূন্য হইলে, শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তাঁহার স্থানে কৌন্সেলের অতিরিক্ত মেম্বরস্বরূপে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে সক্ষম হইবেন, ও তিনি উক্ত লোকান্তর্গত কি রাজকীয় কর্ম্ম গ্রাহক কি স্বীয় পদ ত্যাগী ব্যক্তির নিযুক্ত থাকনের অবশিষ্ট কালের শেষপর্য্যন্ত ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবেন। কিন্তু রাজকীয় কার্য্যকারক নহেন এই মত যে মেম্বরদিগকে নিযুক্ত করিবার বিধান পূর্ব্বে হইয়াছে তাঁহারদের সংখ্যা উক্ত শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর উক্ত নিয়োগ দ্বারা ন্যূন করিতে পারিবেন না ইতি।

[রাজকীয় কার্য্যকারক ভিন্ন মেম্বরেরদের সংখ্যা পূর্ণ না হইলেও আইন অসিদ্ধ না হইবার কথা।]

১৪ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এই আইনের বিধানানুসারে যে কোন আইন কি ব্যবস্থা করেন, তাহা কৌন্সেলে উপস্থিত করিবার কিম্বা প্রচলিত করিবার তারিখে, যাঁহারা রাজকীয় কর্ম্মকারক নহেন এই আইনের বিধা অতিরিক্ত মেম্বরেরদের সংখ্যা পূর্ণ নহে এই কারণ মাত্রে ঐ আইন কি ব্যবস্থা অসিদ্ধ জ্ঞান হইবেক না ইতি।

[গবরনর জেনরল বাহাদুর প্রভৃতির অনুপস্থিত কালে আইন ও ব্যবস্থা করিবার সভাতে কৌন্সেলের প্রধান স্থায়ি মেম্বর সাহেবের অধ্যক্ষ হইবার কথা ও যত জন উপস্থিত থাকিলে আইন করা যাইতে পারে তাহার কথা।]

১৫ ধারা। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এবং পূর্ব্বোক্তমতের মনোনীত প্রসীডেণ্ট সাহেব অনুপস্থিত থাকিলে, কৌন্সেলের প্রধান যে স্থায়ি মেম্বর সাহেব উপস্থিত থাকেন তিনি আইন ও ব্যবস্থা করণার্থ কৌন্সেলের সভাতে অধ্যক্ষতা করিবেন। এবং আইন ও ব্যবস্থাকরণের যে ক্ষমতা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের প্রতি অর্পিত হইয়াছে, সেই ক্ষমতাক্রমে, উক্ত কৌন্সেলের যে সভাতে উক্ত গবরনর জেনরল বাহাদুর কি প্রসিডেণ্ট সাহেব কিম্বা কৌন্সেলের কোন স্থায়ি মেম্বর এবং উক্ত কৌন্সেলের ছয় কি ততোধিক জন মেম্বর উপস্থিত থাকেন, সেই সভাতে এ কার্য্য হইতে পারিবে। (এই স্থল কৌন্সেলের মেম্বর এই শব্দের মধ্যে পূর্ব্বোক্ত অতিরিক্ত মেম্বরদিগকেও বুঝাইবেক।) ও আইন ও ব্যবস্থা করিবার উক্ত কৌন্সেলের সভাগত ব্যক্তিরদের মতের অনৈক্য হইয়া এক মতের যত জন, বিপক্ষমতেরও যদি তত জন থাকেন, তবে গবরনর জেনরল বাহাদুরের কিম্বা তাঁহার অনুপস্থানে প্রসীডেণ্ট সাহেবের, এবং গবরনর জেনরেল ও প্রসিডেণ্ট সাহেব উভয় অনুপস্থিত থাকিলে কৌন্সেলের প্রধান যে স্থায়ি মেম্বর তথায় অধ্যক্ষতা করেন, তাঁহার মত দুই জনের মতের তুল্য হইবেক, অর্থাৎ তাঁহার মত প্রবল হইবে ইতি।

[আইন ও ব্যবস্থা করণের প্রথম সভা শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নিরূপণ করিবার কথা।]

১৬ ধারা। এই আইন অনুসারে আইন ও ব্যবস্থা করণার্থ গবরনর জেনরল বাহাদুরের উক্ত কৌন্সেলের প্রথম সভা করিবার স্থান ও সময় হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সুযোগমতে ত্বরা করিয়া নিরূপণ করিবেন, ও সেই সভাতে যেমন ঐ কৌন্সেলের

as well the additional Councillors nominated by and under this Act as the other Members of such Council; and until such First Meeting the Power now vested in the said Governor General of *India* in Council of making Laws and Regulations shall and may be exercised in like manner and by the same Members as before the passing of this Act.

অন্যং মেম্বরদিগকে আহ্বান করিবেন তেমনি এই আইন দ্বারা ও এই আইন অনুযায়ি মনোনীত অতিরিক্ত মেম্বরগণকেও আহ্বান করিবেন। ও সেই প্রথম সভা যত কাল না হয় তত কালপর্য্যন্ত, হজুর কৌন্সেলে, ভারতবর্ষের উক্ত গবরনর্ জেনরল বাহাদুরের প্রতি আইন ও ব্যবস্থা করণের যে ক্ষমতা এক্ষণে অর্পিত আছে সেই ক্ষমতাক্রমে এই আইন প্রবল হওনের পূর্ব্বে যে প্রকারে ও যে মেম্বর সাহেবেরদের দ্বারা কার্য্য হইতে পারিত সেই প্রকারে সেই মেম্বর সাহেবেরদের দ্বারা কার্য্য হইতে পারিবে ইতি।

[Power to appoint and adjourn Meetings for making Laws and Regulations.]

[আইন ও ব্যবস্থা করণের সভা নিরূপণ করিবার ও তাহার কার্য্য স্থগিত করিয়া অন্য সময় নির্দ্ধার্য্য করিবার ক্ষমতার কথা।]

17. It shall be lawful for the Governor General in Council from Time to Time to appoint all other Times and Places of Meeting of the Council for the Purpose of making Laws and Regulations under the Provisions of this Act, and to adjourn, or from Time to Time to authorize such President, or senior ordinary Member of Council in his Absence, to adjourn any Meeting for the Purpose of making Laws and Regulations from Time to Time and from Place to Place.

১৭ ধারা। এই আইনের বিধানমতে আইন ও ব্যবস্থা করণার্থ কৌন্সেলের সভা করিবার অন্য সকল সময় ও স্থান হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর সময়ে২ নিরূপণ করিতে পারিবেন ও তিনি তৎকালীন কার্য্য স্থগিত করিয়া তাহার অন্য সময় নিরূপণ করিতে পারিবেন, অথবা উক্ত প্রকারের প্রসিডেণ্ট সাহেবকে কিম্বা তাঁহার অনুপস্থানে কৌন্সেলের প্রধান স্থায়ি মেম্বর সাহেবকে আইন ও ব্যবস্থা করণার্থ কোন সভায় উপস্থিত হইবার অন্য সময় ও অন্য স্থান নিরূপণ করিতে সময়ে২ ক্ষমতা দিতে পারিবেন ইতি।

[Governor General to make Rules for Conduct of Business at such Meetings.]

[তদ্রূপ সভার কার্য্য চালাইবার বিধি গবরনর্ জেনরল বাহাদুরের করিবার কথা।]

18. It shall be lawful for the Governor General in Council to make Rules for the Conduct of Business at Meetings of the Council for the Purpose of making Laws and Regulations under the Provisions of this Act, prior to the First of such Meetings, but such Rules may be subsequently amended at Meetings for the Purpose of making Laws or Regulations, subject to the Assent of the Governor General; and such Rules shall prescribe the Mode of Promulgation and Authentication of such Laws and Regulations: Provided always, that it shall be lawful for the Secretary of State in Council to disallow any such Rule, and to render it of no Effect.

১৮ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের প্রথম সভা হইবার পূর্ব্বে এই আইনের বিধানমতে আইন ও ব্যবস্থা করণার্থ কৌন্সেলের সভার কার্য্য করিবার বিধি হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর করিতে পারিবেন। কিন্তু তৎপরে আইন ও ব্যবস্থা করণার্থ কোন সভাতে তদ্রূপ বিধি গবরনর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে সংশোধিত হইতে পারিবে ঐ আইন ও ব্যবস্থা প্রচারিত হইবার ও স্বাক্ষরিত হইবার নিয়ম তদ্রূপ বিধিতে নির্দ্দিষ্ট থাকিবে। পরন্তু হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেব তদ্রূপ কোন বিধি অগ্রাহ্য করিয়া তাহা নিষ্ফল করিতে পারিবেন ইতি।

[Business to be transacted at such Meetings.]

[উক্ত সভাতে যে প্রকারের কার্য্য চলিবে তাহার কথা।]

19. No Business shall be transacted at any Meeting for the Purpose of making Laws and Regulations, except as last hereinbefore provided, other than the Consideration and Enactment of Measures introduced into the Council for the Purpose of such Enactment; and it shall not be lawful for any Member or additional Member to make or for the Council to entertain any Motion, unless such Motion be for Leave to introduce some Measure as aforesaid into Council, or have reference to some Measure actually introduced thereinto: Provided always, that it shall not be lawful for any Member or additional Member to introduce, without the previous Sanction of the Governor General, any Measure affecting,—

১৯ ধারা। ইহার পূর্ব্বের ধারার নির্দ্দিষ্ট কার্য্যভিন্ন এবং আইন ও ব্যবস্থা প্রচলিত করণের উপযুক্ত যে২ কার্য্য সভাতে উপস্থিত করা যায় তদ্বিবেচনা ও প্রচলিত করণভিন্ন কোন কার্য্য আইন ও ব্যবস্থা করণার্থ কোন সভাতে নির্ব্বাহ হইবে না। ও কৌন্সেলে পূর্ব্বোক্ত প্রকারের কোন কার্য্য বিবেচনার্থে উপস্থিত করিবার অনুমতির প্রস্তাব কিম্বা কৌন্সেলে উপস্থিতকরা কোন কার্য্য সম্পর্কীয় প্রস্তাবভিন্ন, কোন প্রস্তাব কোন মেম্বর কিম্বা অতিরিক্ত মেম্বর করিতে পারিবেন না, কৌন্সেলও তদ্ভিন্ন কোন প্রস্তাব গ্রাহ্য করিতে পারিবেন না। পরন্তু গবরনর্ জেনরল বাহাদুরের অনুমতি না পাইলে কোন মেম্বর কিম্বা অতিরিক্ত কোন মেম্বর পশ্চাৎ লিখিত কোন বিষয় সম্পর্কীয় কোন কার্য্য বিবেচনার্থে উপস্থিত করিতে পারিবেন না। অর্থাৎ

1*st*. The Public Debt or Public Revenues of

১। ভারতবর্ষের রাজকীয় ঋণ কি রাজস্ব কিম্বা যদ্দ্বারা

India, or by which any Charge would be imposed on such Revenues:

2*nd*. The Religion or Religious Rites and Usages of any Class of Her Majesty's Subjects in *India*:

3*rd*. The Discipline or Maintenance of any part of Her Majesty's Military or Naval Forces:

4*th*. The Relations of the Government with Foreign Princes or States.

[Assent of Governor General to Laws made at such Meetings.]

20. When any Law or Regulation has been made by the Council at a Meeting for the Purpose of making Laws and Regulations as aforesaid it shall be lawful for the Governor General, whether he shall or shall not have been present in Council at the making thereof, to declare that he assents to the same, or that he withholds his Assent from the same, or that he reserves the same for the Signification of the Pleasure of Her Majesty thereon; and no such Law or Regulation shall have Validity until the Governor General shall have declared his Assent to the same, or until (in the Case of a Law or Regulation so reserved as aforesaid) Her Majesty shall have signified Her Assent to the same to the Governor General, through the Secretary of State for *India* in Council, and such Assent shall have been duly proclaimed by the said Governor General.

[Power of the Crown to disallow Laws made at such Meetings.]

21. Whenever any such Law or Regulation has been assented to by the Governor General, he shall transmit to the Secretary of State for *India* an authentic Copy thereof; and it shall be lawful for Her Majesty to signify, through the Secretary of State for *India* in Council, Her Disallowance of such Law; and such Disallowance shall make void and annul such Law from or after the Day on which the Governor General shall make known by Proclamation or by Signification to his Council, that he has received the Notification of such Disallowance by Her Majesty.

[Extent of the Powers of the Governor General in Council to make Laws and Regulations at such Meetings.]

22. The Governor General in Council shall have Power at Meetings for the Purpose of making Laws and Regulations as aforesaid, and subject to the provisions herein contained, to make Laws and Regulations for repealing, amending, or altering any Laws or Regulations whatever, now in force or hereafter to be in force in the *Indian* Territories now under the Dominion of Her Majesty, and to make Laws and Regulations for all Persons, whether *British* or Native, Foreigners or others, and for all Courts of Justice whatever, and for all Places and Things whatever within the said Territories, and for all Servants of the Government of

সেই রাজস্বের উপর কোন ব্যয় বর্ত্তে তৎসম্পর্কীয় কার্য্য।

২। ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর প্রজাবর্গের কোন সম্প্রদায়ের ধর্ম্ম কি ধর্ম্মসম্বন্ধীয় ক্রিয়া ও আচার সম্পর্কীয় কার্য্য।

৩। শ্রীশ্রীমতী মহারাণীর পল্টনীয় কি যুদ্ধজাহাজীয় সৈন্যদলের কোন অংশের শাসন কি প্রতিপালনাদি সম্পর্কীয় কার্য্য।

৪। বিদেশীয় রাজার কি অধিকারের সঙ্গে গবর্ণমেণ্টের সম্বন্ধসম্পর্কীয় কার্য্য ইতি।

[তদ্রূপ সভাতে যে আইন করা যায় তাহাতে গবর্ণর জেনরল বাহাদুরের সম্মতি জ্ঞাপনের কথা।]

২০ ধারা। পূর্ব্বোক্তমতে আইন ও ব্যবস্থা করণার্থ কোন সভাতে যখন কৌনসেল কোন আইন কি ব্যবস্থা করেন, তখন শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর তাহা করণ কালে কৌনসেলে উপস্থিত হইলে কি না হইলেও, তদ্বিষয়ে সম্মত আছেন, কিম্বা সম্মতি জ্ঞাত করিতে স্বীকার করেন না অথবা তদ্বিষয়ে শ্রীশ্রীমতী মহারাণীর অভিমত জ্ঞাত হওনার্থে তাহা স্থগিত রাখিবেন ইহার মধ্যে কোন কথা প্রকাশ করিতে পারিবেন। শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর যাবৎ তদ্রূপ কোন আইন কি ব্যবস্থা বিষয়ে স্বীয় সম্মতি প্রকাশ না করেন তাবৎ তাহা সিদ্ধ হইবেক না, অথবা (যে স্থলে কোন আইন কি ব্যবস্থা পূর্ব্বোক্তমতে রাখা যায়) সেই স্থলে যাবৎ শ্রীশ্রীমতী মহারাণী ভারতবর্ষের নিমিত্তে হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের দ্বারা আপনার সম্মতি শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরকে অবগত না করেন, ও উক্ত শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর যাবৎ সেই সম্মতি উপযুক্তমতে প্রচার না করেন, তাবৎ সিদ্ধ হইবেক না ইতি।

[তদ্রূপ সভাতে যে আইন করা যায় তাহা অসিদ্ধ করিতে শ্রীশ্রীমতীর ক্ষমতার কথা।]

২১ ধারা। যখন তদ্রূপ কোন আইন কি ব্যবস্থা বিষয়ে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের সম্মতি হয়, তখন তিনি তাহার প্রকৃত নকল ভারতবর্ষের নিমিত্তে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের নিকটে পাঠাইবেন। ও শ্রীশ্রীমতী মহারাণী ভারতবর্ষের নিমিত্তে হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের দ্বারা তদ্বিষয়ে স্বীয় অসম্মতি জ্ঞাত করিতে সক্ষমা হইবেন। ও শ্রীশ্রীমতী মহারাণীকর্ত্তৃক ঐ আইন অগ্রাহ্য হইবার সম্বাদ প্রাপণের কথা শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর যে দিবসে প্রচার করেন কিম্বা আপনার কৌন্সেলের নিকটে জ্ঞাত করেন, সেই দিবসাবধি কি তৎপরে শ্রীশ্রীমতীর অগ্রাহ্য করণপ্রযুক্ত ঐ আইন ব্যর্থ ও অসিদ্ধ হইবে ইতি।

[তদ্রূপ সভাতে আইন ও ব্যবস্থা করিতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের যেপর্য্যন্ত ক্ষমতা থাকে তাহার কথা।]

২২ ধারা। পূর্ব্বোক্তমতের আইন ও ব্যবস্থা করণার্থ সভাতে হজুর কৌনসেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর এই আইনের লিখিত বিধানানুসারে এই২ বিষয়ের আইন ও ব্যবস্থা করিতে সক্ষম হইবেন, অর্থাৎ ভারতবর্ষীয় যে সকল দেশ এখন শ্রীশ্রীমতী মহারাণীর অধিকারে আছে তাহার মধ্যে যে কোন আইন কি ব্যবস্থা এক্ষণে প্রচলিত আছে কি উত্তরকালে হয় তাহা রহিত কি সংশোধন কি পরিবর্ত্তন করণের আইন ও ব্যবস্থা—ও উক্ত দেশের অন্তঃপাতি ব্রিটনীয় কি এই দেশীয় কি বিদেশীয় কি অন্য প্রকারের সকল ব্যক্তির নিমিত্তে, ও সকল প্রকারের আদালতের নিমিত্তে, ও সকল প্রকারের স্থানের ও বিষয়ের নিমিত্তে, ও শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে অধিবদ্ধ রাজার দেশে ও অন্য অধিকারে ভারতবর্ষের গবর্ণমেণ্টের যে সকল কার্য্যকারক

India within the Dominions of Princes and States in Alliance with Her Majesty; and the Laws and Regulations so to be made by the Governor General in Council shall control and supersede any Laws and Regulations in anywise repugnant thereto which shall have been made prior thereto by the Governors of the Presidencies of *Fort Saint George* and *Bombay* respectively in Council, or the Governor or Lieutenant Governor in Council of any Presidency or other Territory for which a Council may be appointed, with Power to make Laws and Regulations, under and by virtue of this Act: Provided always, that the said Governor General in Council shall not have the Power of making any Laws or Regulations which shall repeal or in any way affect any of the Provisions of this Act:

Or any of the Provisions of the Acts of the Third and Fourth Years of King *William* the Fourth, Chapter Eighty-five, and of the Sixteenth and Seventeenth years of Her Majesty, Chapter Ninety-five, and of the Seventeenth and Eighteenth Years of Her Majesty, Chapter Seventy-seven, which after the passing of this Act shall remain in force:

Or any Provisions of the Act of the Twenty-first and Twenty-second Years of Her Majesty, Chapter one hundred and six, entitled *An Act for the better Government of* India; or of the Act of the Twenty-second and Twenty-third Years of Her Majesty, Chapter Forty-one, to amend the same:

Or of any Act enabling the Secretary of State in Council to raise Money in the United Kingdom for the Government of *India*:

Or of the Acts for punishing Mutiny and Desertion in Her Majesty's Army or in Her Majesty's *Indian* Forces respectively; but subject to the provision contained in the Act of the Third and Fourth Years of King *William* the Fourth, Chapter Eighty-five Section Seventy-three respecting the *Indian* Articles of War:

Or any Provisions of any Act passed in this present Session of Parliament, or hereafter to be passed, in any wise affecting Her Majesty's *Indian* Territories, or the Inhabitants thereof:

Or which may affect the Authority of Parliament, or the Constitution and Rights of the *East India* Company, or any Part of the unwritten Laws or Constitution of the United Kingdom of *Great Britain* and *Ireland*, whereon may depend in any Degree the Allegiance of any Person to the Crown of the United Kingdom, or the Sovereignty or Dominion of the Crown over any Part of the said Territories.

[Governor General may make Ordinances having Force of Law in Cases of urgent Necessity.]

23. Notwithstanding anything in this Act contained, it shall be lawful for the Governor General,

থাকেন তাঁহারদের নিমিত্তে আইন ও ব্যবস্থা করিতে পারিবেন। এবং হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর উক্ত প্রকারের যে সকল আইন ও ব্যবস্থা করেন মান্দ্রাজ ও বোম্বাই প্রসীডেন্সীর হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর সাহেব, কিম্বা অন্য যে কোন প্রসীডেন্সীতে কি দেশে এই আইনঅনুসারে ও এই আইনের শক্তিক্রমে আইন ও ব্যবস্থা করণের ক্ষমতাপন্ন কৌন্সেল নিযুক্ত হন তাহাতে হজুর কৌন্সেলে গবরনর সাহেব কি লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহার অসঙ্গত যে কোন আইন ও ব্যবস্থা পূর্ব্বে করিয়া থাকেন তাহা উক্ত গবরনর জেনেরেল বাহাদুরের কৃত উক্ত আইন দ্বারা নিবর্ত্ত ও অসিদ্ধ হইবে। পরন্তু এই আইনের কোন বিধান —

অথবা চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের আইনের ৮৫ অধ্যায়ের এবং শ্রীশ্রীমতী মহারাণীর ষোড়শ ও সপ্তদশ বৎসরের ২৫ অধ্যায়ের ও শ্রীশ্রীমতী মহারাণীর সপ্তদশ ও অষ্টাদশ বৎসরের আইনের ৭৭ অধ্যায়ের যে সকল বিধান এই আইন প্রচলিত হইবার পরে প্রবল থাকে তাহার কোন বিধান —

অথবা ভারতবর্ষের সুশাসনের আইন নামে শ্রীশ্রীমতী মহারাণীর এক বিংশ ও দ্বাবিংশ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ের কিম্বা তাহার সংশোধনার্থে শ্রীশ্রীমতী মহারাণীর দ্বাবিংশ ও ত্রয়োবিংশ বৎসরের আইনের ৪১ অধ্যায়ের কোন বিধান —

অথবা ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিমিত্তে গ্রেট ব্রিটন ও ঐর্লাণ্ড সংযুক্ত রাজ্যে টাকা উৎপন্ন করণার্থ হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের প্রতি ক্ষমতা দানের কোন আইনের কোন বিধান,—

অথবা ভারতবর্ষের যুদ্ধসম্পর্কীয় আইনের বিষয়ি চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের আইনের ৫৮ অধ্যায়ের ৭৩ ধারার বিধান প্রবল রাখিয়া শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদলের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় সৈন্যদলের রাজবিদ্রোহ কর্ম্মের ও পলায়ন করণের দণ্ড করণার্থ আইনের বিধান—

অথবা শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় দেশ কি তদ্বিবাসিলোকের প্রতি যাহা কোন প্রকারে বর্ত্তে এমত যে কোন আইন পার্লিমেণ্টের বর্ত্তমান সভাতে প্রচলিত করা যায় কিম্বা পরে প্রচলিত হইবে তাহার কোন বিধান যাহাতে রহিত হয় কি তাহার কোনমতে ক্ষতিবৃদ্ধি হয়,—

অথবা গ্রেট ব্রিটন ও ঐর্লাণ্ড সংযুক্ত রাজ্যের মহারাণীর প্রতি কোন লোকের বাধ্যতার অথবা পূর্ব্বোক্ত দেশের কোন অংশের উপর মহারাণীর রাজত্বের কি অধিকারিত্বের সঙ্গে যাহার কোন প্রকারের সম্পর্ক থাকে পার্লিমেণ্টের এমত ক্ষমতা অথবা কোম্পানি বাহাদুরের সংস্থাপন ও অধিকার কিম্বা উক্ত সংযুক্ত রাজ্যের অলিখিত আইনের কি স্থাপনাদি নিয়মের ব্যবস্থার কোন অংশের যাহাতে ক্ষতি বৃদ্ধি হয়, এমত কোন আইন কি ব্যবস্থা করিতে হজুর কৌন্সেলে উক্ত শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবে না ইতি।

[অত্যাবশ্যক স্থলে আইনের তুল্য বলবৎ বিধানকরিতে গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতার কথা।]

২৩ ধারা। এই আইনেতে প্রকারান্তরের কোন কথা থাকিলেও শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর অতি আব-

in Cases of Emergency, to make and promulgate from Time to Time Ordinances for the Peace and good Government of the said Territories or of any Part thereof, subject however to the Restrictions contained in the last preceding Section; and every such Ordinance shall have like Force of Law with a Law or Regulation made by the Governor General in Council, as by this Act provided, for the Space of not more than Six Months from its Promulgation, unless the Disallowance of such Ordinance by Her Majesty shall be earlier signified to the Governor General by the Secretary of State for *India* in Council, or unless such Ordinance shall be controlled or superseded by some Law or Regulation made by the Governor General in Council at a Meeting for the purpose of making Laws and Regulations as by this Act provided.

[No Law, &c., invalid by reason of it affecting any Prerogative of the Crown.]

24. No Law or Regulation made by the Governor General in Council (subject to the Power of Disallowance by the Crown, as hereinbefore provided,) shall be deemed invalid by reason only that it affects the Prerogative of the Crown.

[Laws made for the Non-Regulation Provinces declared valid.]

25. Whereas Doubts have been entertained whether the Governor General of *India*, or the Governor General of *India* in Council, had the Power of making Rules, Laws, and Regulations for the Territories known from Time to Time as "Non-Regulation Provinces," except at Meetings for making Laws and Regulations in conformity with the Provisions of the said Acts of the Third and Fourth Years of King *William* the Fourth, Chapter Eighty five, and of the Sixteenth and Seventeenth Years of Her Majesty, Chapter Ninety-five, and whether the Governor, or Governor in Council, or Lieutenant Governor of any Presidency or Part of *India*, had such Power in respect of any such Territories: Be it enacted, that no Rule, Law, or Regulation which prior to the passing of this Act shall have been made by the Governor General, or Governor General in Council, or by any other of the Authorities aforesaid, for and in respect of any such Non-Regulation Province, shall be deemed invalid only by reason of the same not having been made in conformity with the Provisions of the said Acts, or of any other Act of Parliament respecting the Constitution and Powers of the Council of *India* or of the Governor General, or respecting the Powers of such Governors, or Governors in Council, or Lieutenant Governors as aforesaid.

[Provision for Leave of Absence to an ordinary Member of Council.]

26. It shall be lawful for the Governor General in Council, or Governor in Council of either of the Presidencies, as the Case may be, to grant to an ordinary Member of Council Leave of Absence,

শ্যক স্থলে ইহার পূর্ব্বের ধারায় লিখিত নিষেধ মানিয়া উক্ত দেশের কি তাহার কোন অংশের শান্তি ও সুশাসনজনক বিধান সময়ে২ করিয়া প্রচার করিতে পারিবেন। ও তদ্রূপ প্রত্যেক বিধান প্রচার হইবার সময়াবধি ছয় মাসের অনধিক কালপর্য্যন্ত এই আইনের নির্দ্দিষ্টমতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের কৃত কোন আইন কি ব্যবস্থার তুল্য বলবৎ হইবে। কিন্তু যদি ঐ কালাতীত হওনের পূর্ব্বে শ্রীশ্রীমতী মহারাণীর ঐ বিধানবিষয়ে স্বীয় অসম্মতি হজুর কৌন্সেলে ভারতবর্ষের নিমিত্তে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের দ্বারা শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরকে জ্ঞাত করেন, অথবা যদি এই আইনের বিধানানুযায়ি আইন ও ব্যবস্থা করণার্থ সভাতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের কৃত কোন আইন কি ব্যবস্থা দ্বারা এ বিধান নিবর্ত্ত কি ব্যর্থ করা যায়, তবে তাহা তৎকালে স্থগিত হইবে ইতি।

[শ্রীশ্রীমতীর স্বকীয় কোন স্বত্বাদির ব্যাঘাত প্রযুক্ত আইন অসিদ্ধ না হইবার কথা।]

২৪ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে আইন কি ব্যবস্থা করেন তদ্দ্বারা শ্রীশ্রীমতীর স্বকীয় কোন বিশেষ স্বত্বাদির ব্যাঘাত হয় কেবল এই প্রযুক্ত তাহা অসিদ্ধ জ্ঞান হইবেক না। কিন্তু পূর্ব্ব লিখিত বিধানমতে শ্রীশ্রীমতীর ঐ আইন কি ব্যবস্থা অগ্রাহ্য করিবার ক্ষমতা থাকিবে ইতি।

[আইন বহির্ভূত প্রদেশের নিমিত্তে যে আইন করা যায় তাহা সিদ্ধ হইবার কথা।]

২৫ ধারা। আইন বহির্ভূত প্রদেশ বলিয়া সময়ে২ যে দেশ জানা যায়, তাহার নিমিত্তে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের ৮৫ অধ্যায়ের, ও শ্রীশ্রীমতী মহারাণীর ষোড়শ ও সপ্তদশ বৎসরের ৯৫ অধ্যায়ের পূর্ব্বোক্ত আইনের বিধানানুসারে আইন ও ব্যবস্থা করণার্থ সভা না করিয়া কোন বিধি কি আইন কি ব্যবস্থা করিতে ক্ষমতাপন্ন হন কি না ও ভারতবর্ষের কোন প্রসীডেন্সীর কি কোন অংশের গবরনর সাহেব কি হজুর কৌন্সেলে গবরনর সাহেব কি লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তদ্রূপ কোন দেশের বিষয়ে উক্ত প্রকারের ক্ষমতাপন্ন হন কি না, এতদ্বিষয়ে সন্দেহ হওয়াতে এই বিধান হউক। আইনবহির্ভূত উক্ত প্রকারের কোন প্রদেশের নিমিত্তে ও তৎসম্পর্কে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা পূর্ব্বোক্ত অন্য কোন কার্য্যকারক সাহেবেরা যে কোন বিধি কি আইন কি ব্যবস্থা এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে করিয়া থাকেন, তাহা পূর্ব্বোক্ত আইনের, কিম্বা ভারতবর্ষের কৌনসেলের কি গবরনর জেনরল বাহাদুরের স্থাপনাদি নিয়ম ও ক্ষমতা ও ক্ষমতাবিষয়ি, কিম্বা পূর্ব্বোক্ত গবরনর সাহেবেরদের কি হজুর কৌনসেলে গবরনর সাহেবেরদের কি লেপ্টেনেণ্ট গবরনর সাহেবেরদের ক্ষমতার বিষয়ি পার্লিমেণ্টের অন্য কোন আক্টের বিধানানুযায়ি করা যায় নাই কেবল এই হেতুতে অসিদ্ধ হইবেক না ইতি।

[কৌনসেলের স্থায়ি মেম্বরের ছুটীর বিধান।]

২৬ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর, অথবা স্বপ্রসিডেন্সীর হজুর কৌনসেলে শ্রীযুত গবরনর সাহেব, কৌনসেলের কোন স্থায়ি মেম্বর সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের অনধিক কাল ছুটী দিতে পারি-

under Medical Certificate, for a Period not exceeding Six Months; and such Member, during his Absence, shall retain his Office, and shall, on his Return and Resumption of his Duties, receive Half his Salary for the Period of such Absence, but if his Absence shall exceed Six Months, his Office shall be vacated.

[Power of making temporary Appointments of Members of Council by Governor General or Governor of a Presidency.]

27. If any vacancy shall happen in the Office of an ordinary Member of the Council of the Governor General, or of the Council of either of the Presidencies, when no Person provisionally appointed to succeed thereto shall be then present on the Spot, then, and on every such Occasion, such Vacancy shall be supplied by the appointment of the Governor General in Council, or the Governor in Council, as the Case may be; and until a Successor shall arrive the Person so nominated shall execute the Office to which he shall have been appointed, and shall have all the Powers thereof, and shall have and be entitled to the Salary and other Emoluments and Advantages appertaining to the said Office during his Continuance therein, every such temporary Member of Council foregoing all Salaries and Allowances by him held and enjoyed at the Time of his being appointed to such Office; and if any ordinary Member of the Council of the Governor General, or of the Council of either of the Presidencies, shall, by any Infirmity or otherwise, be rendered incapable of acting or of attending to act as such, or if any such Member shall be absent on Leave, and if any Person shall have been provisionally appointed as aforesaid, then the Place of such Member absent or unable to attend shall be supplied by such Person; and if no Person provisionally appointed to succeed to the Office shall be then on the Spot, the Governor General in Council, or Governor in Council, as the Case may be, shall appoint some Person to be a temporary Member of Council, and, until the Return of the Member so absent or unable to attend, the Person so provisionally appointed by the Secretary of State in Council, or so appointed by the Governor General in Council, or Governor in Council, as the Case may be, shall execute the Office to which he shall have been appointed, and shall have all the powers thereof, and shall receive Half the Salary of the Member of Council whose Place he supplies, and also Half the Salary of his Office under the Government of *India*, or the Government of either of the Presidencies, as the Case may be, if he hold any such Office, the remaining Half of such last-named Salary being at the disposal of the Government of *India*, or other Government as aforesaid: Provided always, that no Person shall be appointed a temporary Member of the said Council who might not have been appointed as hereinbefore provided to fill the Vacancy supplied by such temporary Appointment.

বেন, ও সেই মেম্বর সাহেবের অনুপস্থিত কালেও তিনি সেই পদস্থ থাকিবেন, ও প্রত্যাগমন করিয়া আপনার কর্ম্ম পুনর্গ্রহণ করিলে তাঁহার সেই অনুপস্থিত কালের অর্দ্ধেক বেতন পাইবেন, কিন্তু যদি ছয় মাসের অধিক কাল অনুপস্থিত থাকেন, তবে তাঁহার পদ শূন্য হইবেক ইতি।

[কৌন্সেলের মেম্বরের কর্ম্ম কিয়ৎ কালের নিমিত্তে নির্ব্বাহের নিয়ম করিতে গবর্ণর জেনরল বাহাদুরের কি প্রসীডেন্সীর গবর্ণর সাহেবের ক্ষমতার কথা।]

২৭ ধারা। যদি গবর্ণর জেনরল বাহাদুরের কৌন্সেলের কিম্বা কোন প্রসীডেন্সীর কৌন্সেলের স্থায়ি মেম্বরের পদ কোন সময়ে শূন্য হয়, তবে ঐ পদ প্রাপণার্থে পূর্ব্বের মনোনীত কোন ব্যক্তি তৎকালে তৎস্থানে বর্ত্তমান নহেন এমত প্রত্যেক স্থলে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর কিম্বা স্থল বিশেষে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর সাহেব কোন ব্যক্তিকে সেই শূন্য পদে নিযুক্ত করিবেন, ও উক্ত শূন্য পদ গ্রহণার্থ কোন ব্যক্তি যত কাল না পঁহুছেন, তত কালপর্য্যন্ত উক্ত প্রকারের মনোনীত ব্যক্তি যে পদে নিযুক্ত হইয়াছেন সেই পদের কর্ম্ম করিবেন, ও সেই পদ সম্পর্কীয় সকল ক্ষমতাপ্রাপ্ত হইবেন, ও যত কাল সেই পদে থাকেন তত কালপর্য্যন্ত ঐ পদসম্পর্কীয় বেতন ও বিশেষ ক্ষমতা পাইতে সক্ষম হইবেন, কিন্তু তাঁহার সেই পদে নিযুক্ত হওনকালে তিনি অন্য যে সকল বেতন ও উপরি টাকা পাইতেন ও ভোগ করিতেন তৎসমুদয় তাঁহার ত্যাগ করিতে হইবে। এবং যদি গবর্ণর জেনরল বাহাদুরের কৌন্সেলের কিম্বা কোন প্রসীডেন্সীর কৌন্সেলের কোন স্থায়ি মেম্বর সাহেব কোন পীড়াপ্রযুক্ত কি কারণান্তরে তৎকর্ম্ম করিতে কি তৎকর্ম্ম করণার্থে উপস্থিত হইতে অক্ষম হন, অথবা যদি তদ্রূপ কোন মেম্বর সাহেব ছুটী লইয়া অনুপস্থিত থাকেন ও যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত বিধানমতে পূর্ব্ব মনোনীত হইয়া থাকেন, তবে এ অনুপস্থিত কি উপস্থিত হওনাক্ষম মেম্বর সাহেবের কর্ম্ম ঐ মনোনীত ব্যক্তি নির্ব্বাহ করিবেন। এবং যদি সেই পদ প্রাপণার্থে পূর্ব্ব মনোনীত কোন ব্যক্তি তৎকালে তৎস্থানে না থাকেন, তবে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর কিম্বা স্থলবিশেষে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর সাহেব, কিঞ্চিৎ কালের নিমিত্তে কৌন্সেলের মেম্বর হওনার্থে কোন ব্যক্তিকে নিযুক্ত করিবেন, ও উক্ত প্রকারের অনুপস্থিত কি উপস্থিত হওনাক্ষম মেম্বর সাহেব যত কাল প্রত্যাগমন না করেন, তত কালপর্য্যন্ত হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের পূর্ব্ব মনোনীত ব্যক্তি, কিম্বা স্থলবিশেষে হজুর কৌন্সেলের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের, কিম্বা হজুর কৌন্সেলের শ্রীযুত গবর্ণর সাহেবের নিযুক্ত ব্যক্তি যে পদে নিযুক্ত হন সেই পদের কর্ম্ম নির্ব্বাহ করিবেন, ও সেই পদসম্পর্কীয় সমস্ত ক্ষমতা প্রাপ্ত হইবেন, ও কৌন্সেলের যে মেম্বর সাহেবের পরিবর্ত্তে কর্ম্ম করেন তাঁহার অর্দ্ধেক বেতন পাইবেন, এবং যদি ভারতবর্ষের গবর্ণমেণ্টের কিম্বা বিশেষমতে কোন প্রসীডেন্সীর গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্মে থাকেন, তবে সেই পদের অর্দ্ধেক বেতন পাইবেন, ও সেই শেষোক্ত বেতনের অন্য অর্দ্ধাংশ লইয়া ভারতবর্ষের গবর্ণমেণ্ট কিম্বা পূর্ব্বোক্ত অন্য গবর্ণমেণ্ট যাঁহা বিবেচনামতে করিবেন। পরন্তু উক্ত শূন্যপদে কিঞ্চিৎ কালের নিমিত্তে নিযুক্ত হইবার যে বিধি পূর্ব্বে হইয়াছে সেই বিধিমতে যিনি নিযুক্ত হইবার অযোগ্য হন এমত কোন ব্যক্তি উক্ত কৌন্সেলের মেম্বরী পদে কিঞ্চিৎ কালের নিমিত্তেও নিযুক্ত হইবেন না ইতি।

[Power to Governors of Fort Saint George and Bombay to make Rules for the Conduct of Business.]

28. It shall be lawful for the Governors of the Presidencies of *Fort Saint George* and *Bombay* respectively from Time to Time to make Rules and Orders for the Conduct of Business in their Councils, and any Order made or Act done in accordance with such Directions (except as hereinafter provided respecting Laws and Regulations) shall be deemed to be the Order or Act of the Governor in Council.

[কার্য্য চলিবার বিধি করিতে মান্দ্রাজের ও বোম্বায়ের গবর্নর্ সাহেবেরদের ক্ষমতার কথা।]

২৮ ধারা। মান্দ্রাজ ও বোম্বাই প্রসীডেন্সীর গবর্নর্ সাহেবেরা সময়ে২ আপন২ কৌন্সেলের কার্য্য নির্ব্বাহের বিধি ও আজ্ঞা করিতে পারিবেন, এবং (আইন ও ব্যবস্থা বিষয়ি পশ্চাৎ লিখিত বিধানভিন্ন) উক্ত আদেশানুসারে যে কোন আজ্ঞা কি ক্রিয়া করা যায় তাহা হজুর কৌন্সেলে উক্ত গবর্নর্ সাহেবের আজ্ঞা কি ক্রিয়া জ্ঞান হইবেক ইতি।

[Power to summon additional Members to the Council of Fort Saint George and Bombay for the Purpose of making Laws and Regulations.]

29. For the better Exercise of the Power of making Laws and Regulations hereinafter vested in the Governors of the said Presidencies in Council respectively, each of the said Governors shall, in addition to the Members whereof his Council now by Law consists, or may consist, termed herein ordinary Members, nominate to be additional Members the Advocate General of the Presidency, or Officer acting in that Capacity, and such other Persons, not less than Four nor more than Eight in Number, as to him may seem expedient, to be Members of Council, for the Purpose of making Laws and Regulations only, and such Members shall not be entitled to sit or vote at any Meeting of Council, except at Meetings held for such Purpose; provided that not less than Half of the Persons so nominated shall be non-official Persons, as hereinbefore described, and that the Seat in Council of any non-official Member accepting Office under the Crown in *India* shall be vacated on such Acceptance.

[আইন ও ব্যবস্থা করণার্থে অতিরিক্ত মেম্বরদিগকে মান্দ্রাজের ও বোম্বায়ের কৌন্সেলে আহ্বান করিবার ক্ষমতার কথা।]

২৯ ধারা। উক্ত দুই প্রসীডেন্সীর হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ সাহেবেরদের প্রতি আইন ও ব্যবস্থা করণের যে ক্ষমতা পশ্চাৎ লিখিত বিধিমতে অর্পিত হইতেছে, সেই ক্ষমতামতে তাঁহারদের আরো উত্তমরূপে কার্য্য করণার্থে উক্ত প্রত্যেক জন গবর্নর্ সাহেবের কৌন্সেলের মধ্যে স্থায়ি মেম্বর বলিয়া যত জন মেম্বর এক্ষণে আইনমতে থাকেন কি থাকিবেন তাঁহারদের অতিরিক্ত উক্ত গবর্নর্ সাহেব ঐ প্রসীডেন্সীর আডবোকেট জেনরল সাহেবকে কিম্বা যে সাহেব ঐ পদের কর্ম্ম করেন তাঁহাকে অতিরিক্ত মেম্বর স্বরূপে নিযুক্ত করিবেন, এবং চারি জনের অন্যূন ও আট জনের অনধিক অন্য যত ব্যক্তিকে নিযুক্ত করা বিহিত বোধ করেন তাঁহারদিগকে কেবল আইন ও ব্যবস্থা করণার্থে কৌন্সেলের মেম্বরস্বরূপে নিযুক্ত করিতে পারিবেন, এবং ঐ মেম্বরেরা ঐ কার্য্যার্থ সভাভিন্ন কৌন্সেলের কোন সভাতে উপবিষ্ট হইতে কি মত জ্ঞাপন করিতে ক্ষমতাপন্ন হইবেন না। পরন্তু উক্ত প্রকারের মনোনীত ব্যক্তিরদের মধ্যে অন্যূন অর্দ্ধাংশ ব্যক্তি পূর্ব্বের নির্দ্দিষ্টমতে রাজকীয় কর্ম্মকারকভিন্ন ব্যক্তি হইবেন এবং রাজকীয় কর্ম্মকারকভিন্ন কোন মেম্বর যদি ভারতবর্ষে শ্রীশ্রীমতীর অধীন কোন পদ গ্রহণ করেন, তবে তাহা গ্রহণ করাতে কৌন্সেলে তাঁহার ঐ পদ শূন্য হইবে ইতি।

[Additional Members to be appointed for Two Years.]

30. Every additional Member of Council so nominated shall be summoned to all Meetings held for the Purpose of making Laws and Regulations for the Term of Two Years from the Date of such Nomination.

[অতিরিক্ত মেম্বরদিগের দুই বৎসরপর্য্যন্ত নিযুক্ত থাকিবার কথা।]

৩০ ধারা। কৌন্সেলের উক্ত প্রকারের নিযুক্ত অতিরিক্ত প্রত্যেক জন মেম্বর তদ্রূপে নিযুক্ত হইবার তারিখ অবধি দুই বৎসরপর্য্যন্ত আইন ও ব্যবস্থা করণার্থ সকল সভাতে আহূত হইবেন ইতি।

[Resignation of additional Members.]

31. It shall be lawful for any such additional Member of Council to resign his Office to the Governor of the Presidency; and on Acceptance of such Resignation by the Governor of the Presidency such Office shall become vacant.

[অতিরিক্ত মেম্বরেরদের পদ ত্যাগ করিবার কথা।]

৩১ ধারা। কৌন্সেলের উক্ত প্রকারের অতিরিক্ত কোন মেম্বর স্বীয় পদ ত্যাগ করণেচ্ছুক হইলে, সেই কথা প্রসীডেন্সীর গবর্নর্ সাহেবকে জ্ঞাত করিতে পারিবেন এবং ঐ প্রসীডেন্সীর গবর্নর্ সাহেব ঐ পদ ত্যাগের কথা গ্রাহ্য করিলে ঐ পদ শূন্য হইবেক ইতি।

[Power to fill up Vacancy in the Number of additional Members.]

32. On the event of a Vacancy occurring by the Death, Acceptance of Office, or Resignation accepted in manner aforesaid, of any such additional Member of Council, it shall be lawful for the Governor of the Presidency to summon any Person as additional Member of Council in his place, who shall exercise the same Functions until the Termination of the Term for which the additional Member so dying, accepting Office, or resigning was nominated: Provided always, it shall not be lawful for

[অতিরিক্ত মেম্বরেরদের সংখ্যা পূরণার্থে শূন্য পদে ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।]

৩২ ধারা। কৌন্সেলে উক্ত প্রকারের অতিরিক্ত কোন মেম্বরের লোকান্তর্গত হওয়াতে কি রাজকীয় কর্ম্ম গ্রহণ করাতে কিম্বা পূর্ব্বোক্তমতে তাঁহার পদত্যাগ গ্রাহ্য হওয়াতে কোন পদ শূন্য হইলে, প্রসীডেন্সীর গবর্নর্ সাহেব তাঁহার স্থানে কৌন্সেলের অতিরিক্ত মেম্বরস্বরূপে কোন ব্যক্তিকে আহ্বান করিতে পারিবেন, ও তিনি সেই লোকান্তর্গত কি রাজকীয় কর্ম্ম গ্রাহক কি পদ ত্যাগী ঐ অতিরিক্ত মেম্বরের নিযুক্ত থাকনের অবশিষ্ট কালপর্য্যন্ত ঐ পদের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। পরন্তু উক্ত প্রকারের নিয়োগক্রমে রাজকীয় কর্ম্মকারক

him by such Nomination to diminish the Proportion of non-official Members hereinbefore directed to be nominated.

[No Law to be invalid by reason of Incompleteness of Number of non-official Members.]

33. No law or Regulation made by any such Governor in Council in accordance with the Provisions of this Act shall be deemed invalid by reason only that the Proportion of non-official additional Members hereby established was not complete at the Date of its Introduction to the Council or its Enactment.

[Senior Civil ordinary Member of Council to preside in Absence of Governor of Presidency.]

34. At any Meeting of the Council of either of the said Presidencies from which the Governor shall be absent, the senior Civil ordinary Member of Council present shall preside; and the power of making Laws and Regulations hereby vested in such Governor in Council shall be exercised only at Meetings of such Council at which the Governor or some ordinary Member of Council, and Four or more Members of Council (including under the Term Members of Council such additional Members as aforesaid), shall be present; and in any Case of Difference of Opinion at Meetings of any such Council for making Laws and Regulations, where there shall be an Equality of Voices, the Governor, or in his Absence the senior Member then presiding, shall have Two Votes or the Casting Vote.

[Governor General to fix First Meeting of Councils of Presidencies for making Laws and Regulations.]

35. The Governor General in Council shall, as soon as conveniently may be, appoint the Time for the first Meeting of the Councils of *Fort Saint George* and *Bombay* respectively, for the Purpose of making Laws and Regulations under this Act, and the Governors of the said Presidencies respectively shall summon to such Meeting as well the additional Councillors appointed by and under this Act as the ordinary Members of the said Councils.

[Governors of Presidencies to appoint subsequent Meetings, and adjourn them.]

36. It shall be lawful for every such Governor to appoint all subsequent Times and Places of Meeting of his Council for the Purpose of making Laws and Regulations under the Provisions of this Act, and to adjourn or from Time to Time to authorize such senior ordinary Member of Council in his Absence to adjourn any Meeting for making Laws and Regulations from Time to Time and from Place to Place.

[Governors to make Rules and Orders for Conduct of Business at such Meetings.]

37. Previously to the First of such Meetings of

ভিন্ন যত মেম্বরকে নিযুক্ত হইবার বিধান পূর্ব্বে হইয়াছে তাঁহারদের সংখ্যা উক্ত গবরনর সাহেব ন্যূন করিতে পারিবেন না ইতি।

[রাজকীয় কার্য্যকারকভিন্ন মেম্বরেরদের সংখ্যা পূর্ণ না হওয়াপ্রযুক্ত কোন আইন অসিদ্ধ না হইবার কথা।]

৩৩ ধারা। হজুর কৌন্সেলে উক্ত প্রকারের কোন গবরনর সাহেব যে কোন আইন কি ব্যবস্থা এই আইনের বিধানানুসারে করেন, তাহা যে দিবসে কৌন্সেলে উপস্থিত করা যায় কি যে দিবসে বিধানস্বরূপ নির্দ্ধারিত হয় সেই দিবসে রাজকীয় কার্য্যকারক ভিন্ন যে মেম্বরেরা থাকেন তাঁহারদের সংখ্যা পূর্ণ ছিল না, কেবল এই হেতুতে অসিদ্ধ হইবে না ইতি।

[প্রসীডেনসীর গবরনর সাহেবের অনুপস্থিতকালে, কৌন্সেলের প্রধান সিবিল স্থায়ি মেম্বরের অধিপতি হইবার কথা।]

৩৪ ধারা। উক্ত কোন প্রসীডেনসীর কৌন্সেলের কোন সভাতে যদি গবরনর সাহেব উপস্থিত না থাকেন তবে কৌন্সেলের প্রধান সিবিল স্থায়ি যে মেম্বর সাহেব উপস্থিত থাকেন তিনি অধিপতি হইবেন। ও আইন ও ব্যবস্থা করণের যে ক্ষমতা এই আইনের দ্বারা হজুর কৌন্সেলে তদ্রূপ গবরনর সাহেবেরপ্রতি অর্পিত হয়, ঐ কৌন্সেলের সভাতে ঐ গবরনর সাহেব কিম্বা কৌন্সেলের কোন স্থায়ি মেম্বর সাহেব, ও কৌন্সেলের চারি কি ততোধিক জন মেম্বর বিদ্যমান না থাকিলে, সেই ক্ষমতামতে কার্য্য হইতে পারিবেক না। এই স্থলে কৌন্সেলের মেম্বর এই কথার মধ্যে পূর্ব্বোক্ত অতিরিক্ত মেম্বরও গণ্য হন। ও আইন ও ব্যবস্থা করণার্থ তদ্রূপ কোন কৌন্সেলের সভাগত ব্যক্তিরদের যদি মতের অনৈক্য হয়, ও এক মতের যত জন, বিপক্ষ মতেরও যদি তত জন থাকেন, তবে গবরনর সাহেবের, অথবা তাঁহার অনুপস্থানে প্রধান যে মেম্বর সাহেব তৎকালে অধিপতি হন তাঁহার মত দুই জনের মতের তুল্য হইবে, অর্থাৎ তাঁহার মত প্রবল হইবে ইতি।

[আইন ও ব্যবস্থা করণার্থে প্রসীডেনসীর কৌন্সেলের প্রথম সভা করিবার দিন শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নির্দ্ধার্য্য করিবার কথা।]

৩৫ ধারা। এই আইনঅনুসারে আইন ও ব্যবস্থা করণার্থে ফোর্ট সেণ্ট জর্জের ও বোম্বাইয়ের কৌন্সেলের প্রথমসভা যে সময়ে হইবে তাহা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সাধ্যমতে অগ্রে নির্দ্ধার্য্য করিবেন। ও উক্ত দুই প্রসীডেনসীর গবরনর সাহেবেরা সেই২ সভাতে উক্ত কৌন্সেলের স্থায়ি মেম্বর সাহেবদিগকে যেমন আহ্বান করিবেন তেমনি এই আইনক্রমে ও এই আইনানুসারে নিযুক্ত অতিরিক্ত মন্ত্রিগণকে আহ্বান করিবেন ইতি।

তৎপরের সভা প্রসীডেনসীর গবরনর সাহেবেরদের নির্দ্ধার্য্য করণের ও সভার কার্য্য স্থগিত রাখণের কথা।]

৩৬ ধারা। তৎপরে উক্ত প্রত্যেক গবরনর সাহেব এই আইনের বিধানমতে আইন ও ব্যবস্থা করণাভিপ্রায়ে আপনং কৌন্সেলের সভা করণের সকল সময় ও স্থান নিরূপণ করিতে ও সেই সভার কার্য্য স্থগিত করিয়া তাহার অন্য সময় নিরূপণ করিতে সক্ষম হইবেন। ও আপনার অনুপস্থানে কৌন্সেলে উক্ত প্রধান সাধারণ স্থায়ি সাহেবকে আইন ও ব্যবস্থা করণের কোন সভার কার্য্য স্থগিত করিয়া তাহার অন্য সময় ও স্থান নির্দ্ধার্য্য করিবার ক্ষমতা সময়ে২ দিতে সক্ষম হইবেন ইতি।

[তদ্রূপ সভাতে কার্য্য চলিবার বিধি ও আজ্ঞা গবরনর সাহেবেরদের করিবার কথা।]

৩৭ ধারা। এই আইনের বিধানানুসারে আইন ও

